CMYK

ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 19 Augest, 2023 ■ আগরতলা ১৯ আগষ্ট ২০২৩ ইং ■ ১ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা







ইন্ডিয়ান একাডেমি অফ পেডিয়েট্রিক্সর

## বিশেষ সম্মানে ভূষিত রাজ্যের বিশিষ্ট শিশু চিকিৎসক ডা. বিকাশ রায়

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ আগষ্ট।।** শিশু চিকিৎসকদের সর্বোচ্চ সংস্থা ইন্ডিয়ান একাডেমি অফ পেডিয়েট্রিক্স এর বিশেষ সম্মানে ভূষিত হলেন রাজ্যের বিশিষ্ট শিশু চিকিৎসক ডঃ বিকাশ রায়। স্বাধীনতার ৭৫



তম বর্ষপূর্তিতে এসে চিকিৎসা ক্ষেত্রে এবং সমাজে বিশেষ অবদানের জন্য তার কর্মযজ্ঞকে স্বীকৃতি দিল ইন্ডিয়ান একাডেমি অফ পেডিয়েট্রিক্স। জীবনের ৮৫ তম বর্ষে এসে এই স্বীকৃতি পেয়ে আপ্লুত ডঃ বিকাশ রায়। তিনি বলেন জীবনে কয়েক লক্ষ শিশুর চিকিৎসা করেছি হাসপাতালের ভেতরে ও বাইরে। এছাড়াও পথশিশু, পরিত্যক্ত শিশু,শিশুশ্রমিক তাদের প্রত্যেকের শারীরিক এবং মানসিক বিকাশ নিয়ে বহু কাজ করেছি। তার ফলশ্রুতি হিসেবে বহু পুরস্কারও পেয়েছি। তিনি জানান আমৃত্যু তিনি এভাবেই শিশুদের চিকিৎসার কাজে নিজেকে নিয়োজিত করে রাখতে চান।

উল্লেখ্য, ডঃ বিকাশ রায় রাজ্যের একজন বিশিষ্ট শিশু চিকিৎসক হওয়ার পাশাপাশি ১৯৯১ থেকে ৯৬ সাল পর্যন্ত আইজিএম হাসপাতালে মেডিকেল সুপার এবং ১৯৯৬ সাল থেকে ৯৮ সাল পর্যন্ত রাজ্যের স্বাস্থ্য অধিকর্তার প্রশাসনিক দায়িত্বে ছিলেন। ১৯৯৮ সালে চাকুরী থেকে অবসর নেবার পর তিনি পুরো দমে শিশু কল্যাণে নিজেকে নিয়োজিত করেছেন। শিশুদের শারীরিক এবং মানসিক সঠিক বিকাশের জন্য একাধিক বই লিখেছেন তিনি। দীর্ঘ কুড়ি বছর রামকৃষ্ণ মিশনে অবৈতনিকভাবে কাজ করে গেছেন তিনি। তার এই কর্মদক্ষতার দরুন ২০১৫ সালে তৎকালীন রাষ্ট্রপতি প্রণব মুখার্জি কর্তৃক রাষ্ট্রপতি পুরস্কারে ভূষিত হন তিনি। পাশাপাশি তিনি ইন্ডিয়ান একাডেমি অফ পেডিয়েট্রিক্স থেকে ফেলোশিপ পেয়েছেন। এছাড়াও একজন প্রতিষ্ঠিত শিশু চিকিৎসক হিসেবে বহু সম্মান রয়েছে তার ঝুলিতে।

বীরজিৎকে প্রাণে মারার হুমকি

## জড়িতদের গ্রেপ্তার না হলে ২৪ ঘন্টা বন্ধের হুশিয়ারি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ আগষ্ট।।** ত্রিপুরা প্রদেশ কংগ্রেসর প্রাক্তন রাজ্য সভাপতি তথা বিধায়ক বিরজিৎ সিনহাকে প্রাণে মারার হুমকির পেছনে কারা জড়িত এই প্রশ্ন তুলে পুলিশের কাছে জবাব চাইলে এনএসিওয়াই রাজ্য সভাপতি সম্রাট রায়। শুক্রবার কৈলাস শহরে কংগ্রেস কার্যালয়ে বসে সাংবাদিক সম্মেলন করে এই প্রশ্নের জবাব চাইলেন তিনি। বলেন মুখ্যমন্ত্রী জিরো টলারেন্স নীতি গ্রহণ করলেও কেন স্বরাষ্ট্রমন্ত্রীর পুলিশ এ বিষয়ে ব্যবস্থা নিচ্ছেন না বলে অভিযোগ করেন তিনি। বীরজিৎ সিনহার প্রাণনাশের ঘটনার বিবরণ থানায় লিপিবদ্ধ করা সত্ত্বেও পুলিশ এখনো পর্যন্ত এই ঘটনার সঙ্গে জড়িতদের গ্রেপ্তার করতে পারেনি। তাই তিনি আরক্ষা প্রশাসনকে এ বিষয়ে ৪৮ ঘন্টার সময় বেঁধে দেন। এই সময়ের মধ্যে গ্রেপ্তার না করা হলে ২৪ ঘন্টার ত্রিপুরা বন্ধের কড়া হুশিয়ারি দিলেন সম্রাট। সাংবাদিক সম্মেলন ঞ্ছছড্ডজ্জ রাজ্য সভাপতি সম্রাট রায় ছাড়াও উপস্থিত ছিলেন ঞ্ছছড্ডজ্জ রাজ্য সম্পাদক অভিক পাল,সৌম্য কান্তি গুপ্তা সহ অন্যান্য নেতৃবৃন্দ কর্মীরা। তবে রাজনৈতিক মহলের বক্তব্য যেখানে প্রদেশ কংগ্রেস সভাপতি তথা দল এ নিয়ে কোন ধরনের প্রতিক্রিয়া ব্যক্ত না করলেও ছাত্রনেতার বন্ধের ডাক কতটা প্রভাব ফেলবে এই নিয়েও বিতর্ক দানা বাঁধছে কংগ্রেস দলের মধ্যেই।

## রাজধানীতে নেশা কারবারিদের দৌরাত্ম্য, দুই গোষ্ঠীর সংঘর্ষে আহত ৪

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ আগষ্ট।।** রাজধানীর ময়লাখলা পিস্তল মাঠ এলাকায় নেশা কারবারিদের দৌরত্ম্য ক্রমশ বেড়ে চলেছে। প্রতিনিয়ত ঘটছে একের পরে এক অপ্রীতিকর ঘটনা। বৃহস্পতিবার রাতের বেলা নেশা সংক্রান্ত বিষয়কে কেন্দ্র করে দুই গোষ্ঠীর মধ্যে বাধে ঝামেলা। এতে আহত হয় চারজন। ঘটনার বিবরণে জানা যায়, এলাকার রিপন, রসিক ও জসিমের সাথে নেশা সংক্রান্ত বিষয়ে ঝামেলা বাধে সালেম মিঞা ও বাপন মিঞার। তারপর এই বিষয় নিয়ে দুই পক্ষের মধ্যে বাকবিতণ্ডা হয় এদিন রাতের বেলা। পরবর্তী সময় সেলিম মিয়া এবং বাপন মিয়া সহ আরো দুজনকে মারধর করে অভিযুক্ত রিপন, রসিক এবং জসিম বলে অভিযোগ। এলাকাবাসী দেখতে পেয়ে খবর দেয় পুলিশকে। ঘটনার খবর পেয়ে ছুটে যায় রামনগর ফাঁড়ির পুলিশ। আহত চারজনকে উদ্ধার করে আইজিএম হাসপাতালে নিয়ে আসে পুলিশ। বর্তমানে আহতরা হাসপাতালে চিকিৎসাধীন।

☛ ৬ এর পাতায় দেখুন

## মণিপুর সহ উত্তপূর্ব রাজ্য সফরে ইয়েচুরির নেতৃত্বে ৪ সদস্যের বাম দল

**নয়াদিল্লি, ১৮ আগস্ট (হি.স.):** হিংসার আগুনে বিপর্যস্ত হয়ে যাওয়া মণিপুর পরিদর্শনে রওনা দল সিপিআই (এম)-এর এক প্রতিনিধি দল। শুক্রবার সকালে দলের সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরির নেতৃত্বে চার সদস্যের প্রতিনিধি দল মণিপুরের উদ্দেশ্যে রওনা হয়েছে। ১৮ থেকে ২০ আগস্ট পর্যন্ত মণিপুরের বিভিন্ন এলাকা পরিদর্শন করবেন সিপি আই (এম) নেতারা। এদিন সকালে সীতারাম ইয়েচুরি বলেছেন, 'আমরা মণিপুরের জনগণের সঙ্গে একাত্মতা প্রকাশ করতে যাচ্ছি এবং তাঁদের বলব ভারত আপনাদের পাশে আছে...মণিপুরের মুখ্যমন্ত্রীকে বরখাস্ত করা উচিত। শান্তি পুনরুদ্ধারের জন্য যা যা করা দরকার আমরা তা করব...রাজ্যের পরিস্থিতি বিপজ্জনক এবং দেশের ঐক্যের জন্য এটি নিয়ন্ত্রণ করা প্রয়োজন।'

ইয়েচুরি ছাড়াও ওই দলে রয়েছেন সিপিআই (এম)-এর ত্রিপুরা রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী, অসম রাজ্য সম্পাদক সুপ্রকাশ তালুকদার এবং বাংলা থেকে কেন্দ্রীয় কমিটির সদস্য দেবলীনা হেমব্রম। জিতেন্দ্র এবং দেবলীনা দু'জনেই জনজাতি সম্প্রদায়ের। চূড়াচাঁদপুর, মইরাং, ইম্ফলের বিভিন্ন এলাকায় যাবেন ইয়েচুরিরা। একাধিক আশ্রয় শিবিরও ঘুরে দেখার কথা তাঁদের। তাছাড়া একাধিক সামাজিক সংগঠন ও মণিপুরের রাজ্যপালের সঙ্গেও দেখা করার কথা সিপিআই (এম)-এর ওই প্রতিনিধি দলের।

## ধনপুর- বক্সনগর উপনির্বাচনে মনোনয়নপত্র দাখিলের সম্পন্ন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ আগষ্ট।।** আজ ধনপুর ও বক্সনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের মনোনয়ন দাখিল পর্বের কাজ সমাপ্ত। আগামীকাল হবে মনোনয়ন পরীক্ষা। আগামী ২১ তারিখ পর্যন্ত নির্ধারিত রয়েছে মনোনয়ন প্রত্যাহারের শেষ সময়সীমা। ধনপুর বিধানসভা কেন্দ্রে মোট ৫ জন ভোটপ্রার্থী মনোনয়ন দাখিল করেছেন। এর মধ্যে সি.পি.আই.এম প্রার্থী কৌশিক চন্দ গতকাল তার মনোনয়ন জমা করেছেন। আজ মনোনয়ন দাখিলের শেষ দিনে মনোনয়ন দাখিল করেছেন বি.জে.পি প্রার্থী বিন্দু দেবনাথ ,নির্দল প্রার্থী অনিল রিয়াং ,নির্দল প্রার্থী বাপ্পি দেবনাথ এবং নির্দল প্রার্থী আনিছুর রহমান। বক্সনগর কেন্দ্রে মোট ৪ জন প্রার্থী তাদের মনোনয়ন দাখিল করেছেন। গতকাল মনোনয়ন জমা করেছেন সি.পি.আই.এম প্রার্থী মিজান হোসেন। আজ মনোনয়ন জামা করেছেন বি.জে.পি প্রার্থী তফাজ্জ হোসেন। তাছাড়া ২জন নির্দল প্রার্থী মহম্মদ সেলিম ও রতন হোসেন তাদের মনোনয়ন দাখিল করেছেন বক্সনগর কেন্দ্রে। বি.জে.পি প্রার্থীদের মনোনয়ন দাখিল করাকে কেন্দ্র করে সোনামুড়া শহরে মিছিল ও সভা হয় আজ। উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী ডক্টর মানিক সাহা ,কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক ,মন্ত্রী সুশান্ত চৌধুরী ,সুধাংশু দাস, রতনলাল নাথ ,টিঙ্কু রায়,শান্তনা চাকমা,প্রাক্তন উপ-মুখ্যমন্ত্রী জিষ্ণু দেববর্মন ,প্রদেশ বি.জে.পির সভাপতি রাজীব ভট্টাচার্যী ,সাধারণ সম্পাদিকা পাপিয়া দত্ত সমেত দলের সামনের সারির বেশিরভাগ নেতৃত্ব। স্থানীয় নেতাজি চৌমুহনীতে আয়োজিত সভায় মুখ্যমন্ত্রী ভাষণ রাখতে গিয়ে তুলে ধরেন সরকারের উন্নয়নমূলক বিভিন্ন কর্মকান্ডের বিবরণ। সাধারণ মানুষের কাছে আবেদন রাখেন উন্নয়নের নিরিখেই এই ২ কেন্দ্রের উপ-নির্বাচনে বি.জে.পি প্রার্থীদের জয়যুক্ত করার জন্য। গত বিধানসভা নির্বাচনের ন্যায় এই নির্বাচনেও কংগ্রেস সি.পি.আই.এমকে সমর্থন করায় কটাক্ষ করেন মুখ্যমন্ত্রী। তাছাড়া গেলো বিধানসভা অধিবেশন চলাকালীন বিরোধী বিধায়কদের টেবিলের উপর উঠে যাওয়া, বিধানসভায় গঙ্গাজল ছেটানো ইত্যাদি বিষয় নিয়ে সরব ছিলেন মুখ্যমন্ত্রী। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক সাংবাদিকদের বলেছেন উপ-নির্বাচন হতে চলা ২ কেন্দ্রেই বিপুল ভোটের ব্যাবধানে জয়ী হবে বি.জে.পি প্রার্থীরা।

বাজারে অভিযানে নেমে

## আলু-পেঁয়াজের দাম বেশি নিলেই কঠোর ব্যবস্থা ঃ খাদ্য অধিকর্তা



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ আগষ্ট।।** বাজারে পেঁয়াজের দাম লাগাম ছাড়া। পেঁয়াজের মূল্য বৃদ্ধি নিয়ে রাজ্য সরকার ও প্রশাসনের কোনো নিয়ন্ত্রন নেই এই অভিযোগও উঠেছে। তবে এই খবর চাউর হতেই বৃহস্পতিবার থেকেই সদর মহকুমা প্রশাসন এবং খাদ্য দপ্তরের আধিকারিকরা পেঁয়াজের পাইকারি ও খুচরা ব্যবসায়ীদের সঙ্গে কথা বলতে যান। তারা জানার চেষ্টা করেন, পাইকারি পেঁয়াজের বাজারে পেঁয়াজ কত মজুত রয়েছে। বহিঃ রাজ্য থেকে কত পেঁয়াজ আনা হচ্ছে। পেঁয়াজের পাইকারি মূল্য ও খুচরা মূল্যের মধ্যে কত ফারাক আছে। ব্যবসায়ীরা প্রশাসনের কাছে এই বিষয়টিও তুলে ধরেন, মহারাষ্ট্রে বৃষ্টির ফলে নাসিকে পেঁয়াজের মূল্য বৃদ্ধি পেয়েছে। এদিকে ক্রেতা সাধারনের অভিযোগের ভিত্তিতে খোদ খাদ্য অধিকর্তা শুক্রবার মহারাজগঞ্জ বাজারে পেঁয়াজ ও আলু ব্যবসায়ীদের সঙ্গে মিলিত হন। তিনি এই বিষয়ে অবগত হন, বাজারে পেঁয়াজের কোনো সংকট নেই। এই অবস্থায় কেন পেঁয়াজের দাম এতটা বাড়বে ব্যবসায়ীদের কাছে এই প্রশ্নও রাখেন তিনি। একই সঙ্গে পাইকারি ও খুচরো দামের মধ্যে ফারাক

☛ ৬ এর পাতায় দেখুন

সমাজপতিদের কর্মশালায় মুখ্যমন্ত্রী

## সকল জাতিকেই একসঙ্গে নিয়ে কাজ করছে সরকার




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ আগষ্ট।।** রাজ্যে বিগত দিনে জনজাতিদের ভোট ব্যাঙ্ক হিসাবে ব্যবহার করা হতো। কিন্তু বর্তমান সরকার রাজ্যের জনজাতিদের সার্বিক কল্যাণে পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে। জনজাতি অংশের জনগণের প্রতি রাজ্য সরকারের এই ভাবনা-চিন্তাকে ত'নমূল স্তর পর্যন্ত পৌঁছে দেওয়ার ক্ষেত্রে বিভিন্ন জনজাতি সম্পদায়ের প্রধান সমাজপতিদের গুরু দায়িত্ব পালন করতে হবে। আজ প্র'ভবনে বিভিন্ন জনজাতি সম্পদায়ের প্রধান সমাজপতিদের নিয়ে আয়োজিত একদিনের কর্মশালার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। জনজাতি কল্যাণ দপ্তর আয়োজিত এই কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যের প্রত্যেকটি জনজাতি সম্পদায়ের ক'ষ্টি, সংস্ক'তি সহ সার্বিক উন্নয়নে সরকার আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। জনজাতি সম্পদায়ের প্রতিনিধিদেরও যথার্থ মর্যাদা দিচ্ছে রাজ্য সরকার। ত্রিপুরার উন্নয়নে রাজা-মহারাজারা যে

☛ ৬ এর পাতায় দেখুন

## পূজার প্রসাদ রান্না করতে গিয়ে আগুনে পুড়ে ছাঁই তিনটি ঘর



**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ১৮ আগষ্ট।।** মনসা পূজার প্রসাদ তৈরী করতে গিয়ে গ্যাসের আগুনে তিনটি ঘর ভস্মীভূত। ঘটনা উদয়পুর রাধাকিশোরপুর থানার অন্তর্গত উদয়পুর পুরপরিষদের ২১নং ওয়ার্ডের বিশ্বজিৎ শীল ও প্রণজিৎ শীলের বসত বাড়িতে। আজ মনসা পূজা শেষে ভক্তদের জন্য প্রসাদ তৈরির সময় গ্যাসসিলিন্ডারথেকে গ্যাস লিক হয়ে এই বিপত্তি সংঘটিত হয়। গ্যাস সিলিন্ডার থেকে নির্গত হওয়া আগুনের লেলিহান শিখা মুহূর্তে বাড়ির অন্যান্য ঘরে ছড়িয়ে পরে। ফলে বিশ্বজিৎ শীল ও প্রণজিৎ শীলের বসত ঘর তিনটি আগুনে সম্পূর্ণ ভস্মীভূত হয়। খবর পেয়েই উদয়পুর অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা দুটি ইঞ্জিন দিয়ে আগুন আয়ত্তে আনেন। অগ্নি নির্বাপক দপ্তরের কর্মীরা দ্রুত আগুন আয়ত্তে আনার ফলে বড় ধরনের বিপত্তি থেকে এলাকাবাসী রক্ষা পেলো বলে অনেকে মত প্রকাশ করেন। এই অগুন লাগার ফলে বিশ্বজিৎ

☛ ৬ এর পাতায় দেখুন

## রাজন্য প্রথা মেনে পূজিত হলেন দেবী মনসা



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ আগষ্ট।।** প্রতি বছর শ্রাবণ সংক্রান্তিতে মনসা পুজো করা হয়ে থাকে। এদিন সূর্য কর্কট রাশি ত্যাগ করে সিংহ রাশিতে প্রবেশ করে। আজ থেকেই শুরু হয়েছে ভাদ্র মাস। ১৮ অগাস্ট শুক্রবার ঘরে ঘরে শ্রদ্ধার সঙ্গে পূজিতা হচ্ছেন দেবী মনসা। বর্ষাকালে সাপের উপদ্রব বেড়ে যায়। সেই কারণে এই সময় সর্পদেবীর পুজোর প্রচলন হয়। মনসার পুজো করলে সাপের কামড় থেকে মুক্তি পাওয়া যায় বলে প্রচলিত মাটির সরায় দুধ ও কলা দিয়ে দেবী মনসাকে পুজো করা হয়। সারাদিন উপোস করে পুজো শেষে সাবু-দুধ-কলা দিয়ে মনসার পুজো সম্পন্ন করে তবে উপবাস ভাঙেন মহিলারা। সমাজে কী ভাবে এই পুজোর চালু হল, তার পেছনে পুরাণের কাহিনি প্রচলিত রয়েছে। পুরাণ অনুসারে মনসা হলেন শিবের মানসকন্যা ও জরৎকারু'র পত্নী। জরৎকারু মনসাকে প্রত্যাখ্যান করেছিলেন। মাতা পার্বতী প্রথমে তাঁকে ঘৃণা করলেও পরবর্তীকালে দেবী চণ্ডী মনসাকে

☛ ৬ এর পাতায় দেখুন




CMYK

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ৩০৬ ▫১৯ আগস্ট ২০২৩ইং ▫ ১ ভাদ্র ▫শনিবার ▫১৪৩০ বঙ্গাব্দ

## ভারতীয় মুদ্রায় জ্বালানি তেল ক্রয় করিবার উদ্যোগ ভারতের

ভারত সরকার ভারতীয় মুদ্রায় জ্বালানি তেল করিবা প্রক্রিয়া প্রক্রিয়া দিয়াছে। ডলারের ওপর নির্ভরতা কমাইবার লক্ষ্যে ভারত সরকার এই ধরনের সাহসী পদক্ষেপ গ্রহণ করিয়াছে। ইতিমধ্যেই বিশ্বের বিভিন্ন দেশ ভারতীয় মুদ্রায় লেনদেন পরিবার উদ্যোগ গ্রহণ করিয়াছে। কেননা

চিনা ঋণের ফাঁদে পড়িয়া বিপর্যস্ত বহু দেশ। আফ্রিকা থেকে শুরু করিয়া ভারতের বিভিন্ন প্রতিবেশী, সবাই পড়িয়াছে এই একই সমস্যায়। আর সেই তালিকায় রহিয়াছে শ্রীলংকাও। বিশেষজ্ঞদের মতে, শ্রীলংকার আর্থিক ভরাডুবির জন্য অনেকাংশে দায়ী চিন। এমতাবস্থায় শ্রীলংকা, ভারতের মুখাপেক্ষী হইয়া রহিয়াছে পরিস্থিতি থেকে উদ্ধার পাইতে। তারই মধ্যে খবর, এবার শ্রীলংকা তাহাদের লেনদেনের জন্য ব্যবহার করিবে ভারতীয় রুপি।বিশ্ব জুড়িয়াই ডলারের আধিপত্যের ওপর প্রশ্নচিহ্ন জুড়িয়া গিয়াছে। বহু দেশ ডলার থেকে অন্য কারেন্সিতে সরিয়া আসিতে চাইছে। সেখানে ডলারের মূখ্য প্রতিযোগী হইয়া দাঁড়াইয়াছে ভারতের রুপি এবং চিনেথ ইউয়ান। এক্ষেত্রে চিনের ঙ্গত্রত্নষ্ঠন্খদ্ম ঞ্চদ্রন্ত্বা-এর কারণে চিনকে বিশ্বের প্রায় কোনো দেশই সেভাবে বিশ্বাস করিতে না পারায় ভারতীয় রুপির কদর বাড়িয়াছে ইন্টারন্যাশনাল মার্কেটে। বহুদেশ গ্ধদ্রন্স্ঠন্দ্র এবং ঝদ্রন্স্ঠন্দ্র অ্যাকাউন্টের মাধ্যমে রুপিতে নিজেদের ব্যবসা চালাইতেছে।রুপির সাফল্যের সেই ধারাবাহিকতা বজায় রাখিয়া এবার ভারতের রুপি ব্যবহারেরর ইচ্ছে প্রকাশ করিয়াছে শ্রীলঙ্কাও। শ্রীলংকান সরকার এতদিন ভারতীয় মুদ্রার ব্যবহার করিয়া আসিলেও, এবার তাহা আরও বাড়াইবার সিদ্ধান্ত নিয়াছে। এমনকি, ভবিষ্যতে দুই দেশই অভিন্ন মুদ্রা চলার বিষয়টিও উড়াইয়া দিতেছে না কলম্বো। সেই সম্পর্কে বলিতে গিয়া প্রেসিডেন্ট রনিল বিক্রমসিঙ্ঘে বলেন, "ভবিষ্যতে অভিন্ন মুদ্রা হিসাবে ভারতীয় টাকা ব্যবহারের সম্ভাবনা আমরা খারিজ করিয়া দিতেছি না।তিনি তাহার বয়ানে বলিয়াছেন, "ভারতীয় মুদ্রার অভিন্ন ব্যবহারের প্রসঙ্গে আমাদের তরফে কোনও আপত্তি নাই।" এদিকে চলতি মাসেই রনিল বিক্রমসিঙ্ঘে ভারত সফরে আসিতে পারেন। তাহার আগে এমন বয়ানের কারণে বিষয়টিকে বেশ 'তাৎপর্যপূর্ণ' বলিয়াই মনে করিতেছেন অনেকে। তবে এই প্রথম নয়, এর আগে সেদেশের বিদেশমন্ত্রীও ডলার কমাইয়া ভারতীয় মুদ্রার ব্যবহার বাড়ানোর প্রসঙ্গ তুলিয়াছিলেন।'আসলে যেখানে চিন বিভিন্ন দেশকে ঋণের ফাঁদে ফাসাইতেছে সেখানে ভারত তাহাদের সাহায্য করিবার জন্য এগিয়ে আসিয়াছে। একটা সময় তাই চিনকে বিক্রমশালী মনে হইলেও বর্তমানে চিনা ড্রাগনের দাপট কমিয়াছে বহুখানি। দেউলিয়া শ্রীলংকাকে ৩২ হাজার কোটি টাকার আর্থিক সাহায্য দেয় ভারত। সেই নিয়া ধন্যবাদ জ্ঞাপন করিতেও ভোলেননি রনিল বিক্রমসিঙ্ঘে। আসন্ন সফরে ভারতের সাথে সহযোগিতা বাড়ানোই আসল লক্ষ্য থাকিবে তাহার।

## যমুনার জলস্তর আরও নীচে নামল, এবার পৌঁছল ২০৩.৯৭ মিটারে

নয়াদিল্লি, ১৮ আগস্ট (হি.স.): দিল্লিতে বিপদসীমার আরও নীচে নেমে গিয়েছে যমুনার জলস্তর। শুক্রবার সকাল ৭টা নাগাদ দিল্লিতে যমুনার জলস্তর নেমে ২০৩.৯২ মিটারে পৌঁছে যায়, যা বিপদসীমার অনেকটাই নীচেই। এর আগে গত বৃহস্পতিবার সকাল ৯টা নাগাদ দিল্লিতে যমুনার জলস্তর রেকর্ড করা হয়েছিল ২০৪.৪২ মিটার, শুক্রবার সকালে তা অনেকটাই কমে গিয়ে ২০৩.৯৭ মিটারে পৌঁছেছে।

উল্লেখ্য, গত মঙ্গলবার রাত দশটা নাগাদ বিপদসীমা (২০৫.৩৩) অতিক্রম করে ২০৫.৩৯ মিটারে পৌঁছে যায় যমুনার জলস্তর। হিমাচল প্রদেশ ও উত্তরাখণ্ডে প্রবল ভারী বৃষ্টিপাতের কারণেই যমুনার জলস্তর নতুন করে বৃদ্ধি পাচ্ছিল। হিমাচল ও উত্তরাখণ্ডে বৃষ্টি খানিকটা কমেছে, আর বৃষ্টি কমতেই যমুনার জলস্তরও নিম্নমুখী।

## বৃষ্টির ঘাটতি মিটেছে কিছুটা; দক্ষিণবঙ্গের আবহাওয়া মনোরমই, তাপমাত্রাও নিম্নমুখী

কলকাতা, ১৮ আগস্ট (হি.স.): বিগত ২৪ ঘন্টার বৃষ্টিতে ঘাটতি কিছুটা মিটলেও, দক্ষিণবঙ্গে এখনও বৃষ্টির ঘাটতি রয়েছেই। দক্ষিণবঙ্গে সামগ্রিকভাবে এখনও বৃষ্টির ঘাটতি ২৫ শতাংশের বেশি। সেই ঘাটতি সামান্য হলেও কিছুটা মিটেছে। এবার বৃষ্টি কমতে পারে দক্ষিণবঙ্গে, ফের চড়তে পারে তাপমাত্রার পারদ। বাড়বে আর্দ্রতার অস্বস্তি। উপকূলের দু-একটি জেলায় অবশ্য হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে।

শুক্রবার সকাল থেকেই মেঘাচ্ছন্ন ছিল কলকাতা ও লাগোয়া জেলাগুলির আকাশ। দক্ষিণ ২৪ পরগনা জেলার নানা অংশে এদিন সকালেও বৃষ্টি হয়েছে। সকাল ৯টার পর থেকে আকাশ কিছুটা পরিষ্কার হয়। দেখা মেলে সূর্যের। কলকাতায় এদিন সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিক। আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, তবে, দক্ষিণবঙ্গে আগামী কিছু দিনে বৃষ্টি কমতে পারে। উত্তরবঙ্গের জেলাগুলিতে হালকা থেকে মাঝারি বৃষ্টি চলবে।

## পাহাড় নয় সমতলেই চাষ হচ্ছে চা গাছ, কালিয়াগঞ্জে বেড়ে উঠছে চায়ের বাগান

কালিয়াগঞ্জ, ১৮ আগস্ট (হি.স.): পাহাড় নয় সমতলেই ভালোভাবে চাষ হচ্ছে চা গাছ, উত্তর দিনাজপুর জেলার কালিয়াগঞ্জে বেড়ে উঠছে চায়ের বাগান। কালিয়াগঞ্জের পঞ্চায়েত সমিতির উদ্যোগে প্রথম পরীক্ষামূলকভাবে গত দেড় বছর ধরে শুরু হয়েছে পঞ্চায়েত সমিতির চারপাশে চা চাষ। পাহাড়ি এলাকার চা এখন থেকে পাওয়া যাবে সমতলের কালিয়াগঞ্জের পঞ্চায়েত সমিতিতে। ঢালু অথবা উঁচু জমি নয় বরং সমতলে সরকারি দফতরে হচ্ছে চা চাষ।

## বুদ্ধ-অমরনাথ যাত্রাকে ঘিরে কড়া নিরাপত্তা, জম্মু থেকে রওনা পুণ্যার্থীদের প্রথম দল

জম্মু, ১৮ আগস্ট (হি.স.): জম্মু ও কাশ্মীরে ১১ দিন ব্যাপী বার্ষিক বুদ্ধ-অমরনাথ যাত্রাকে ঘিরে কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। বৃহস্পতিবার ভূমি পূজা অনুষ্ঠিত হয়। আর শুক্রবার ভোরে তীর্থ যাত্রীদের প্রথম দলটি জম্মুর ভগবতীনগর বেস ক্যাম্প থেকে রওনা দিয়েছে। এই যাত্রা চলবে চলতি মাসের শেষ পর্যন্ত।

বাবা বুদ্ধ-অমরনাথ মন্দির স্থানীয়ভাবে চাট্টানিবাবা অমরনাথ মন্দির নামে পরিচিত। প্রতিবছর বহু মানুষ এই মন্দির দর্শনে আসেন। এডিজিপি (জম্মু) মুকেশ সিং বলেছেন, 'শুক্রবার থেকে শুরু হওয়া বুদ্ধ অমরনাথ যাত্রার জন্য সমস্ত নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে। আগামী ১১ দিন চলবে এই যাত্রা। সমস্ত পুণ্যার্থীদের তাঁদের যাত্রার জন্য শুভেচ্ছা রইল।'

# জি-২০ 'এক পৃথিবী, এক পরিবার, এক ভবিষ্যত'

অশোক মুখার্জী

পহেলা ডিসেম্বর ২০২২-এ, ভারত গ্রুপ অব ২০ (জি-২০)-এর প্রেসিডেন্সি গ্রহণ করে। ১৯টি প্রধান অর্থনীতি ও ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিত্ব করে জি-২০, যা বিশ্বব্যাপী জিডিপির ৮৫ শতাংশ, বিশ্ববাণিজ্যের ৭৫ শতাংশেরও বেশি এবং বিশ্বের জনসংখ্যার প্রায় দুই-তৃতীয়াংশ নিয়ে গঠিত। ভারতের জি-২০ প্রেসিডেন্সির মূল সুর হলো 'এক পৃথিবী, এক পরিবার, এক ভবিষ্যত'যা সংস্কৃতে 'বসুধৈব কুটুম্বকম' বাক্যাংশ দিয়েও প্রকাশ করা হয়। বৈশ্বিক সমস্যাসমূহের প্রতি ভারতের সামগ্রিক পরস্পরনির্ভরশীল দৃষ্টিভঙ্গি ফলপ্রসূ ও ন্যায়সংগত বৈশ্বিক সহযোগিতার ওপর জোর দিয়ে থাকে। ৯-১০ সেপ্টেম্বর ২০২৩-এ ভারতে জি-২০ শীর্ষ সম্মেলন চলাকালীন, ভারতের ৫০টিরও বেশি শহরে ৩২টি পৃথক কর্মধারার মধ্য দিয়ে জি-২০ কর্মপরিকল্পনাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য জি-২০-এর প্রায় ২০০টি বৈঠক অনুষ্ঠিত হবে। এটি বৈশ্বিক সহযোগিতার জন্য একটি বিশাল সুযোগ প্রদান করে।

জি-২০ প্রেসিডেন্ট হিসেবে ভারত ঘোষিত ছয়টি অগ্রাধিকার হলো: জলবায়ু পরিবর্তনসহ জলবায়ু-বিষয়ক কার্যাবলি; অন্তর্ভুক্তিমূলক ও স্থিতিস্থাপক বিকাশ; টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে অগ্রগতি ত্বরান্বিতকরণ; প্রযুক্তিগত রূপান্তর ও ডিজিটাল পাবলিক ইনফ্রাস্ট্রাকচার; নারী নেতৃত্বাধীন উন্নয়ন; এবং সংশোধিত বহুপাক্ষিকতা।

বিশ্বব্যাপী সহযোগিতার ক্ষেত্রে আজকের প্রধান প্রতিবন্ধকতাসমূহ সশস্ত্র সংঘাতের প্রভাব এবং আর্থসামাজিক উন্নয়নে কোভিড-১৯ অতিমারির মতো নজিরবিহীন ব্যাঘাত থেকে উদ্ভূত। ১৭টি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসমূহ (এসডিজি) নিয়ে টেকসই উন্নয়নের এজেন্ডা ২০৩০ বৈশ্বিক আর্থসামাজিক উন্নয়নের একমাত্র সর্বজনীন কাঠামোর প্রতিনিধিত্ব করে।

জাতিসংঘের মতে, ২০১৫ সালের সেপ্টেম্বরে এজেন্ডা ২০৩০ সর্বসম্মতভাবে গৃহীত হওয়ার সময় বিশ্বব্যাপী প্রায় ৬০ মিলিয়ন মানুষ সশস্ত্র সংঘাতের শিকার হয়েছিল। ২০২২ সালের মধ্যে, এই সংখ্যাটি ব্যাপকভাবে বৃদ্ধি পেয়ে ৩২৪ মিলিয়নে পৌঁছেছে। ২০২২ সাল নাগাদ, সারা বিশ্বে প্রায় ৬৮৫ মিলিয়ন মানুষ দারিদ্র্যসীমার নিচে ছিল, যার মধ্যে প্রায় ১৫০ মিলিয়ন মূলত উন্নয়নশীল দেশগুলোতে কোভিড-১৯ অতিমারির কারণে দারিদ্র্যসীমার নিচে চলে যায়।

ফলস্বরূপ, ভারতের জি-২০ প্রেসিডেন্সির অগ্রাধিকার হলো ৩১ ডিসেম্বর ২০৩০-এর সময়সীমার মধ্যে এজেন্ডা ২০৩০ অর্জনের জন্য প্রয়োজনীয় বৈশ্বিক সহযোগিতার গতিবেগকে পুনরুজ্জীবিত করা। ভারত যে ছয়টি ক্ষেত্রকে অগ্রাধিকার হিসেবে চিহ্নিত করেছে, সেই ক্ষেত্রগুলোতে ভারতের গৃহীত জাতীয় উদ্যোগসমূহ অন্যান্য জি-২০ রাষ্ট্রসমূহকে, বিশেষ করে উন্নয়নশীল দেশগুলোকে জানানো হয়েছে।

জলবায়ু পরিবর্তন :জলবায়ুসংক্রান্ত কর্মকাণ্ড রক্ষায় ভারতের ভূমিকা জলবায়ুবিষয়ক কার্যকলাপকে শ্রেষ্ঠত্ব প্রদান করার ক্ষেত্রে ভারতের উদ্যোগের উল্লেখযোগ্যভাবে প্রভাব রয়েছে। দুটি যুগান্তকারী প্রস্তাব হলো, পরিবেশের জন্য গ্লোবাল লাইফস্টাইল (স্তুচক্ক)-এর সঙ্গে খাপ খাইয়ে নেওয়া এবং উন্নয়নের জন্য নবায়নযোগ্য সৌরশক্তি ব্যবহার করা। ২০১৫ সালের প্যারিস কনফারেন্স অব পার্টিস অব দ্য ইউএন ফ্রেমওয়ার্ক কনভেনশন অন ক্লাইমেট চেইঞ্জ চলাকালীন প্রণীত সৌরশক্তির ব্যবহার সম্পর্কিত ভারত-ফ্রান্সের যৌথ প্রস্তাবের ফলে ভারতভিত্তিক একটি নতুন বহুপাক্ষিক আন্তঃসরকারি সংস্থা, ইন্টারন্যাশনাল সোলার অ্যালায়েন্স (আইএসএ) সৃষ্টি হয়। আজ প্রায় ১২০টি দেশ আইএসএর সদস্য, যার লক্ষ্য হলো ২০৩০ সালের মধ্যে সোলার এনার্জি সলিউশনে ১ হাজার বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা, ১ হাজার মিলিয়ন মানুষের কাছে ক্লিন এনার্জি সলিউশন ব্যবহার করার মাধ্যমে এনার্জিতে অ্যাক্সেস সৃষ্টি করা এবং এর ফলে ১ হাজার গিগাওয়াট সোলার এনার্জি ক্যাপাসিটি স্থাপন করা। জি-২০ প্রেসিডেন্সি চলাকালীন ভারত জি-২০-এর উন্নত সদস্য দেশসমূহ কর্তৃক আর্থিকভাবে এবং পরিবেশবান্ধব প্রযুক্তির অবাধ স্থানান্তরের মাধ্যমে অবদান রাখার প্রয়োজনীয়তার ওপর দৃষ্টি দিয়েছে, যাতে বিশ্বব্যাপী পরিবেশবিষয়ক লক্ষ্যসমূহ পূরণের ক্ষেত্রে উন্নয়নশীল দেশগুলোর জাতীয় সক্ষমতা বৃদ্ধি করা যায়।

অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি :২০১৯ সালে ইউএন ক্লাইমেট অ্যাকশন সামিটে প্রণীত গ্লোবাল কোয়ালিশন ফর ডিজাস্টার রেসিলিয়েন্ট ইনফ্রাস্ট্রাকচার (সিডিআরআই)-এর জন্য ভারতের ফ্ল্যাগশিপ উদ্যোগ অর্থনৈতিক প্রবৃদ্ধি ধরে রাখার এবং স্থিতিস্থাপক সাপ্লাই চেইন তৈরি করার প্রয়োজনীয়তার ওপর জি-২০-এর মধ্যে ক্রমবর্ধমান গুরুত্বারোপের ওপর নির্ভর করে, বিশেষ করে কোভিড-১৯ অতিমারি এবং জলবায়ু




পরিবর্তনের জন্য দায়ী প্রাকৃতিক দুর্যোগের একটি সিরিজের পরে। উন্নত ও উন্নয়নশীল দেশগুলোর মধ্যে দ্বিমুখী জ্ঞান স্থানান্তরের মাধ্যমে প্রবৃদ্ধি টেকসই করার উদ্দেশ্যে সিডিআরআই বহু-স্টেকহোল্ডার পদ্ধতির প্রসারণ ঘটাতে চায়। সিডিআরআই সচিবালয়ের আয়োজক ভারত বর্তমানে এই উদ্যোগের একক বৃহত্তম আর্থিক অবদানকারী।

টেকসই উন্নয়ন :উন্নয়নশীল দেশগুলোকে এজেন্ডা ২০৩০ এবং এর এসডিজিসমূহ বাস্তবায়নের উদ্দেশ্যে তাদের জাতীয় লক্ষ্য পূরণে সহায়তা করার জন্য, ভারত ও জাতিসংঘ ২০১৭ সালে ইন্ডিয়া-ইউএন ডেভেলপমেন্ট পার্টনারশিপ ফান্ড সৃষ্টি করেছে। ভারত থেকে ১৫০ মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতিবদ্ধ আর্থিক সহায়তায়, এই তহবিল স্বল্পোন্নত দেশসমূহ, স্থলবেষ্টিত উন্নয়নশীল দেশসমূহ এবং ছোটো উন্নয়নশীল দ্বীপরাষ্ট্রসমূহের উন্নয়ন প্রকল্পগুলোকে অগ্রাধিকার প্রদান করেছে। এ পর্যন্ত ৩৭টি অংশীদার দেশে ৩৬টি প্রকল্প এই তহবিলের অধীনে প্রক্রিয়াধীন রয়েছে।

প্রযুক্তিগত রূপান্তর :একটি 'হোল অব সোসাইটি' পদ্ধতির মাধ্যমে উন্নয়নকে ত্বরান্বিত করতে শাসন ও ক্ষমতায়নের জন্য ডিজিটাল প্রযুক্তি ব্যবহার করার ক্ষেত্রে ভারতের সফল অভিজ্ঞতা তাকে জি-২০ প্রেসিডেন্সি চলাকালীন বিশ্বাসযোগ্য থট-লিডার করে তুলেছে। ভারত ইউএনডিপির সঙ্গে অংশীদারত্বে নিজেকে একটি গ্লোবাল হাব হিসেবে অবস্থান দেওয়ার লক্ষ্যে বিশেষ করে উন্নয়নশীল দেশগুলোর জন্য নিম্ন বাস্তবায়ন খরচে মানবকেন্দ্রিক ডিজিটাল পাবলিক ইনফ্রাস্ট্রাকচার তৈরি করার উদ্দেশ্যে উন্মুক্ত ও আন্তঃ পরিচালনযোগ্য মান ব্যবহার করার অভিপ্রায়ে জি-২০ বৈঠকে একটি সিরিজ আয়োজন করেছে। নারীর ক্ষমতায়ন :ভারতে অনুষ্ঠিত জি-২০ মিটিংগুলোর বর্তমান ফোকাসের মধ্যে রয়েছে নারীদের জন্য শিক্ষার ওপর কার্যকর প্রচারণা, কর্মক্ষেত্রে নারীদের বৃহত্তর অংশগ্রহণ, নেতৃত্বের আসনে নারীদের বৃহত্তর প্রতিনিধিত্ব এবং লিঙ্গসমতার ক্ষেত্রে চিহ্নিত বৈষম্যসমূহ ক্রমাগত সংকুচিত করা। বহুপাক্ষিক সংস্কার :এজেন্ডা ২০৩০-এর প্রস্তাবনা জোর দিয়ে উল্লেখ করে, 'শান্তি ছাড়া টেকসই উন্নয়ন হতে পারে না এবং টেকসই উন্নয়ন ছাড়া কোনো শান্তি হতে পারে না।' এটি যুদ্ধের যুগ নয়উল্লেখ করে ভারত এই প্রস্তাবনা বাস্তবায়নের নেতৃত্ব গ্রহণ করেছে। যা-ই হোক, শান্তি, নিরাপত্তা ও উন্নয়ন নিশ্চিত করতে বিদ্যমান বহুপাক্ষিক প্রতিষ্ঠানের অকার্যকারিতা 'সংস্কার বহুপাক্ষিকতাবাদ'-এর আহ্বানকে তুলে ধরেছে।

আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা বজায় রাখার জন্য জাতিসংঘ সনদের অধীনে দায়বদ্ধ জাতিসংঘ ও এর নিরাপত্তা পরিষদের মতো বহুপাক্ষিক প্রতিষ্ঠানসমূহের সংস্কারের জন্য জি-২০-কে গুরুতর চেষ্টা চালাতে হবে (যেখানে ২০০৫ সালে বিশ্বনেতৃত্ব কর্তৃক সর্বসম্মতভাবে গৃহীত বাধ্যতামূলক সংস্কারগুলোকে নিরাপত্তা পরিষদের পাঁচ স্থায়ী সদস্য অবরুদ্ধ করে রেখেছে); ইন্টারন্যাশনাল মনিটারি ফান্ড/ওয়ার্ল ব্যাংক, আন্তর্জাতিক পুনর্গঠন ও উন্নয়নের লক্ষ্যে বৈশ্বিক আর্থিক সমন্বয় নিশ্চিত করতে তাদের আর্টিকেল অব অ্যাগ্রিমেন্ট দিয়ে বাধ্যতামূলক করেছে (যেখানে ২০১০ সালে আইএমএফ কোটা ও শাসনকার্যের সংস্কারে সম্মত হয়েছিল, যা উন্নত দেশগুলোর বিলম্বিত কৌশলের কারণে এখন পর্যন্ত অবাস্তবায়িত রয়ে গেছে) এবং ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশন, বৈষম্যহীনতার ওপর ভিত্তি করে বহুপাক্ষিকভাবে সম্মত বাণিজ্যবিধিসমূহের প্রাধান্য নিশ্চিত করার জন্য তৈরি করা হয়েছে (যেখানে সংস্থার অখণ্ডতা ও কার্যকারিতা বাড়ানোর জন্য সংস্কারসমূহ ২০১৬ সাল থেকে উন্নত দেশগুলো একপক্ষবাদ ও সুরক্ষাবাদের ক্রমবর্ধমান প্রশ্রয়ের কারণে শোষিত হচ্ছে)।

২০২২ সালের নভেম্বরে বালি সম্মেলনে ভারত যখন জি-২০-এর সভাপতিত্ব গ্রহণ করে, তখন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ঘোষণা করেছিলেন যে, ভারতের 'জি-২০ অগ্রাধিকারসমূহ কেবল আমাদের জি-২০ অংশীদারদের সঙ্গেই নয়, গ্লোবাল সাউথে আমাদের সহযাত্রীদের সঙ্গেও আলোচনার মাধ্যমে আকার পাবে, যাদের কণ্ঠ প্রায়ই অশ্রুত রয়ে যায়।' ১২-১৩ জানুয়ারি ২০২৩-এ, ভারত একটি ভার্চুয়াল 'ভয়েজ অব দ্য গ্লোবাল সাউথ ফর হিউম্যান-সেন্টিক ডেভেলপমেন্ট' শীর্ষ সম্মেলনের আয়োজন করে। ভারতের এই উদ্যোগের গুরুত্বের একটি পরিমাপ এই সত্য থেকে অনুমান করা যেতে পারে যে, ১২৫টি দেশ এই উদ্যোগে সাড়া দিয়েছে, যাদের মধ্যে আফ্রিকা থেকে ৪৭টি, এশিয়া থেকে ৩১টি, ল্যাটিন আমেরিকা এবং ক্যারিবিয়ান অঞ্চল থেকে ২৯টি, ওশেনিয়া থেকে ১১টি এবং ইউরোপ থেকে সাতটি দেশ রয়েছে। ২৭ মার্চ ২০২৩-এ, জাতিসংঘে উন্নয়নশীল দেশগুলো তাদের 'বহিঃদেশীয়' প্রকৃতি এবং 'উন্নয়নের অধিকার'-এর ওপর বিরূপ প্রভাবের কারণে একতরফা নিষেধাজ্ঞার বিরোধিতা করে সমাধান গ্রহণের পক্ষে অপ্রতিরোধ্যভাবে ভোট প্রদান করে।

ভারতের প্রেসিডেন্সির অধীনে জি-২০-এর আলোচনাসমূহ দুটি প্রক্রিয়ার মাধ্যমে এগিয়ে নেওয়া হবে। জি-২০-এর মধ্যে, তিনটি প্রধান উন্নয়নশীল দেশ (ভারত, ব্রাজিল ও দক্ষিণ আফ্রিকা) গ্লোবাল সাউথের অগ্রাধিকারসমূহ বাস্তবায়নের জন্য ২০২৩-২০২৫ এর মধ্যে একটি তিন বছরের সময়সীমায় জি-২০-এর নেতৃত্ব প্রদান করবে। জি-২০ ছাড়াও, আন্তর্জাতিক সহযোগিতা বাড়ানোর চলমান প্রক্রিয়াসমূহ ২০২৩ সালের সেপ্টেম্বরে জাতিসংঘের এসডিজি শীর্ষ সম্মেলনের সঙ্গে সম্মুখে আসবে, এর পরে ২০২৪ সালে জাতিসংঘের সামিট অব দ্য ফিউচার অনুষ্ঠিত হবে। এই শীর্ষ সম্মেলনসমূহের ফলাফলস্বরূপ, জাতিসংঘের সনদ পর্যালোচনা করার উদ্দেশ্যে একটি সাধারণ সম্মেলনের আহ্বান জানানো হবে বলে আশা করা হচ্ছে, যা এপ্রিল ২০২৩-এ কার্যকরী বহুপাক্ষিকতা বিষয়ে জাতিসংঘ মহাসচিবের শীর্ষস্থানীয় উপদেষ্টা বোর্ডের সুপারিশ অনুযায়ী ২০২৫ সালে জাতিসংঘের ৮০তম বার্ষিক শীর্ষ সম্মেলনের অনুরূপ হবে।

এটি একটি 'মানবকেন্দ্রিক' টেকসই উন্নয়নবিষয়ক দৃষ্টান্তকে একীভূত করার ক্ষেত্রে ভারতের জি-২০ প্রেসিডেন্সির জন্য একটি সুবর্ণ সুযোগের প্রতিনিধিত্ব করে, যা এক পরিবার হিসেবে বিশ্বের কার্যকারিতা বজায় রাখার আন্তর্জাতিক সহযোগিতার নীতির জন্য জনপ্রিয় সমর্থনকে পুনরুদ্ধার করবে।

# জঙ্গল দখলের পথ তৈরি করা

সম্প্রতি সংশোধিত বন-সংরক্ষণ আইন ২০২৩ সংসদের উভয় কক্ষে পাশ হয়ে গেল। এই আইনের প্রস্তাবনায় বিভিন্ন লক্ষ্যের কথা বলা আছে। যেমন ২০৭০ সালের মধ্যে "নেট কার্বন নিঃসরণ শূন্য" ভারত গড়ার লক্ষ্য, বন ও বৃক্ষ-আচ্ছাদন বাড়ানোর লক্ষ্য, অর্থনৈতিক-সামাজিক সুবিধা, বিশেষত জঙ্গলে বসবাসকারীদের জীবনযাত্রার উন্নয়নের লক্ষ্য ইত্যাদি।

কিন্তু কী ভাবে হবে, সেটা স্পষ্ট বলা নেই। বরং কতটা বনভূমি বন-সংরক্ষণ আইনের বাইরে রাখা যায়, এটি তারই এক প্রয়াস।

এই সংশোধিত আইনের সবচেয়ে উল্লেখযোগ্য ধারা হল বনের সংজ্ঞা নির্ধারণ। বন-সংরক্ষণ আইনের আওতায় সেই সব বনভূমিকে ধরা হবে, যা ১৯২৭ ভারতীয় বন আইন অনুযায়ী ২৫ অক্টোবর ১৯৮০ বা তার পরে নথিভুক্ত করা আছে। দ্বিতীয়ত, যে সব বনভূমি ১৯৯৬ সালের ১২ ডিসেম্বরের আগে অন্য কাজে ব্যবহৃত হয়েছে, সেই সব জমিও এই আইনের আওতায় পড়বে না। এই ধরনের বন, যেটাকে বন দফতরের পরিভাষায় "আনক্লাসড ফরেস্ট" বলা হয়, সেটা প্রায় নথিভুক্ত বনের ২৮ শতাংশ। এই সঙ্কুচিত বনের সংজ্ঞা বিখ্যাত টি এন গোদাভরমন মামলায় মহামান্য সুপ্রিম কোর্টের দেওয়া রায়ে বনের সংজ্ঞাকে অর্থহীন করার চেষ্টা। ১৯৮০ সালের বন-সংরক্ষণ আইনের ২নং ধারায় সুপ্রিম কোর্ট বর্ণিত বনভূমি হল: যে কোনও বনজমি, যা সরকারি খাতায় নথিভুক্ত আছে। এই প্রসারিত সংজ্ঞা বন-সংরক্ষণে অনেকটা সাহায্য করেছে। তথ্য বলছে, ১৯৫০-১৯৮০'র মধ্যে প্রায় ৪২ লক্ষ হেক্টর বনভূমি বিভিন্ন প্রকল্পের জন্য হস্তান্তর করা হয়েছে। কিন্তু বন-সংরক্ষণ আইন ১৯৮০ প্রবর্তনের পর থেকে গত চল্লিশ বছরে মাত্র ১৫ লক্ষ হেক্টর হস্তান্তর করা হয়েছে। প্রকল্পের জন্য বনভূমি হস্তান্তরে ছাড়পত্র পেতে হলে কেন্দ্রীয় বন ও পরিবেশ মন্ত্রকের বন উপদেষ্টা কমিটির অনুমতি দরকার হয়। সম্ভবত এই কারণে বনভূমির চরিত্র বদলে এই শ্লথ গতি। আবার অনেক জঙ্গল এলাকা আছে যেটা সরকারের খাতায় বন বলে নথিভুক্ত নয়। এর বেশির ভাগই সমষ্টিগত জঙ্গল বা "কমিউনিটি ল্যান্ড"। গোটা উত্তর-পূর্ব ভারত, ওড়িশা, কর্নাটক, মহারাষ্ট্র ও মধ্যপ্রদেশে এই ধরনের বনভূমি আছে। নতুন আইনে এই সব জঙ্গলে বসবাসকারী অধিবাসীদের নতুন করে বাস্তুচ্যুত হওয়ার আশঙ্কা। কারণ, এই সব জঙ্গল সংশোধিত বন-সংরক্ষণ আইনের বাইরে থাকছে। ফলে এই সব প্রাকৃতিক জঙ্গল কোনও রকম বাধা ছাড়াই বিভিন্ন প্রকল্পের নামে বেসরকারি পুঁজিপতির হাতে যাওয়ার সম্ভাবনা প্রবল। ২০০৯ সালে বন ও পরিবেশ মন্ত্রক বিজ্ঞপ্তি জারি করে বলেছিল, এখন থেকে বন-সংরক্ষণ আইন ১৯৮০ অনুযায়ী অন্য কাজে ব্যবহারের জন্য জমির চরিত্র বদল করার ছাড়পত্র দেওয়া যাবে একমাত্র বন-অধিকার আইন ২০০৬



সম্পূর্ণ ভাবে বলবতকরার পরেই। বন-অধিকার আইন অনুযায়ী, জঙ্গলের বসবাসকারীদের গ্রামসভার অনুমতি ছাড়া বনের জমির চরিত্র বদল করা যাবে না। এই আইনের বলেই খনিজ ও লৌহ আকরিক সমৃদ্ধ বিভিন্ন রাজ্যে বহু প্রকল্প আটকে রয়েছে বা বাতিল হয়েছে। যেমন, ওড়িশার রায়গড়া জেলার নিয়মগিরি পাহাড় ও সংলগ্ন বনভূমি থেকে বক্সাইট খনন রোধ করা সম্ভব হয়েছিল ওখানকার ডোংরিয়া কোন্ধ আদিবাসীদের ১২০টি গ্রামের গ্রামসভার অনুমতি ছিল না বলে। আশ্চর্যজনক ভাবে সংশোধিত বন-সংরক্ষণ আইনে বন-অধিকার আইন ২০০৬-এর উল্লেখ নেই।

সংশোধিত আইনে আরও বলা হয়েছে, জাতীয় নিরাপত্তার স্বার্থে ও কৌশলগত কারণে সেনাবাহিনী ছাড়া সরকারও "লিনিয়র প্রোজেক্ট" তৈরি করতে পারে এই বনভূমিতে। তার জন্য সীমান্ত থেকে ১০০ কিলোমিটার পর্যন্ত এলাকা এই আইনের বাইরে রাখা হচ্ছে। এ ছাড়া ১০ হেক্টর বনভূমি নিরাপত্তাজনিত পরিকাঠামো তৈরি এবং রেল ও রাস্তার ধারে ০.১ হেক্টর বনভূমি আইনের বাইরে থাকছে। ফলে জীববৈচিত্রের "হটস্পট" হিসাবে চিহ্নিত গোটা উত্তর-পূর্ব ভারত, সিকিম, আরাবল্লী পর্বতমালা বা উত্তরাখণ্ডে এই আইন বলবতহবে না। ইকোটুরিজ বা চিড়িয়াখানা ও সাফারি প্রকল্পের বনভূমিও আইনের আওতার বাইরে রাখা হবে। অবশ্য সংশোধনীতে এ-ও বলা হয়েছে, নথিভুক্ত বনের বাইরে সরকারি বা বেসরকারি উদ্যোগে বনসৃজনের মাধ্যমে বনআচ্ছাদন বাড়ানো হবে আরও ২.৫ থেকে ৩ বিলিয়ন টনের কার্বন সিঙ্ক তৈরির লক্ষ্যে। মনে রাখতে হবে, মোনোকালচার প্ল্যানটেশন-এর মাধ্যমে বনআচ্ছাদন বৃদ্ধি প্রকৃত বনভূমির বৃদ্ধি নয়। ভারতীয় বনসর্বেক্ষণ ২০২১-এর রিপোর্টে চা, পাম তেল, কফি, রাবার ইত্যাদির আবাদকে বনভূমি হিসাবে ধরা হয়েছে। ফলে এই আইনের বাইরে থাকা বনভূমিতে বেসরকারি উদ্যোগে এই ধরনের বাণিজ্যিক আবাদ উতাহ পাবে। উল্লেখ্য, প্রাকৃতিক জঙ্গলের কার্বন ধরে রাখার ক্ষমতা "মোনোকালচার প্লান্টেশন"-এর থেকে অনেক বেশি (একটি হিসাবমতো, প্রায় ৪০ গুণ)। প্রকৃতপক্ষে, এই ধরনের সংশোধন বনভূমির বাণিজ্যিকীকরণে আরও এক ধাপ এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা। এই সংশোধনে বনভূমির চরিত্র বদল হবে, কখনও নিরাপত্তার নামে, কখনও "উন্নয়ন"-এর নামে। মনে রাখা প্রয়োজন, জঙ্গলকে "পণ্য" হিসাবে দেখলে পরিবেশের বিপর্যয় অবধারিত। জঙ্গলকে দেখতে হবে বাস্তুতন্ত্র হিসাবে। একমাত্র তবেই জীববৈচিত্র বাড়বে। এবং শেষ পর্যন্ত কার্বন নিঃসরণ হ্রাসের ধার্য লক্ষ্যমাত্রা পূরণ সম্ভব হবে।

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# স্বাস্থ্যই পরম সম্পদ, সুস্বাস্থ্যের মাধ্যমেই প্রতিটি কাজ সম্পন্ন করা যায় : প্রধানমন্ত্রী মোদী



নয়াদিল্লি, ১৮ আগস্ট (হি.স.): স্বাস্থ্যই পরম সম্পদ এবং সুস্বাস্থ্যের মাধ্যমেই প্রতিটি কাজ সম্পন্ন করা যায়। মন্তব্য করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শুক্রবার ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে গুজরাটের গান্ধীনগরে আয়োজিত জি-৩২০ স্বাস্থ্য মন্ত্রীদের বৈঠকে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী মোদী। তিনি বলেছেন, 'বিশ্বব্যাপী স্বাস্থ্য ব্যবস্থাও স্থিতিস্থাপক হওয়া উচিত। আমাদের অবশ্যই পরবর্তী স্বাস্থ্য জরুরী পরিস্থিতি প্রতিরোধ, প্রস্তুতি এবং প্রতিক্রিয়া জানাতে প্রস্তুত থাকতে হবে। এটি বর্তমান আন্তঃসংযুক্ত বিশ্বে বিশেষভাবে গুরুত্বপূর্ণ।' প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, 'স্বাস্থ্যই জীবনের মূল ভীত। স্বাস্থ্যই আমাদের সিদ্ধান্তের কেন্দ্রে থাকা উচিত, কোভিড-১৯ মহামারী আমাদের তা মনে করিয়ে দিয়েছে। এটা আমাদের সহযোগিতার মূল্য দেখিয়েছে।' প্রধানমন্ত্রী মোদী বলেছেন, 'ভারতে আমরা একটি অন্তর্ভুক্তিমূলক এবং সামগ্রিক পদ্ধতির অনুসরণ করছি, আমরা স্বাস্থ্য পরিকাঠামো প্রসারিত করছি, ওষুধের চিরাচরিত ব্যবস্থার প্রচার করছি এবং সকলের জন্য সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্যসেবা প্রদান করছি। আন্তর্জাতিক যোগ দিবসের বৈশ্বিক উদযাপন হল সামগ্রিক স্বাস্থ্যের জন্য সর্বজনীন আকাঙ্ক্ষার প্রমাণ।'

## সামসিং চা বাগান বন্ধের আশঙ্কায় থানায় বিক্ষোভ শ্রমিকদের

মেটেলি, ১৮ আগস্ট (হি. স.) : জলপাইগুড়ির সামসিং চা বাগান বন্ধের আশঙ্কায় থানায় বিক্ষোভ দেখালেন শ্রমিকরা।মালিকপক্ষর সঙ্গে আলোচনা করতে চাইলেও এবিষয়ে কেউ কর্ণপাত করেননি বলে অভিযোগ। তাই শ্রমিকরা শুক্রবার মেটেলি থানায় বিক্ষোভে শামিল হন। শ্রম দফতরের হস্তক্ষেপ চেয়ে মালবাজারের সহকারী শ্রম কমিশনারকে একটি চিঠি দেন।

শ্রমিকরা জানান, এখনও তাঁরা গত বছরের পুজোর বোনাস পাননি। এবছরের বোনাসের সময়ও এগিয়ে আসছে। সব মিলিয়ে হতাশা গ্রাস করেছে মেটেলি ব্লকের এই বাগানের শ্রমিকদের। এদিন সামসিং চা বাগানের টপ লাইন ও লোয়ার লাইন ডিভিশনে কাজ বন্ধ ছিল। ওই ডিভিশনের শ্রমিকরা এদিন মেটেলি থানায় বিক্ষোভ দেখান।

বাগানের শ্রমিক নেতা সুভাষ সার্কি বলেন, 'অবৈধভাবে কর্তৃপক্ষ বাগানের একটি ডিভিশনের ফ্যাক্টরি বন্ধ করে রেখেছে। ফ্যাক্টরি থেকে মেশিনপত্র তারা নিয়ে যাওয়ার চেষ্টা করছিল। শ্রমিকদের গত বছরের বোনাস বকেয়া। আবার সামনে পুজো আসছে। মালিকপক্ষ বাগান বন্ধ করার চেষ্টা করছে।' এবিষয়ে এদিন মেটেলি থানায় ও মালের সহকারী শ্রম অধিকারীককে সমস্যার কথা লিখিতভাবে জানানো হয়েছে। একই কথা জানান বাগানের শ্রমিক নেতা দীনেশ রাই সহ অন্যরা। জানা গিয়েছে, ওই দুই ডিভিশনে প্রায় ৭০০-এর বেশি শ্রমিক রয়েছে। এ বিষয়ে মালের সহকারী শ্রম অধিকারীক প্রণবকুমার দাস বলেন, 'এদিন সামসিং বাগান থেকে শ্রমিক নেতারা এসে লিখিতভাবে বিষয়টি জানিয়েছেন। আগামী ২৪ আগস্ট এই বিষয়ে একটি ত্রিপাক্ষিক বৈঠক ডাকা হবে।'

## সোনভদ্রে স্কুলের গাড়ি উল্টে ১৫ শিশু আহত

সোনভদ্র, ১৮ আগস্ট (হি. স.) : উত্তর প্রদেশের হাতিনালা থানার গদারওয়া এলাকায় শিশুদের স্কুলে নিয়ে যাওয়ার সময় গাড়ি উল্টে ১৫ জন শিশু আহত হয়েছে। এর মধ্যে একজন শিশু গুরুতর আহত হয়েছে এবং ১৪ জন সামান্য আহত হয়েছে। গাড়িতে মোট ৩২ জন শিশু ছিল।

মেডিকেল সুপারিনটেনডেন্ট ডাঃ শাহ আলম আনসারি জানান, পুলিশ প্রথমে সব শিশুকে দুদ্ধী হাসপাতালে ভর্তি করে, সেখান থেকে গুরুতর আহত এক শিশুকে জেলা হাসপাতালে রেফার করা হয়। গুরুতর আহত ছাত্রের নাম অমিত।

পুলিশ জানিয়েছে, মহাবীর সরস্বতী শিশু বিদ্যা মন্দিরের স্কুলের শিশুদের নিয়ে যাওয়ার সময় গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে উল্টে যায়। ঘটনার সময় গাড়িতে ৩২ জন শিশু ছিল, যার মধ্যে ১৫ জন শিশু আহত হয়েছে। তাদের সকলের বয়স ৪ থেকে ১২ বছরের মধ্যে এবং তারা গাদারোয়ার বাসিন্দা।

## খোলা হল বিজেপির যুব মোর্চার মঞ্চ, রাস্তাতেই বিক্ষোভ কর্মীদের

কলকাতা, ১৮ আগস্ট (হি. স.) : খুলে ফেলা হল রাজা সুবোধ মল্লিক রোডের ধারে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সামনে বিজেপি যুব মোর্চার মঞ্চ। বৃহস্পতিবার ওই ধর্না মঞ্চেই শুভেন্দু অধিকারীর ভাষণের পর সংঘর্ষ বেধেছিল।

শুক্রবার বিজেপি ১২ জনকে গ্রেফতার করেছে পুলিশ। যদিও পুলিশের তরফে এ ব্যাপারে সরকারি ভাবে কিছু জানানো হয়নি। শুক্রবার সেখানে যুব মোর্চার কর্মসূচিও ছিল। তার আগে সেই মঞ্চ খুলে দেওয়া হয়। যুব মোর্চার অভিযোগ, পুলিশ তাদের কর্মসূচির অনুমতি বাতিল করে মঞ্চ খুলে ফেলার নির্দেশ দিয়েছে। এরেই প্রতিবাদে ধর্না মঞ্চের সামনে অবস্থান বিক্ষোভে বসেন যুব মোর্চার কর্মীরা। মোর্চার তরফে দাবি, ১৯ অগস্ট পর্যন্ত কর্মসূচির কথা জানিয়ে যাদবপুর থানা থেকে মঞ্চ বাঁধার অনুমতি নেওয়া হয়েছিল। কিন্তু শুক্রবার আচমকাই পুলিশের তরফে অনুমতি বাতিল করে দেওয়া হয়। আধ ঘণ্টার মধ্যে মঞ্চ খুলে ফেলার নির্দেশ দেয় পুলিশ। ডেকরেটার্সদের হুঁশিয়ারি দেওয়া হয়, সময়ের মধ্যে মঞ্চ খোলা না হলে সব কিছু বাজেয়াপ্ত করা হবে। এর পরেই বাধ্য হয়ে মঞ্চ খুলে নেওয়া হয় বলে জানানো হয়েছে যুব মোর্চার তরফে। যদিও পুলিশের বক্তব্য, এই ধরনের কোনও অনুমতিই দেওয়া হয়নি। যুব মোর্চার সভাপতি ইন্দ্রনীল খাঁ বলেন, "সাধারণ মানুষের স্বতঃস্ফূর্ত সমর্থন ছিল আমাদের মঞ্চ ঘিরে। তৃণমূলও মঞ্চ বেঁধেছিল। কিন্তু সেখানে ভিড় ছিল না। ভয় পেয়েই রাজ্য সরকার পুলিশকে মঞ্চ খুলে ফেলার নির্দেশ দিয়েছে।"

## পিশুখাদ্য দুর্নীতিতে জামিনকে সুপ্রিম কোর্টে চ্যালেঞ্জ সিবিআইয়ের

নয়াদিল্লি, ১৮ আগস্ট (হি. স.) : এমনিতেই একাধিক মামলায় জর্জরিত, ফের অস্বস্তি বাড়ল বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী লালু প্রসাদ যাদবের।

পশুখাদ্য দুর্নীতি মামলায় লালু প্রসাদের জামিনকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে কড়া নাড়ল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই। আগামী ২৫ আগস্ট সিবিআইয়ের এই আর্জি শুনবে শীর্ষ আদালত। ২০১৭ সালে সিবিআইয়ের বিশেষ আদালত এই মামলায় লালু প্রসাদ যাদবকে দোষী সাব্যস্ত করা হয়। ১৪ বছরের সাজা দেওয়া হয়। ২০২২ সালের ফেব্রুয়ারি মাসে লালু প্রসাদ যাদবকে ডোরান্ডা ট্রেজারি মামলায় জামিন দেওয়া হয়। ঝাড়খণ্ড হাইকোর্টও চারটি মামলায় জামিন দিয়েছিল। ১৯৯৬ সালে পশুখাদ্য কেলেঙ্কারির অভিযোগ ওঠে তৎকালীন বিহারের মুখ্যমন্ত্রী লালু প্রসাদ যাদবের বিরুদ্ধে। সিবিআই লালু প্রসাদ যাদব সহ মোট ১৭০ জনের বিরুদ্ধে মামলা করে। অভিযোগ ছিল, পশুখাদ্যের জন্য বরাদ্দ অর্থ তুলে নিয়েছিলেন লালু। মোট ৯৫০ কোটি টাকার দুর্নীতির অভিযোগ ওঠে। ডোরান্ডা ট্রেজারি থেকে বেআইনিভাবে ১৩৯.৩৫ কোটি টাকা, চাইবাসা ট্রেজারি থেকে ৩৭.৭ কোটি টাকা, দেওঘর ট্রেজারি থেকে ৮৯.২৭ কোটি টাকা ও দুমকা ট্রেজারি থেকে ৩.৭৬ কোটি টাকা নেওয়ার অভিযোগ ওঠে প্রাক্তন মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে। প্রসঙ্গত, লালু প্রসাদ যাদব সদ্যসৃষ্ট 'ইণ্ডিয়া' গোষ্ঠীর অন্যতম নেতা হয়েছেন। সে কারণে তাঁকে কেন্দ্র একটু চাপে ফেলতে পারে বলে অনেকের আশঙ্কা।

ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি
(2nd Counseling)

২০২৩-২৪ ইং শিক্ষবর্ষে বিভিন্ন কোর্সে ভর্তি হওয়ার জন্য Tripura Joint Entrance Board এর তালিকাভুক্ত এবং প্রথম Online Counseling এ নথিভুক্ত B.Sc (Agri/Horti/Community Science/Food Nutrition & Dietetics) & B.Tech (Food Tech/Agri Engineering) কোর্সে চয়েস ফিলিং করা যে সমস্ত ইচ্ছুক ছাত্রছাত্রী রয়েছেন তাদের আগামী 22nd August,2023, মঙ্গলবার, সকাল ১১.০০ ঘটিকায় College of Agriculture, Lembucherra স্থিত Auditorium এ প্রয়োজনীয় সকল Original certificate (TBJEE Admit card, H.S.Marksheet, Age Proof, PRTC, Cast certificate, Surrender certificate, PWD certificate, Ex-serviceman certificate) সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হচ্ছে।

| কলেজের নাম | কোর্স | মোট আসন | অসংরক্ষিত | তপশিলী জাতি | তপশিলী উপজাতি | ওবিসি |
|---|---|---|---|---|---|---|
| কলেজ অফ এগ্রিকালচার, লেম্বুছড়া | বি.এসসি (এগ্রি) | ২৭ | ১৩ | ৫ | ৯ | ০ |
| কলেজ অফ এগ্রিকালচার, ইম্ফল | | ১২ | ৬ | ০ | ২ | ৪ |
| কলেজ অফ এগ্রিকালচার, কায়েরমকুলাই | | ৬ | ২ | ০ | ২ | ২ |
| কলেজ অফ এগ্রিকালচার, পাশিঘাট | | ৪ | ১ | ১ | ১ | ১ |
| সাসারড, নাগাল্যান্ড | | ৪ | ২ | ১ | ১ | ০ |
| কলেজ অফ হর্টিকালচার, পাশিঘাট | বি.এসসি (হর্টি) | ৭ | ৩ | ১ | ১ | ২ |
| কলেজ অফ হর্টিকালচার, সেনজল | | ৪ | ২ | ০ | ০ | ২ |
| কলেজ অফ হর্টিকালচার, বার্মিওক | | ২ | ১ | ০ | ০ | ১ |
| কলেজ অফ ফুড টেক, ইম্ফল | বিটেক (ফুডটেক) | ৩ | ২ | ০ | ০ | ১ |
| কলেজ অফ এগ্রি ইঞ্জিনিয়ারিং, রানিপুল, গ্যাংগটক | | ৪ | ১ | ১ | ১ | ১ |
| কলেজ অফ এগ্রি ইঞ্জিনিয়ারিং, রানিপুল, গ্যাংগটক | বিটেক (এগ্রি ইঞ্জিনিয়ারিং) | ৭ | ৩ | ১ | ১ | ২ |
| কলেজ অফ কমিউনিটি সায়েন্স, তুরা, মেঘালয় | বি.এসসি কমিউনিটি সায়েন্স | ৫ | ২ | ১ | ১ | ১ |
| | বি.এসসি ফুড নিউট্রিশন এবং ডায়েটিক্স | ১ | ১ | ০ | ০ | ০ |
| সর্বমোট | | ৮৬ | ৩৯ | ১১ | ১৯ | ১৭ |

বি:দ্র:
১. বিভিন্ন মাহবিদ্যালয়গুলিতে প্রথম অনলাইন কাউন্সিলিং-এর মাধ্যমে নির্বাচিত ছাত্র/ছাত্রী ভর্তির নিরিখে উল্লিখিত আসন সংখ্যার পরিবর্তন হতে পারে।
২. যেসকল ছাত্র/ছাত্রী অনলাইন কাউন্সিলিং-এ নির্বাচিত হয়েও এখন অব্দি ভর্তি হন নাই, ২১/০৮/২০২৩ এর পর তাদের নমিনেশন বাতিল বলে গণ্য হবে এবং উল্লেখিত আসনগুলি পরবর্তী পর্বের কাউন্সিলিং - এ পুরণ করে নেওয়া হবে।
৩. কেন্দ্রীয় কৃষি বিশ্ববিদ্যালয়, মনিপুর এর আওতাধীন মহাবিদ্যালয়গুলিতে উল্লিখিত আসনগুলিতে ভর্তির জন্য নির্ধারিত পরিবর্ধিত তারিখ ঘোষনার নিরিখেই আসন বন্টন করা হবে অন্যথায়, উক্ত কলেজগুলিতে আসন বন্টন স্থগিত থাকবে।
৪. নির্বাচিত ছাত্র/ছাত্রীরা সিট নাওয়ার পর পুনরায় সারেন্ডার করার কোনো সুযোগ থাকবে না।
৫. ত্রিপুরা কলেজ অফ এগ্রিকালচার, লেম্বুছড়াতে In-service Candidate দের জন্য সংরক্ষিত দুটি আসনে একই দিনে মনোনয়ন প্রদান করা হবে।

(শরদিন্দু দাস)
কৃষি অধিকর্তা
ত্রিপুরা

ICA/D-814/23

## কোচবিহার রেলস্টেশন থেকে ব্রাউন সুগার সহ ধৃত ব্যক্তি

কোচবিহার, ১৮ আগস্ট (হি. স.) : কোচবিহার রেলস্টেশন থেকে ব্রাউন সুগার সহ এক ব্যক্তিকে আটক করল আরপিএফের স্পেশাল টিম। শুক্রবার ভোরে নিউ কোচবিহার রেলস্টেশনের ওয়েটিং হল থেকে ওই ব্যক্তিকে ধরে ফেলে তারা।

তল্লাশি চালাতেই উদ্ধার হয় ব্রাউন সুগার। যার বাজারমূল্য প্রায় ৫ লক্ষ টাকা বলে রেল পুলিশ সূত্রে খবর। জেরায় ধৃত ব্যক্তি জানায়, কোচবিহার স্টেশনেই ওই ব্রাউন সুগারের হাতবদল হওয়ার কথা ছিল।

## যাধবপুরের ফরমান আর কুমিরছানার গল্প

কলকাতা, ১৮ আগস্ট (হি. স.) : এক কুমির মা তার সাত কুমির বাচ্চাকে শেয়াল পন্ডিতের কাছে গচ্ছিত রাখে। আর শেয়ালপন্ডিত একে একে ছয়টিকে খেয়ে একটিকে বাঁচিয়ে রাখে এবং কুমির মা সন্তানের খুঁজ নিতে এলে ধূর্ত শেয়াল একটি কুমিরছানাকে বারবার দেখিয়ে ধোঁকা দেয় মাকে। এ যেন একই ঘটনা। পাঁচ বছর আগে পড়ুয়াদের নিরাপত্তার স্বার্থে জারি করা নির্দেশিকা জারি করা হয়েছিল, এবার প্রায় সেই নির্দেশিকারই 'প্রতিলিপি'। যাদবপুরে ছাত্রমৃত্যুর ঘটনার পর এখন নিয়মিতই নানা নিষেধাজ্ঞার কথা শোনা যাচ্ছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মুখে। ক্যাম্পাসে প্রবেশের ক্ষেত্রে নিয়ম, আইডি কার্ডের ব্যবহার, ক্যাম্পাসে নেশার জিনিস নিয়ে প্রবেশে নিষেধাজ্ঞা রেজিস্ট্রার স্নেহমঞ্জু বসু যা যা বলেছেন, ২০১৮ সালে একই নির্দেশিকায় সেগুলো বলা হয়েছিল।

চিরঞ্জীব ভট্টাচার্য্য তখন রেজিস্ট্রার ছিলেন। বিশ্ববিদ্যালয়কে নিয়মের বেড়াজালে বাঁধার চেষ্টা করেছিলেন তিনি। আর সবটাই চেয়েছিলেন বিভিন্ন জায়গা থেকে, বিভিন্ন পরিবেশ থেকে পড়তে আসা ছেলেমেয়ের সুরক্ষার স্বার্থে। এবার যেন ২০১৮ সালের সার্কুলারেরই 'কার্বন কপি' বের করল যাদবপুর। মিলে যাচ্ছে '১৮ সালের নির্দেশিকা।

২০১৮ সালের নির্দেশিকায় বলা হয়েছিল রাত ৮টা থেকে সকাল ৬টা পর্যন্ত পরিচয়পত্র দেখিয়ে ক্যাম্পাসে ঢুকতে পারবে। এবার অবশ্য সময়সীমা ১ ঘণ্টা বেড়েছে। সকাল ৬টার বদলে সকাল ৭টা হয়েছে সময়সীমা। কিন্তু প্রশ্ন উঠছে, পরিচয়পত্র দেখিয়ে ক্যাম্পাসে ঢোকার নির্দেশিকা আজকের নয়।

প্রশ্ন উঠছে, তাহলে কি পাঁচ বছর ধরে নির্দেশিকা মানা হয়নি? যদি মানা হয়, তাহলে এত বড় ঘটনা ঘটল কী করে? প্রশ্ন উঠছে, কর্তৃপক্ষ একে অপরের ঘাড়ে দোষ চাপিয়ে নিষ্কৃতি পেরে যাবেন?

## যাদবপুরের হস্টেলে চলছে ছাত্রমৃত্যুর ঘটনার পুনর্নির্মাণ

কলকাতা, ১৮ আগস্ট (হি. স.) : যাদবপুরে ছাত্র মৃত্যুর ঘটনায় গ্রেফতার হয়েছেন ন'জন। কিন্তু ৯ অগস্ট রাতে ঠিক কী হয়েছিল তা এখনও ধোঁয়াশায় মোড়া। এই পরিস্থিতিতে শুক্রবার যাদবপুরকাণ্ডে গ্রেফতার বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র সপ্তক কামিল্যাকে নিয়ে আসা হয় যাদবপুর মেন হস্টেলে। পুলিশ সূত্রে খবর, সপ্তককে নিয়ে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ওই হস্টেলে ৯ অগস্ট রাতের ঘটনার পুনর্নির্মাণ করা হয়।

পুলিশ সূত্রে খবর, ধৃতদের প্রত্যেকেরই বয়ানে দেখা যাচ্ছে কিছু না কিছু অসঙ্গতি। সত্যের খোঁজে এ বার ধৃত ন'জনকে মুখোমুখি বসিয়ে জেরা করা হতে পারে। বৃহস্পতিবার পর্যন্ত তাঁদের মুখোমুখি বসিয়ে জেরা করা হয়নি বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। অন্যদিকে, এই ঘটনায় আরও কয়েক জন পড়ুয়া জড়িত থাকতে পারেন বলে মনে করছেন তদন্তকারীরা। তাঁদের বিষয়েও খোঁজ চালানো হচ্ছে।

## বারাণসীতে সদ্ভাবনা দিবস উদযাপন রেলকর্মীদের, নিলেন শপথও

বারাণসী, ১৮ আগস্ট (হি.স) : উত্তর-পূর্ব রেলের বারাণসী বিভাগে শুক্রবার পালিত হল শুভেচ্ছা দিবস (সদ্ভাবনা দিবস)। এই উপলক্ষে রেলওয়ে ম্যানেজার বিনীত কুমার শ্রীবাস্তব, রেলওয়ে ব্যবস্থাপকের কার্যালয়ের প্রধান প্রবেশদ্বারে কর্মরত কর্মচারীদের শপথবাক্য পাঠ করান।

কর্মীরা শপথ নেন, তারা তাদের কর্মক্ষেত্রে বর্ণ, গোষ্ঠী, অঞ্চল, ধর্ম বা ভাষা নির্বিশেষে বৈষম্য ছাড়াই সমস্ত ভারতীয়দের মানসিক ঐক্য এবং মঙ্গলের জন্য কাজ করবেন। এছাড়া রেলের কর্মকর্তা-কর্মচারীরা শপথ নেন, তারা সহিংসতার আশ্রয় না নিয়ে সাংবিধানিক উপায়ে সব ধরনের মতপার্থক্য নিরসন করবেন।

সিনিয়র ডিভিশনাল পার্সোনেল অফিসার সমীর পাল জানান, প্রাক্তন প্রধানমন্ত্রীর স্মরণে প্রতি বছর ২০ আগস্ট ভারতে সদ্ভাবনা দিবস পালিত হয়। কিন্তু ২০ আগস্ট ছুটি থাকায় আজ সপ্তাহের শেষ কর্মদিবসে পালিত হচ্ছে এই দিবস। "সদ্ভাবনা দিবস"-এর উদ্দেশ্য হল, সকল ধর্ম, ভাষা ও অঞ্চলের মানুষের মধ্যে জাতীয় সংহতি ও সাম্প্রদায়িক সম্প্রীতি বৃদ্ধি করা। উত্তর-পূর্ব রেলের বারাণসী বিভাগে আয়োজিত এই'সদ্ভাবনা দিবস'-এ উপস্থিত ছিলেন, অতিরিক্ত ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার (অপারেশন) রাজেশ কুমার সিং, সিনিয়র ডিভিশনাল পার্সোনেল অফিসার সমীর পাল, সিনিয়র ডিভিশনাল ইঞ্জিনিয়ার রাকেশ রঞ্জন, সিনিয়র ডিভিশনাল অপারেশন ম্যানেজার অজয় প্রতাপ সিং, সিনিয়র ডিভিশনাল ফাইন্যান্স ম্যানেজার প্রীতি ভার্মা।

## ৮০-র দশকের চলচ্চিত্র যুগ ফিরে এসেছে জম্মু ও কাশ্মীরে : মনোজ সিনহা

শ্রীনগর, ১৮ আগস্ট (হি.স.): ফিল্ম ট্যুরিজমের পুনরুজ্জীবন প্রত্যক্ষ করছে জম্মু ও ক্ষ্মীর। ৮০-র দশকের চলচ্চিত্র যুগ ফিরে এসেছে জম্মু ও কাশ্মীরে, দুই বছর আগে নতুন ফিল্ম নীতি চালু হওয়ার পর ৩০০টিরও বেশি সিনেমা এবং সিরিয়ালের শুটিং করা হয়েছে। এই মন্তব্য করেছেন জম্মু ও কাশ্মীরের উপ-রাজ্যপাল মনোজ সিনহা। শুক্রবার জিরো ব্রিজে টিভি সিরিয়াল "পশমিনার" প্রথম দিনের শুটিং উদ্বোধন করার পরে উপ-রাজ্যপাল মনোজ সিনহা বলেছেন, দুই বছর আগে জম্মু ও কাশ্মীর প্রশাসন সমস্ত স্টেকহোল্ডারদের সঙ্গে আলোচনার পরে একটি নতুন চলচ্চিত্র নীতি চালু করেছিল। তাই জম্মু ও কাশ্মীর আবারও প্রিয় চলচ্চিত্র গন্তব্য হিসাবে উঠে আসছে।

উপ-রাজ্যপাল মনোজ সিনহা বলেছেন, ১৯৮০ সালের সেই যুগ ফিরে এসেছে, যখন কাশ্মীরে হলিউড এবং বলিউডের ছবির শুটিং করা হয়েছিল। তিনি আরও বলেছেন, ফিল্ম ট্যুরিজমের পুনরুজ্জীবন জম্মু ও কাশ্মীরের অর্থনীতি বৃদ্ধিতে সাহায্য করবে এবং যুবকদের জীবিকার সুযোগ প্রদান করবে।

## পৃথিবীতে চাঁদের ছবি পাঠাল ইসরোর চন্দ্রযান, ল্যান্ডার মডিউলের স্বাস্থ্য রয়েছে স্বাভাবিক

নয়াদিল্লি, ১৮ আগস্ট (হি.স.) : পৃথিবীতে চাঁদের ছবি পাঠাল ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা (ইসরো)-র চন্দ্রযান-৩। চন্দ্রযান-৩ মিশনে ল্যান্ডার মডিউলটি প্রপালশন মডিউল থেকে আলাদা হওয়ার পরপরই ল্যান্ডার ইমেজার ক্যামেরায় বেশ কিছু ছবি বন্দি করেছে। সেই ছবিগুলি প্রকাশ্যে এনেছে ইসরো। শুক্রবার ইসরো জানিয়েছে, ল্যান্ডার মডিউলের স্বাস্থ্য রয়েছে স্বাভাবিক।

শুক্রবার বিকেলে ইসরোর পক্ষ থেকে টুইট করে জানানো হয়েছে, চন্দ্রযান-৩ মিশনে ল্যান্ডার মডিউলটি প্রপালশন মডিউল থেকে আলাদা হওয়ার পরপরই ল্যান্ডার ইমেজার ক্যামেরায় বেশ কিছু ছবি বন্দি করেছে। সেই ছবি ইসরো দেশবাসীর সামনে তুলে ধরেছে। তাতে স্পষ্টভাবে চাঁদকে দেখা যাচ্ছে। মনে হচ্ছে যেন হাতের লাগালে চলে এল চাঁদ। ইসরো জানিয়েছে, ল্যান্ডার মডিউলের স্বাস্থ্য স্বাভাবিক রয়েছে। ল্যান্ডার মডিউল সফলভাবে একটি ডিবুস্টিং অপারেশন করেছে, যা কক্ষপথকে ১১৩ কিমি অ ১৫৭ কিমিতে কমিয়ে দিয়েছে। দ্বিতীয় ডিবুস্টিং অপারেশনটি ভারতীয় সময় অনুযায়ী ২০ আগস্ট দুপুর দু'"টোয় নির্ধারিত হয়েছে।

## জখম হয়েছিল নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে, রিয়েসিতে এক সন্ত্রাসবাদীর মৃতদেহ উদ্ধার

রিয়েসি, ১৮ আগস্ট (হি.স) : জম্মু ও কাশ্মীরের রিয়েসি জেলায় এক সন্ত্রাসবাদীর দেহ উদ্ধার হয়েছে। তল্লাশি অভিযানের সময় রিয়েসি জেলায় নিরাপত্তা বাহিনীর সঙ্গে সন্ত্রাসবাদীদের সংঘর্ষ বাঁধে। তাদের মধ্যে লড়াইয়ে নিহত এক সন্ত্রাসবাদীর মৃতদেহ শুক্রবার উদ্ধার করা হয়েছে।

উল্লেখ্য, গত ৫ আগস্ট, রিয়েসি জেলার খাওয়াস এলাকায় নিরাপত্তা বাহিনী এবং সন্ত্রাসীদের মধ্যে সংঘর্ষে একজন সন্ত্রাসবাদী নিহত হয়েছিল। আর এক সন্ত্রাসবাদী আহত হয়েছিল। সংঘর্ষের পর আহত সন্ত্রাসবাদীর সন্ধান পাওয়া যায়নি। জম্মু অঞ্চলের অতিরিক্ত পুলিশ মহাপরিচালক, এডিজিপি মুকেশ সিং জানান, খাওয়াস-এর সংঘর্ষে নিহত সন্ত্রাসবাদীর মৃতদেহ শুক্রবার স্পেশাল অপারেশন গ্রুপের জওয়ানরা রিয়েসির খাওয়াসের ঢাকিকোট এলাকায় খুঁজে পান। তিনি আরও জানান, ঘটনাস্থল থেকে হাতবোমা ও ম্যাগাজিনও উদ্ধার করা হয়েছে।

## ব্রিকস সম্মেলনে যোগ দিচ্ছেন শি জিনপিং, যাবেন দক্ষিণ আফ্রিকাতেও

নয়াদিল্লি, ১৮ আগস্ট (হি.স): চিনের প্রেসিডেন্ট শি জিনপিং ব্রিকস সম্মেলনে যোগ দেবেন। প্রেসিডেন্ট শি জিনপিং আগামী সপ্তাহে দক্ষিণ আফ্রিকায় রাষ্ট্রীয় সফরও করবেন। দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট সিরিল রামাফোসার আমন্ত্রণেই জিনপিং সেখানে যাবেন বলে মারফত জানা গেছে। তিনি জোহানেসবার্গে অনুষ্ঠিত ১৫-তম ব্রিকস সম্মেলনে যোগ দেবেন। তারপর ২১ থেকে ২৪ আগস্ট দক্ষিণ আফ্রিকায় রাষ্ট্রীয় সফর করবেন। এছাড়াও এক অনলাইন বিবৃতিতেও বিদেশ মন্ত্রকের মুখপাত্র হুয়া চুনইয়াং একথা জানান।

মার্চ মাসে রাশিয়ায় রাষ্ট্রীয় সফরের পর এটি হবে ২০২৩ সালে জিনপিং-এর দ্বিতীয় আন্তর্জাতিক সফর। দক্ষিণ আফ্রিকার পররাষ্ট্রমন্ত্রী নালেদি পান্দর জানান, এই ব্রিকস সম্মেলনে ব্রাজিল, চিন, ভারত এবং দক্ষিণ আফ্রিকার প্রধান এবং রাশিয়ার শীর্ষ কূটনীতিকরা মিলিত হবেন।

## ইন্দোরে পোষ্য নিয়ে বিবাদের জেরে চলল গুলি, নিহত দুই

ইন্দোর, ১৮ আগস্ট (হি. স.) : মধ্যপ্রদেশের ইন্দোরে পোষ্য নিয়ে বিবাদের জেরে চলল গুলি। জানা গিয়েছে, গুলিতে মৃত্যু হয়েছে ২ জনের। জখম আরও ৬ জন। তাঁদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনা। মূল অভিযুক্তকে ইতিমধ্যে আটক করা হয়েছে। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার রাতে।

জানা গিয়েছে, মূল অভিযুক্ত এক ব্যাঙ্কের নিরাপত্তা কর্মী রাজপাল রাজাওয়াত একটি পোষ্য কুকুরকে নিয়ে হাঁটতে বেরিয়েছিলেন। খাজরানা থানার অন্তর্গত কৃষ্ণবাগ কলোনিতে তাঁর বাড়ি।সেইসময়ই প্রতিবেশীদের পোষ্য কুকুরদের সঙ্গে রাজপালের কুকুরের ঝগড়া শুরু হয়। কিছুক্ষণ পর দুই পোষ্যর মালিকের মধ্যেও বিবাদ শুরু হয়ে যায়। বচসা তুঙ্গে ওঠে। নিজের ঘর থেকে বন্দুক বের করে এলোপাথাড়ি গুলি চালাতে শুরু করেন মূল অভিযুক্ত। ঘটনাস্থলেই গুলি লেগে দুই যুবকের মৃত্যু হয়। বন্দুকটিও বাজেয়াপ্ত করেছে পুলিশ।

ইন্দোরের অতিরিক্ত ডিসিপি অমরেন্দ্র সিং জানিয়েছেন, বৃহস্পতিবার (১৭ অগস্ট) রাত ১০টা নাগাদ পোষ্য কুকুরকে নিয়ে হাঁটতে বেরিয়েছিলেন ব্যাঙ্কের নিরাপত্তা কর্মী রাজপাল রাজাওয়াত। একই সময়ে তাঁর এক প্রতিবেশীও তাঁর পোষ্ঠ কুকুরকে নিয়ে হাঁটতে বেরিয়েছিলেন। কিছু পরে কুকুরদুটির নিজেদের মধ্যে ঝগড়া শুরু হয়েছিল। দুই প্রতিবেশীর পোষা কুকুর দুটি মারামারি শুরু করে। এই নিয়ে দুই প্রতিবেশীর মধ্যেও তর্ক শুরু হয়। কিছুক্ষণের মধ্যে লোকজন জড়ো হয়ে যায়। অভিযোগ এরপর, রাজপাল রাজাওয়াতের ককুরটিকে আঘাত করেছিলেন অপর ব্যক্তি। তাতে রাগে ফেটে পড়েন তিনি। এরপরই তিনি বাড়ি ফিরে গিয়ে তাঁর লাইসেন্স থাকা বন্দুকটি বের করেন। ওই প্রতিবেশীর উদ্দেশে কটু কথা বলতে বলতে প্রথমে বাতাসে গুলি চালান। এরপর, নীচে দাঁড়িয়ে থাকা বাকি লোকজনের দিকে তাক করে গুলি ছুড়তে থাকেন তিনি। ঘটনস্থলেই মৃত্যু হয় দুই জনের, আহত হন আরও ছয়জন। নিহতদের নাম রাহুল ও বিমল। আহতদের নিকটবর্তী এক হাসপাতালে ভর্তি করা হয়। সেখানেই তাদের চিকিৎসা চলছে। অভিযুক্ত ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। তাঁর বিরুদ্ধে একটি মামলা দায়ের করা হয়েছে এবং তাঁর লাইসেন্স থাকা বন্দুকটি বাজেয়াপ্ত করা হয়েছে। আরও যে দুজনকে আটক করা হয়েছে, বর্তমানে তাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

## আদালতে বাবা-কে দেখতে না পেয়ে ভেঙে পড়েন সুকন্যা

নয়াদিল্লি, ১৮ আগস্ট (হি. স.) : বাবা-মেয়ে দুজনেই আছেন তিহাড় জেলে। আলাদা সেলে থাকায় একে অপরের খবর পান না খুব বেশি। দেখা হওয়ার সুযোগও কম। শুক্রবার আদালতে গিয়ে বাবা-কে দেখতে না পেয়েই সায়গলের কাছে বাবার কথা জানতে চান অনুব্রত মণ্ডলের মেয়ে সুকন্যা।

উত্তরে অনুব্রতর প্রাক্তন দেহরক্ষী সায়গল হোসেন জানান, শরীর ভাল নেই অনুব্রতর। হাসপাতালেও ভর্তি করতে হয়েছিল তাঁকে। এ কথা শুনে আদালতেই ভেঙে পড়েন সুকন্যা। গরু পাচার মামলায় বছর খানের আগে গ্রেফতার হন অনুব্রত মণ্ডল। মাস কয়েক পরে গ্রেফতার হন তাঁর একমাত্র কন্যা সুকন্যাও। কেন্দ্রীয় সংস্থার তদন্তে সুকন্যার নামে যে বিপুল সম্পত্তির হদিশ পাওয়া গিয়েছে, তা নিয়েই সন্দেহ বাড়ে তদন্তকারীদের।

দফায় দফায় জিজ্ঞাসাবাদের পর গ্রেফতার হন সুকন্যা। বর্তমানে তিহাড় জেলে বন্দি রয়েছেন তিনি। শুক্রবার রাউস অ্যাভিনিউ আদালতে পেশ করার কথা ছিল সুকন্যা, অনুব্রত সহ এই মামলার অভিযুক্তদের। সেই মতো আদালতে নিয়ে যাওয়া হয় সুকন্যাকে। উপস্থিত ছিলেন আর এক অভিযুক্ত সায়গলের হোসেনও।

অসুস্থতার কারণে গত ২ মাস ধরে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমেই শুনানিতে অংশগ্রহণ করছিলেন অনুব্রত। শুক্রভার তাঁর সশরীরে হাজিরা দেওয়ার কথা ছিল।

# কাজের সন্ধান

## উচ্চমাধ্যমিক পাশদের স্টেনোগ্রাফার পদে কেন্দ্রীয় সরকারের অধীনে ১২০৭ চাকরি

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** কেন্দ্রীয় সরকারের সারা দেশের অফিসগুলিতে করণিক বা স্টেনোগ্রাফার পদে নিয়োগের জন্য প্রার্থীবাছাই করবেন স্টাফ সিলেকশন কমিশন। স্টেনোগ্রাফার্স গ্রেড সি এন্ড ডি এগজামিনেশন, ২০২৩ পরীক্ষার মাধ্যমে। প্রার্থীবাছাইয়ের জন্য প্রথমে অবজেক্টিভ টাইপের অনলাইনে পরীক্ষা নেওয়া হবে অক্টোবরে। দিনক্ষণ পরবর্তী সময়ে কল লেটারে জানানো হবে। শিক্ষাগত যোগ্যতা - উচ্চমাধ্যমিক পাশ। শর্টহ্যান্ড কোর্স বা স্টেনোগ্রাফি জানা থাকলে অগ্রাধিকার পাবেন।

অন্তত উচ্চমাধ্যমিক পাশ তরুণ-তরুণীরা ০১-০৮-২০২৩ তারিখে ১৮ থেকে ৩০ বছর অর্থাৎ জন্মতারিখ ০২-০৮-১৯৯৩ থেকে ০১-০৮-২০০৫-এর মধ্যে হলে আবেদন করতে পারেন। কিছু পদের ক্ষেত্রে আবার বয়সের ঊর্ধ্বসীমা ২৭ পর্যন্ত রাখা হয়েছে। দূরশিক্ষা বা মুক্ত বিশ্ববিদ্যালয়ের দূরশিক্ষা ব্যবস্থায় যাঁরা পাশ করেছেন তাঁরা সংশ্লিষ্ট সময়কালে কোর্সটি ডিইসি-ইগনুর স্বীকৃত হলে আবেদন করতে পারবেন। যোগ্যতা, বয়স সবই অর্জন করতে হবে ০১-০৮-২০২৩ তারিখের মধ্যে। অর্থাৎ এবছর যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষায় বসেছেন, ফল প্রকাশিত হওয়ার অপেক্ষায়, তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। তফশিলি, ওবিসি, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী, বিধবা/বিবাহবিচ্ছিন্না/ আইনত আলাদা মহিলা প্রভৃতি প্রার্থীরা যথারীতি বয়সের ছাড় পাবেন। যেমন, ওবিসি-দের জন্য বয়সের ঊর্ধ্বসীমা ৩৩ বছর, এসসি/এসটি-দের জন্য ৩৫ বছর, শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৪০ বছর, বিধবা/ বিবাহ বিচ্ছিন্না/ আইনত আলাদা মহিলা প্রার্থীদের জন্য ৩৫ বছর (এসসি/এসটি হলে ৪০ বছর)। পদগুলো নন-টেকনিক্যাল গ্রুপ-সি ভুক্ত। শূন্যপদের সংখ্যা ১২০৭টি। নিয়োগের সময় শূন্যপদের সংখ্যা বাড়তেও পারে। এর মধ্যে গ্রেড সি এবং গ্রেড ডি পদ রয়েছে। যেহেতু স্টেনোগ্রাফার পদে চাকরি, তাই শর্টহ্যান্ড বা স্টেনোগ্রাফি জানা আবশ্যক। লিখিত পরীক্ষায় সফল হলে স্টেনোগ্রাফি টেস্ট নেওয়া হবে। যাঁরা জানেন তাঁরা অগ্রাধিকার পাবেন, যাঁরা জানানে না শর্টহ্যান্ড শিখে নেওয়ার প্রস্তুতি নিয়েও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

দরখাস্ত করবেন অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন করে। অনিবার্য কারনে চিরাচরিত পদ্ধতিতে অর্থাৎ অফলাইনে দরখাস্ত পাঠানোর পদ্ধতি ওঠে গেছে। অনলাইনে দরখাস্ত করতে হলে নিজের সই ও পাসপোর্ট মাপের জেপিজি ফর্ম্যাটের ১০০ বাই ১২০ পিক্সেলের ফটো (৮-বি গ্রে স্কেলে) স্ক্যান করে রাখবেন। পরীক্ষার নির্ধারিত ফি পাঠাবেন ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এসসি, এসটি, শারীরিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী অথবা যে-কোনও মহিলা প্রার্থীদের ক্ষেত্রে এই এগজাম-ফি লাগবে না। তবে ছবি-সই স্ক্যানিং, কম্পিউটারে দরখাস্ত পাঠানোর যাবতীয় খরচ, রেজিস্ট্রেশন প্রিন্ট আউট, কল লেটার ডাউনলোড করার সমস্ত খরচ প্রার্থীকেই বহন করতে হবে। অনলাইনে দরখাস্তের প্রয়োজনীয় নিয়মনির্দেশ ওয়েবসাইটেই পাবেন, তবে দরখাস্ত করতে হবে ২৩ আগস্টের মধ্যে। অর্থাৎ শেষ তারিখ ২৩ আগস্ট। অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন। নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে। মোবাইল এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। এই সংশোধনের সুযোগ পাবেন ৩ বার পর্যন্ত। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে, ব্যাঙ্ক চালান পদ্ধতিতে পরীক্ষার ফি জমা দেওয়ার লক্ষ্যে এগুতে হবে। অ্যাপ্লিকেশন ফি এবং/ অথবা পোস্টাল চার্জ বাবদ নির্ধারিত ফি নির্দিষ্ট ব্যাঙ্কে জমা দিতে হবে। এছাড়া, ব্যাঙ্কিং ফি, কম্পিউটারে দরখাস্ত পাঠানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হবে। ব্যাঙ্ক চালান সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য পরামর্শ সাইটেই পাবেন। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্টের পর ই-রিসিপ্ট কপিও যত্ন করে রাখবেন। সাক্ষাৎকারের দিন কললেটার ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (ভোটার আই কার্ড,প্যান কার্ড, কলেজের আই কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন। ইন্টারভিউতে ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেটে ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি সাক্ষাৎকারের সম্ভাব্য প্রশ্নোত্তর সহ এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্‌অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে স্থায়ী মেম্বারশী পের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্‌অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং ১০/১/২০২৩ - পিএন্ড পি-টু।। বলা বাহুল্য, অনলাইনে দরখাস্ত করার পর অবশ্যই দরখাস্তের প্রিন্ট-আউট এবং পরীক্ষার ফি জমা করার বিশেষ ই-রিসিপ্ট কপি নিজের কাছে যত্ন করে রেখে দেবেন, পরে কাজে লাগবে।

প্রার্থীবাছাই হবে এঁদের 'স্টেনোগ্রাফার্স গ্রেড সি এন্ড ডি এগজামিনেশন, ২০২৩'-এর মাধ্যমে। পরীক্ষায় থাকবে দুটি পর্ব। প্রথম পর্ব হবে অক্টোবরে। ২০০ নম্বরের, অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের। তাতে থাকবে ৩ পেপার, দু'টিতে ৫০টি করে প্রশ্ন, ১০০ নম্বর। অপরটিতে ১০০ প্রশ্ন, ১০০ নম্বর। পেপারগুলি হল জেনারেল ইন্টেলিজেন্স, ইংলিশ ল্যাঙ্গুয়েজ (বেসিক নলেজ), জেনারেল অ্যাওয়্যারনেস। ইংরিজি ছাড়া সহ প্রশ্নই হবে ইংরিজি-হিন্দিতে দ্বিভাষিক। সব পেপারেই আলাদা-আলাদা ভাবে সফল হতে হবে। নেগেটিভ মাকিং থাকবে, প্রতিটি ভুলের জন্য ০.২৫ নম্বর অর্থাৎ ৪টি ভুলের জন্য ১ নম্বর খোয়াতে হবে। ২ ঘন্টার পরীক্ষা। স্ক্রাইবার নেওয়া দৃষ্টিপ্রতিবন্ধীরা ২০ মিনিট বেশি সময় পাবেন। অনলাইনে পরীক্ষার ফল বেরোলে সফল প্রার্থীরা তার দুয়েক মাসের মধ্যেই স্টেনো বা স্কিল টেস্টে ডাক পাবেন। অনলাইনে পরীক্ষাকেন্দ্র হবে পূর্বাঞ্চল, মধ্যাঞ্চল ও উত্তর-পূর্বাঞ্চলের জন্য মোট ২৭টি জায়গায়। ত্রিপুরার প্রার্থীরা **আগরতলায়** পরীক্ষা কেন্দ্র পেয়ে যাবেন। যে অঞ্চলে আবেদন করবেন কেবল সেখানকার যে-কোনও তিনটি পরীক্ষাকেন্দ্র বাছাই করে ক্রমানুসারে উল্লেখ করতে হবে। সময় থাকতে অনলাইনে অর্থাৎ ইন্টারনেটের মাধ্যমে দরথাস্ত পাঠিয়ে দেওয়া অনেক শ্রেয়। দরখাস্ত সাবমিট হয়ে গেলে রেজিস্ট্রেশন কপির প্রিন্ট আউট নিজের কাজে রাখবেন। তা কিন্তু আবার কোথাও পাঠাতে হবে না। যোগ্য প্রার্থীদের অ্যাডমিট কার্ড অর্থাৎ অ্যাডমিশন সার্টিফিকেট ডাকেপাঠানো হবে। এই এডমিট কার্ড যাঁরা পরীক্ষার এক সপ্তাহ বাকি থাকতে হাতে না পাবেন, তাঁরা এঁদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নিতে পারবেন।

## মাধ্যমিক পাশদের ডাকবিভাগে চাকরি পরীক্ষা ছাড়াই নিয়োগ ৩০,০৪১ জি.ডি.এস

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** ভারতীয় ডাকবিভাগে জিডিএস বা গ্রামীণ ডাক সেবক পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমার শেষ তারিখ ২৩ আগস্ট। সারা দেশ জুড়েই ভারতীয় ডাকবিভাগের নিয়োগ প্রক্রিয়া চলছে। এর মধ্যে ত্রিপুরার নির্দিষ্ট ডিভিশন আগরতলা ও ধর্মনগরের জন্যও নিয়োগ হচ্ছে। রাজ্যের বিভিন্ন ডাকঘরের জন্য গ্রামীণ ডাক সেবক পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে, শূন্যপদ বিস্তারিত এঁদের ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে। শিক্ষাগত যোগ্যতা ঃ অন্তত মাধ্যমিক পাশ, কম্পিউটার জানা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স ঃ ১৮ - ৪০ বছর (এসসি/এসটি - ৪৫ বছর, ওবিসি - ৪৩ বছর, শাঃপ্রঃ - ৫০ বছর), অনলাইনে দরখাস্ত জমার শেষ তারিখ ২৩ আগস্ট। মাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই।

মূল কথা হলো — সারা দেশ জুড়ে গ্রামীণ ডাক সেবক ব্রাঞ্চ পোস্ট মাস্টার পদে, গ্রামীণ ডাক সেবক মেল ডেলিভার পদে, গ্রামীণ ডাক সেবক মেল কেরিয়ার পদে সব মিলে মোট ৩০,০৪১ জন গ্রামীণ ডাক সেবক নিয়োগ করবে ভারতীয় ডাকবিভাগের সব কটি সার্কেলের বিশেষ করে সমস্ত ডিভিশনে। মোট ৩০,০৪১টি শূন্যপদগুলোর মধ্যে অবশ্যই অসংরক্ষিত কোটা যেমন রয়েছে, তেমনি এসসি, এসটি এবং ওবিসি'র জন্যও নির্দিষ্ট সংখ্যক কোটা রয়েছে। অর্থাৎ এসসি, এসটি, ওবিসি, জেনারেল যে-কেউ এর জন্য আবেদন করতে পারেন। সামগ্রিক হিসেবে পূর্বোত্তর সার্কেলের জন্য মোট শূন্যপদ ৪৩৮৪টি। তবে মোট শূন্যপদ ৩০,০৪১টির মধ্যে ১৩,৬১৮টি পদ অসংরক্ষিত, অর্থাৎ এসসি, এসটি, ওবিসি, জেনারেল যে কেউ এর জন্য আবেদন করতে পারেন। ৪১৩৮টি এসসি প্রার্থীর জন্য, ২৬৬৯টি এসটি প্রার্থীর জন্য, ৬০৫১টি পদ ওবিসি প্রার্থীর জন্য এবং ২৮৪৭টি পদ ইডব্লিওএস প্রার্থীর জন্য সংরক্ষিত। এছাড়া, শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীদের জন্য রয়েছে ৭১৮টি পদ। শূন্যপদের বিশদ বিভাজন, রাজ্যভিত্তিক বা অঞ্চলভিত্তিক শূন্যপদের সংখ্যা ইত্যাদি দেখতে পাবেন অনলাইনে আবেদনের সময়, ওয়েবসাইটে এর বিজ্ঞপ্তিতে। প্রার্থীবাছাইয়ের জন্য কোনও রকম লিখিত পরীক্ষা নেওয়া হবে না। প্রাথমিকভাবে প্রার্থীবাছাই হবে মাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। এরপর হবে যাবতীয় নথিপত্র যাচাই। যোগ্যতা - অন্তত পক্ষে মাধ্যমিক পাশ। সাথে কোনও স্বীকৃত কম্পিউটার ট্রেনিং ইনস্টিটিউট থেকে কম্পিউটার ট্রেনিংয়ের অন্তত ২ মাস মেয়াদের সার্টিফিকেটধারী হলে অগ্রাধিকার পাবেন। উচ্চতর যোগ্যতার প্রার্থীরাও আবেদন করতে পারেন, তবে উচ্চতর যোগ্যতার প্রার্থীরা কোনও বাড়তি সুবিধা পাবেন না। বয়স হতে হবে ২৩-০৮-২০২৩ তারিখের হিসেবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। এসসি/ এসটিরা ৫, ওবিসিরা ৩ এবং শারীরিক প্রতিবন্ধীরা ১০ বছর পর্যন্ত বয়সের ছাড় পাবেন। শূন্যপদের বিস্তারিত বিবরণ অর্থাৎ কোন্ পোস্ট অফিসের অধীনে কতজন নিয়োগ করা হবে তার বিশদ তালিকা পেয়ে যাবেন এঁদের ওয়েবসাইটে।

আবেদন করবেন অনলাইনে এঁদের ওয়েবসাইটের লগঅন্ করে ২৩ আগস্টের মধ্যে। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, দরখাস্তের ফি জমা করার জন্য রেজিস্ট্রেশন নম্বর, রেজিস্ট্রেশন কার্ড ও দরখাস্তের প্রিন্ট আউট বের করে রাখার পাশাপাশি নিয়োগ সংক্রান্ত আরও বিস্তারিত তথ্য, ঘরে বসে মুহূর্তের মধ্যে হাতের মুঠোয় পেতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্‌অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশীপের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম ও হোয়াটস্‌অ্যাপ নম্বর রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। অনলাইনে আবেদন করার আগে প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি থাকতে হবে। অনলাইনে দরখাস্ত করার আগে নিজের ছবি (৫০ কেবি সাইজের মধ্যে) ও স্বাক্ষর (৫০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে রাখবেন। একইভাবে বেশ কিছু ডকুমেন্টস এবং সার্টিফিকেটসও স্ক্যান করে তৈরি রাখতে হবে, পরে সেগুলো আপলোড করতে হবে, দরখাস্ত সাবমিট করার সময়। দরখাস্তের ফি বাবদ নির্দিষ্ট টাকা প্রদান করতে হবে। এই ফি প্রদান করার অনেক রকম উপায় রয়েছে। প্রয়োজনে ক্রেডিট কার্ড, ডেভিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমেও ফি জমা দিতে পারেন। তফশিলি প্রভৃতি প্রার্থী ও মহিলাদের এই দরখাস্তের ফি-তে ছাড় রয়েছে। তবে অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, সার্টিফিকেটস্ স্ক্যান করে আপলোড করা এবং রেজিস্ট্রেশন করানোর যাবতীয় খরচ সকল প্রার্থীকেই বহন করতে হবে। ফি জমা দেওয়ার আগে এবং পরে যাবতীয় তথ্য দেখে নেবেন। এবার অনলাইনে গিয়ে সঠিকভাবে ফর্ম ফিলাপ করে সাবমিট করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। সেটি নিজের কাছে রেখে দেবেন। পরে প্রয়োজন হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং ঃ ইএসটিটি/ ১৭-৬৭/ ২০২৩/ জিডিএস। তারিখ ৩১.০৭.২০২৩।

## এক নজরে চাকরির খবর

* পদের নাম ঃ **অফিসার (ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ৩০৪৯টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/বিকম/বিএসসি, বিবিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ,
নম্বরের কোনও কড়াকড়ি নেই,
বয়স ঃ ২০ - ৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ আগস্ট,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা সেপ্টেম্বর/ অক্টোবরে, আগরতলা সহ সারা দেশে,
তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **স্পেশালিস্ট অফিসার (ব্যাঙ্ক),**
শূন্যপদ ঃ ১৪০২টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ এগ্রি.বিএসসি, বিই, বিটেক, এলএলবি পাশ,
বয়স ঃ ২০-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ আগস্ট, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ৩০, ৩১ ডিসেম্বর, কেন্দ্র আগরতলা সহ অন্যান্য শহরে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এডমিন অফিসার (কেন্দ্রীয় বীমা),**
শূন্যপদ ঃ ৪৫০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিই/ বিটেক/ বিবিএ ... যে-কোনও গ্র্যাজুয়েট, অধিক নম্বরে অগ্রাধিকার পাবেন,
বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ আগস্ট,
কম্পিউটারভিত্তিক পরীক্ষা সেপ্টেম্বরে, কেন্দ্র আগরতলা সহ অন্যান্য শহরে,
বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **টেকনেশিয়ান, সুপারভাইজর (কেন্দ্রীয় মন্ত্রক),**
শূন্যপদ ঃ ১১১টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ আগস্ট,
পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এম.ও (বহিঃরাজ্যে স্বাস্থ্য দপ্তর),**
শূন্যপদ ঃ ১৫৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি (আয়ূষ, হোমিও, ইউনানি) পাশ,
বয়স ঃ ১৮-৪৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২২ আগস্ট,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ব্রাঞ্চ পোস্ট মাস্টার, গ্রামীণ ডাক সেবক (ডাক বিভাগ),**
শূন্যপদ ঃ ৩০,০৪১টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ অন্ততঃপক্ষে মাধমিক পাশ,
বয়স ঃ ১৮ - ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ আগস্ট,
বাছাইকৃতদের সাক্ষাৎকারের তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **স্টেনোগ্রাফার (কেন্দ্রীয় সরকার)**
শূন্যপদ ঃ ১২০৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই,
বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ আগস্ট,
কম্পিউটার ভিত্তিক পরীক্ষা অক্টোবরে, কেন্দ্র আগরতলা সহ অন্যান্য শহরে,
তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এপ্রেন্টিস (কর্পোরেট সেক্টর),**
শূন্যপদ ঃ ৬৪৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ আগস্ট,
মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **জুনিয়র ইঞ্জিনিয়ার, টিইএস (ত্রিপুরা),**
শূন্যপদ ঃ ৪০০টি,
টিপিএসসি পরীক্ষার মাধ্যমে,
শিক্ষাগত যোগ্যতা ঃ সিভিল/ মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা/ ডিগ্রি পাশ,
বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ আগস্ট,
প্রিলিমিনারি পরীক্ষা ৭ অক্টোবর, কেন্দ্র আগরতলা, তবে বিস্তারিত কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ডিরেক্টর, পিএ, স্টেনো (এইডস কন্ট্রোল),**
শূন্যপদ ঃ ১৬টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ, প্রাসঙ্গিক অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন।
বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
ডাকযোগে বা সরাসরি দরখাস্ত জমার শেষ তারিখ ৩১ আগস্ট,
বাছাইকৃতদের পরীক্ষা, ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **কমিউনিটি হেলথ অফিসার (বহিঃরাজ্যে),**
শূন্যপদ ঃ ২০৪টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ বিএএমএস, বিএইচএমএস পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ আগস্ট,
বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **সিনিয়র রেসিডেন্ট, প্রফেসর (ইএসআইসি),**
শূন্যপদ ঃ ১৯৮টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ এমবিবিএস, এমডি পাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৫ আগস্ট,
নির্দিষ্ট ঠিকানায়, সরাসরি সাক্ষাৎকার ২৫ আগস্ট।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **এম.ও (স্বাস্থ্য দপ্তর, বহিঃরাজ্য),**
শূন্যপদ ঃ ২৪৭টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ এমবিবিএস ডিগ্রিপাশ,
বয়স ঃ অনূর্ধ্ব ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ আগস্ট,
ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ওয়ার্ডার, পুরুষ-মহিলা (বহিঃরাজ্য),**
শূন্যপদ ঃ ১৩০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ,
বয়স ঃ ১৮-২৭ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৬ আগস্ট,
বাছাইকৃতদের পরীক্ষা ও ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

০--০--০--০--০--০

* পদের নাম ঃ **ট্রেনি, ক্লার্ক (ব্যাঙ্ক, বহিঃরাজ্য),**
শূন্যপদ ঃ ১১০টি,
শিক্ষাগত যোগ্যতা ঃ গ্র্যাজুয়েট, পিজি পাশ,
বয়স ঃ ২১-৩২ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে),
অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৭ আগস্ট,
বাছাইকৃতদের ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

## ত্রিপুরা ইঞ্জিনিয়ারিং সার্ভিস গ্রেড-ফাইভ (এ ও বি) নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।** ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে ত্রিপুরা ইঞ্জিনিয়ারিং সার্ভিস বা টিইএস গ্রেড-ফাইভ(এ ও বি) নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে, শূন্যপদ ঃ ৪০০টি। নিয়োগ হবে টিপিএসসি পরীক্ষার মাধ্যমে, পূর্ত্ত দপ্তরের অধীনে। শিক্ষাগত যোগ্যতা ঃ সিভিল/ মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা/ ডিগ্রি পাশ হতে হবে। প্রার্থীদের অবশ্যই পি.আর.টি.সি থাকতে হবে। বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ আগস্ট। লিখিত পরীক্ষার কেন্দ্র আগরতলা। প্রিলিমিনারি পরীক্ষার তারিখ ৭ অক্টোবর। তবে বিস্তারিত জানানো হবে কল লেটারের মাধ্যমে। ত্রিপুরা ইঞ্জিনিয়ারিং সার্ভিস গ্রেড-ফাইভ(এ ও বি) পদে প্রতিযোগিতামূলক লিখিত পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে নিয়োগের জন্য ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশন ১৮ জুলাই, ২০২৩ তারিখে এক বিজ্ঞপ্তি প্রকাশ করেছেন। বিজ্ঞপ্তি নং - ০৯/২০২৩। প্রার্থীবাছাই হবে ত্রি-স্তরীয় পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে প্রতিযোগিতামূলক প্রাথমিক বাছাই পরীক্ষা অর্থাৎ প্রিলিমিনারি টেস্ট। এতে সফল হলে মেইন বা মূল পরীক্ষায় বসার সুযোগ পাবেন। মূল পরীক্ষায় সফল হলে পরে ডাকা হবে পার্সোন্যালিটি টেস্টের জন্য। এককথায় উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলে আগামী ২৪ আগস্ট, ২০২৩ তারিখ বিকেল সাড়ে ৫টার মধ্যে কেবলমাত্র অনলাইনে দরখাস্ত জমা করতে পারেন। পরীক্ষার ফি — গ্রুপ-বি গ্যাজেটেড পোস্টের ক্ষেত্রে সাধারণ প্রার্থীদের জন্য ৩৫০ টাকা, তফশিলি জাতি/ উপজাতি ভুক্ত, বিপিএল কার্ডধারী/ শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা। গ্রুপ-সি নন-গ্যাজেটেড পোস্টের ক্ষেত্রে সাধারণ প্রার্থীদের জন্য ২০০ টাকা, তফশিলি জাতি/ উপজাতি ভুক্ত, বিপিএল কার্ডধারী/ শারীরিকভাবে বিশেষ সক্ষম প্রার্থীদের ক্ষেত্রে ১৫০ টাকা।

দরখাস্ত করবেন কেবলমাত্র অনলাইনে এঁদের ওয়েবসাইটে লগ অন্ করে, ২৪ আগস্ট, বিকেল সাড়ে ৫টার মধ্যে। অর্থাৎ অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ২৪ আগস্ট, বিকেল সাড়ে ৫টা। বলা বাহুল্য, অনলাইনে রেজিস্ট্রেশন করার আগে নিজের একটি বৈধ ও দীর্ঘস্থায়ী ই-মেল আইডি তেরি রাখবেন নিজের সই এবং পাসপোর্ট মাপের এখনকার রঙিন ফটোও স্ক্যান করে রাখতে হবে ওয়েবসাইটে বলা মাপজোক ও অন্যান্য শর্ত বুঝে। অনলাইনে থেকে দরখাস্ত একবারে সম্পূর্ণ করতে না পারলে সেভ করে রাখবেন, তাহলে আপনার ইমেল ঠিকানা/ মোবাইলে এসএমএস করে আপনার রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠিয়ে দেওয়া হবে। এই নম্বর ও পাসওয়ার্ড যত্ন করে রেখে দেবেন, পরবর্তী সময়ে কাজে লাগবে। পরে আবার সাইটে গিয়ে সেই রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে আপনার দরখাস্ত খুলে বাকি কাজ শেষ করতে পারবেন। আপনার পক্ষ থেকে কাজ চূড়ান্ত হয়ে গেলে অনলাইন পেমেন্টের মাধ্যমে অ্যাপ্লিকেশন ফি বাবদ নির্দিষ্ট টাকা জমা দিতে হবে। এছাড়া, অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, কল লেটার ডাউনলোড করানোর যাবতীয় খরচ প্রার্থীকেই বহন করতে হয়। দরখাস্ত রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে কম্পিউটার জেনারেটেড দরখাস্তের প্রিন্ট-আউট নিয়ে নেবেন, কোথাও পাঠাতে হবে না। ফি পেমেন্ট চালানের কপিও যত্ন করে রাখবেন। সাক্ষাৎকারের সময় ডকুমেন্টসের মূল কপি ছাড়াও লাগবে মূল পেমেন্ট চালান, ছবিওলা পরিচিতি-প্রমান (আধার কার্ড, প্যান কার্ড বা এরকমই ছবিওলা অন্য কিছু) ইত্যাদি। টাকা জমা দেওয়ার চালান-এর একটা বাড়তি ফটো কপিও নিজের কাছে রেখে দেবেন। সাক্ষাৎকারের ডাক পেলে সমস্ত মূল প্রমানপত্র (যাঁর ক্ষেত্রে যা-যা দরকার) সঙ্গে নিয়ে যাবেন। প্রয়োজনে ই-মেইল আইডি চালু করা, অনলাইনে দরখাস্ত পাঠানো, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে পরীক্ষার ফি জমা দেওয়া, দরখাস্তের প্রিন্ট আউট এবং টাকা জমা দেওয়ার রসিদ ইত্যাদি বের করে রাখার পাশাপাশি লিখিত পরীক্ষার বিস্তারিত সিলেবাস ও বিগত সময়ে এ ধরনের বিভিন্ন পরীক্ষার প্রশ্নোত্তর সম্পর্কে আরও বিস্তারিত জানতে কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্‌অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই বা হ্যালো' লিখে মেম্বারশীপ গ্রহণ করে নিতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে আজই আপনার নাম রেজিস্ট্রেশন করিয়ে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের সমস্ত চাকরির আপডেট খবর, চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে। দরখাস্তের ফি বাবদ নির্দিষ্ট টাকা জমা দেবেন নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। তবে অনলাইনে ফর্ম ফিলাপ, প্রিন্ট আউট বের করা, ফটো-সিগনেচার স্ক্যানিং, সার্টিফিকেটস্ স্ক্যান করে আপলোড করা এবং রেজিস্ট্রেশন করানোর যাবতীয় খরচ সকল প্রার্থীকেই বহন করতে হবে। ফি জমা দেওয়ার আগে এবং পরে যাবতীয় তথ্য দেখে নেবেন। এবার অনলাইনে গিয়ে সঠিকভাবে ফর্ম ফিলাপ করে সাবমিট করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। সেটি নিজের কাছে রেখে দেবেন। পরে প্রয়োজন হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং ঃ ০৯/২০২৩ তারিখ ১৮.০৭.২০২৩।

শূণ্যপদগুলি হল — ক্রমিক নং (১) ঃ পদ (গ্রেড)-এর নাম ঃ ডিগ্রি জুনিয়র ইঞ্জিনিয়ার, টিইএস গ্রেড-ফাইভ (এ), সিভিল ঃ পদগুলো গ্রুপ - 'বি', গেজেটেড। মূল মাইনে পে ম্যাট্রিক্স সেল-১, লেভেল-১৩ অনুযায়ী ৪৭,৬০০ টাকা। মোট শূন্যপদ ১৭৬টি। এর মধ্যে ৯২টি পদ অসংরক্ষিত। অর্থাৎ এসসি/ এসটি/ ওবিসি/ জেনারেল যে-কেউ এর জন্য আবেদন করতে পারেন। ২টি পদ এক্স-সার্ভিসম্যানের জন্য সংরক্ষিত। এছাড়া, ৫৪টি তফশিলি উপজাতিভুক্ত (এসটি) প্রার্থী (২টি পদ এক্স-সার্ভিসম্যানের জন্য) এবং ৩০টি পদ তফশিলি জাতিভুক্ত (এসসি) প্রার্থীর জন্য সংরক্ষিত। সামগ্রিক ১৭৬টি পদের মধ্যে ৬০টি পদ মহিলার জন্য সংরক্ষিত। যার মধ্যে ৩২টি পদ অসংরক্ষিত। এছাড়া, ১৮টি তফশিলি উপজাতিভুক্ত (এসটি) প্রার্থী এবং ১০টি পদ তফশিলি জাতিভুক্ত (এসসি) প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিক নং (২) ঃ পদ (গ্রেড)-এর নাম ঃ ডিগ্রি জুনিয়র ইঞ্জিনিয়ার, টিইএস গ্রেড-ফাইভ (এ), মেকানিক্যাল ঃ পদগুলো গ্রুপ - 'বি', গেজেটেড। মূল মাইনে পে ম্যাট্রিক্স সেল-১, লেভেল-১৩ অনুযায়ী ৪৭,৬০০ টাকা। মোট শূন্যপদ ১২টি। ক্রমিক নং (৩) ঃ পদ (গ্রেড)-এর নাম ঃ ডিগ্রি জুনিয়র ইঞ্জিনিয়ার, টিইএস গ্রেড-ফাইভ (এ), ইলেকট্রিক্যাল ঃ পদগুলো গ্রুপ - 'বি', গেজেটেড। মূল মাইনে পে ম্যাট্রিক্স সেল-১, লেভেল-১৩ অনুযায়ী ৪৭,৬০০ টাকা। মোট শূন্যপদ ১২টি।

ক্রমিক নং (৪) ঃ পদ (গ্রেড)-এর নাম ঃ ডিপ্লোমা জুনিয়র ইঞ্জিনিয়ার, টিইএস গ্রেড-ফাইভ (বি), সিভিল ঃ পদগুলো গ্রুপ - 'সি', নন-গেজেটেড। মূল মাইনে পে ম্যাট্রিক্স সেল-১, লেভেল-১০ অনুযায়ী ৩৪,৭০০ টাকা। মোট শূন্যপদ ১৭৬টি। এর মধ্যে ৯২টি পদ অসংরক্ষিত। অর্থাৎ এসসি/ এসটি/ ওবিসি/ জেনারেল যে-কেউ এর জন্য আবেদন করতে পারেন। ২টি পদ এক্স-সার্ভিসম্যানের জন্য সংরক্ষিত। এছাড়া, ৫৪টি তফশিলি উপজাতিভুক্ত (এসটি) প্রার্থী (২টি পদ এক্স-সার্ভিসম্যানের জন্য) এবং ৩০টি পদ তফশিলি জাতিভুক্ত (এসসি) প্রার্থীর জন্য সংরক্ষিত। সামগ্রিক ১৭৬টি পদের মধ্যে ৬০টি পদ মহিলার জন্য সংরক্ষিত। যার মধ্যে ৩২টি পদ অসংরক্ষিত। এছাড়া, ১৮টি তফশিলি উপজাতিভুক্ত (এসটি) প্রার্থী এবং ১০টি পদ তফশিলি জাতিভুক্ত (এসসি) প্রার্থীর জন্য সংরক্ষিত। ক্রমিকনং (৫) ঃ পদ (গ্রেড) -এর নাম ঃ ডিপ্লোমা জুনিয়র ইঞ্জিনিয়ার, টিইএস গ্রেড-ফাইভ (বি), মেকানিক্যাল ঃ পদগুলো গ্রুপ - 'সি', নন-গেজেটেড।

## সামনে চাকরি ও শিক্ষার কী-কী পরীক্ষা, কবে?

**কর্মবার্তা নিউজ ব্যুরো, আগরতলা।।**

* সারা দেশের রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলোতে **অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩০৪৯টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি, বিবিএ ... ইত্যাদি গ্র্যাজুয়েট পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, বয়স ঃ ২০ - ৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ আগস্ট, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা সেপ্টেম্বর/ অক্টোবরে, আগরতলা সহ সারা দেশে, তারিখ কল লেটারে জানানো হবে।

* কর্মবার্তা নিউজ ব্যুরো অফিসের হোয়াটস্‌অ্যাপ ৯৪৩৬১২০৩০৫ নম্বরে 'হাই/হ্যালো' লিখে মেম্বারশী পের জন্য আবেদন করতে পারেন। প্রয়োজনে আগরতলার জগন্নাথ বাড়ি রোডস্থিত 'কর্মবার্তা' অফিসে সরাসরি যোগাযোগ করে শর্তসাপেক্ষে আজই আপনার হোয়াটস্‌অ্যাপ নম্বর নথীভুক্ত করে মেম্বারশিপ্ গ্রহণ করে নিন, মুহূর্তের মধ্যে রাজ্য এবং দেশের **সমস্ত চাকরির আপডেট খবর,** চাকরি পরীক্ষার ফলাফলের খবর, এডমিট কার্ডের খবর, সিলেবাস এবং চাকরির সমস্ত ঘোষিত বিজ্ঞাপন বা জব্ এলার্ট পেয়ে যাবেন আপনার হোয়াটস্ অ্যাপ নম্বরে।

* সারা দেশের রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলোতে **স্পেশালিস্ট অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৪০২টি, শিক্ষাগত যোগ্যতা ঃ এগ্রি.বিএসসি, বিই, বিটেক, এলএলবি পাশ, বয়স ঃ ২০-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ আগস্ট, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা ৩০, ৩১ ডিসেম্বর, কেন্দ্র আগরতলা সহ অন্যান্য শহরে।

* কেন্দ্রীয় বীমায় **এডমিন অফিসার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৪৫০টি, শিক্ষাগত যোগ্যতা ঃ বিএ/ বিকম/ বিএসসি/ বিই/ বিটেক/ বিবিএ ... যে-কোনও গ্র্যাজুয়েট, অধিক নম্বরে অগ্রাধিকার পাবেন, বয়স ঃ ২১-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ আগস্ট, কম্পিউটারভিত্তিক পরীক্ষা সেপ্টেম্বরে, কেন্দ্র আগরতলা সহ অন্যান্য শহরে, বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় মন্ত্রকে **টেকনেশিয়ান, সুপারভাইজর** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১১১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২১ আগস্ট, পরীক্ষা ও ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* বহিঃরাজ্যে স্বাস্থ্য দপ্তরে **এম.ও** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৫৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি (আয়ূষ, হোমিও, ইউনানি) পাশ, বয়স ঃ ১৮-৪৪ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় পেতে পারেন), ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* ভারতীয় ডাক বিভাগে **ব্রাঞ্চ পোস্ট মাস্টার, গ্রামীণ ডাক সেবক** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৩০,০৪১টি, শিক্ষাগত যোগ্যতা ঃ অন্ততঃপক্ষে মাধমিক পাশ, বয়স ঃ ১৮ - ৪০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ আগস্ট, বাছাইকৃতদের সাক্ষাৎকারের তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

* কেন্দ্রীয় সরকারের অধীনে বিভিন্ন দপ্তরে **স্টেনোগ্রাফার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১২০৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক পাশ, নম্বরের কোনও কড়াকড়ি নেই, বয়স ঃ ১৮-৩০ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ আগস্ট, কম্পিউটার ভিত্তিক পরীক্ষা অক্টোবরে, কেন্দ্র আগরতলা সহ অন্যান্য শহরে, তারিখ কল লেটারে জানানো হবে।

* কর্পোরেট সেক্টরে **এপ্রেন্টিস** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৬৪৭টি, শিক্ষাগত যোগ্যতা ঃ আইটিআই, ডিপ্লোমা, ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-২৫ বছর (সংরক্ষিত ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৩ আগস্ট, মেধাভিত্তিক বাছাইকৃতদের ইন্টারভিউর কেন্দ্র ও তারিখ কল লেটারে জানানো হবে।

* রাজ্য সরকারের অধীনে ত্রিপুরা ইঞ্জিনিয়ারিং সার্ভিসে **জুনিয়র ইঞ্জিনিয়ার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ৪০০টি, টিপিএসসি পরীক্ষার মাধ্যমে, শিক্ষাগত যোগ্যতা ঃ সিভিল/ মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা/ ডিগ্রি পাশ, বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), অনলাইনে দরখাস্তের শেষ তারিখ ২৪ আগস্ট, প্রিলিমিনারি পরীক্ষা ৭ অক্টোবর, কেন্দ্র আগরতলা, তবে বিস্তারিত কল লেটারে জানানো হবে।

* রাজ্যে এইডস কন্ট্রোল সোসাইটিতে **ডিরেক্টর, পিএ, স্টেনোগ্রাফার** পদে নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত জমা নেওয়া হচ্ছে। শূন্যপদ ঃ ১৬টি, শিক্ষাগত যোগ্যতা ঃ ডিগ্রি পাশ, প্রাসঙ্গিক অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স ঃ ১৮-৪০ বছর (সংরক্ষিত ও বিশেষ ক্ষেত্রে নিয়মানুযায়ী ছাড় রয়েছে), ডাকযোগে বা সরাসরি দরখাস্ত জমার শেষ তারিখ ৩১ আগস্ট, বাছাইকৃতদের পরীক্ষা, ইন্টারভিউর তারিখ ও কেন্দ্র কল লেটারে জানানো হবে।

# বৃক্ষরোপণের মাধ্যমে নতুন প্রজন্মের জন্য অক্সিজেনের ব্যবস্থা করছি আমরা : অমিত শাহ



গ্রেটার নয়ডা, ১৮ আগস্ট (হি.স.) : কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ শুক্রবার উত্তর প্রদেশের গ্রেটার নয়ডায় সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স গ্রুপ সেন্টারে বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশগ্রহণ করেছেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এদিন চারাগাছও রোপণ করেছেন। এই উপলক্ষ্যে আয়োজিত একটি অনুষ্ঠানে অমিত শাহ বলেছেন, 'আমরা যখন একটি গাছ লাগাই, এর মাধ্যমে আমরা নতুন প্রজন্মের জন্য অক্সিজেনের ব্যবস্থা করছি...আমাদের যতটা সম্ভব গাছ লাগাতে হবে এবং কার্বন ডাই অক্সাইডের উৎপাদন কমাতে হবে।'

প্রসঙ্গত, ২০২০ সালের ১২ জুলাই সর্বভারতীয় বৃক্ষরোপণ অভিযানের সূচনা করেছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এদিন বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে জলবায়ু পরিবর্তন এবং বিশ্ব উষ্ণায়নের বিরুদ্ধে লড়াইয়ে বিশ্বনেতা হয়ে উঠেছে ভারত। দেশের সুরক্ষায় সিআরপিএফ জওয়ানদের কাজের ভূয়সী প্রশংসা করেছেন অমিত শাহ।

## খান্ডোয়ায় ট্রাক ও গাড়ির মুখোমুখি সংঘর্ষে মৃত ৫ যুবক

খান্ডোয়া, ১৮ আগস্ট (হি. স.) : মধ্যপ্রদেশের খান্ডোয়া জেলার সানওয়াদ সড়কের দৌলতপুরা ফাটের কাছে দ্রুত গতিতে আসা একটি ট্রাকের সাথে একটি গাড়ির ব্যাপক সংঘর্ষ হয়।বৃহস্পতিবার গভীর রাতে এই দুর্ঘটনায় গাড়িতে থাকা পাঁচ যুবকের মৃত্যু হয়। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠিয়ে ঘটনার তদন্ত শুরু করে।

পুলিশ জানিয়েছে, বৃহস্পতিবার কাসরাওয়াদ তহসিলের পাঁচ যুবক ব্যবসায়িক কাজে পুনাসায় এসেছিলেন। রাতে ফেরার সময় পুনাসা চৌকির দৌলতপুরা ফাটে দুর্ঘটনা ঘটে। সামনে থেকে আসা একটি ট্রাকের সঙ্গে তাদের গাড়ির সংঘর্ষ হয়। দুর্ঘটনায় গাড়িটি দুমড়ে-মুচড়ে গেছে। গাড়িতে আটকে থাকা দেহগুলো বার করতে পুলিশকে হিমশিম খেতে হয়েছে।

পুলিশ ও গ্রামবাসীর সহায়তায় রাতেই মৃতদেহ পুনাসা হাসপাতালে পাঠানো হয়। এসপি জানিয়েছেন, নিহতরা সবাই খারগোন জেলার বাসিন্দা। পুনাসা কমিউনিটি হেলথ সেন্টারে ময়নাতদন্তের পর শুক্রবার সকালে স্বজনদের কাছে দেহ হস্তান্তর করা হয়েছে। এই ঘটনায় পুনাসা থানা পুলিশ মামলা দায়ের করে তদন্ত করছে।

## দল মানতে রাজি নয়, কিন্তু ধূপগুড়ির অন্তর্কলহ ভাবাচ্ছে বিজেপি-র একাংশকে

জলপাইগুড়ি, ১৮ আগস্ট (হি. স.) : ধূপগুড়ি উপ নির্বাচনে বিজেপি প্রার্থী ঘোষণা করেছে ইতিমধ্যেই। তার ঠিক একদিন পরই নির্দল হিসেবে মনোনয়ন জমা দিলেন তারামণি রায়।

বিজেপির সঙ্গে তারামণির দীর্ঘদিনের সম্পর্কের কথা জানেন এলাকার মানুষ। পঞ্চায়েতের সদস্যাও ছিলেন তিনি। কেন এমন সিদ্ধান্ত? তারামণির উত্তর 'বিজেপিই বলবে।' এই নির্দল প্রার্থীই বিজেপির মাথাব্যাথার কারণ হতে পারে বলে মনে করছে রাজনৈতিক মহল।

দল আর নির্দলের লড়াই পঞ্চায়েতে একাধিক জায়গায় দেখেছে বাংলা। এবার বিধানসভা উপ নির্বাচনেও দেখা যাবে সেই ছবি!

বৃহস্পতিবার জলপাইগুড়ি জেলা শাসকের দফতরে উপস্থিত হয়ে তারামণি অনুগামীদের সঙ্গে মনোনয়ন জমা দিয়েছেন। বেরনোর পর তাঁকে প্রশ্ন করা হলে বলেন, 'নির্দল প্রার্থী হিসেবে মনোনয়ন পেশ করলাম।' কেন এমন করলেন, এ ব্যাপারে কোনও সদুত্তর দেননি তিনি। বলেন, 'আমি কেন এমন করলাম, সেই উত্তর বিজেপিই আপনাদের দেবে।'

১৯৯৮ সাল থেকে বিজেপির সঙ্গে যুক্ত তারামণি রায়। ১৯৯৮ সালে ও ২০০৮ সালে মোট দু বার পঞ্চায়েতের সদস্যাও হয়েছিলেন তিনি। ধূপগুড়ির বারঘরিয়া এলাকায় নেত্রী হিসেবে তাঁর বেশ পরিচিতিও আছে। তাঁর প্রয়াত স্বামীও ছিলেন বিজেপির দাপুটে নেতা। তারামণি জানান, রাজনৈতিক দ্বন্দ্বের জেরেই প্রাণ হারিয়েছিলেন তাঁর স্বামী। দলের প্রতি ক্ষোভের কথা অবশ্য সরাসরি জানাননি তিনি। তবে তাঁর অনুগামীরা স্পষ্ট জানান, তাঁদের প্রার্থী পছন্দ হয়নি। প্রার্থী বাছাইয়ের সময় তাঁদের সঙ্গে কেন আলোচনা করা হল না, সেই প্রশ্নও তুলেছেন তাঁরা। প্রসঙ্গত, ধূপগুড়ির বিজেপির প্রার্থী সরকারিভাবে সম্পতি ঘোষিত হয়েছে। এতে সামাজিক মাধ্যম দলীয় কর্মী সমর্থকদের একাংশ ক্ষোভ দেখিয়েছেন। সরাসরি জেলা সভাপতি বাপি গোস্বামীকে উদ্দেশ্য করে কটুক্তি করেছেন। এমনকি দলীয় প্রার্থীকে নিয়েও অসন্তোষ প্রকাশ। দিল্লি থেকে ভারতীয় জনতা পার্টির তরফে শহীদ জওয়ান জগন্নাথ রায়ের স্ত্রী তাপসী রায়ের নাম ধূপগুড়ি বিধানসভা উপনির্বাচনের জন্য ঘোষণা করা হয়। ২০২১ সালের ২৫ শে মার্চ শ্রীনগর বারামুলা জাতীয় সড়কে সিআরপিএফের ৭৩ নম্বর ব্যাটেলিয়নের জওয়ানরা রুটিন টহলদাড়িতে ছিলেন। সেই সময় লস্কর জঙ্গিদের আক্রমণে গুরুতর জখম হয় ধূপগুড়ির পশ্চিম শালবাড়ীর বাসিন্দা সিআরপিএফ জওয়ান জগন্নাথ রায়। এরপর বেশ কয়েকদিন চিকিৎসা চলার পর ২৯ মার্চ মৃত্যু হয় জগন্নাথের। শহীদ জগন্নাথ রায়ের স্ত্রীকেই প্রার্থী করেছে বিজেপি।

## ওয়াই-২০ শীর্ষ সম্মেলনের উদ্বোধন করলেন যোগী ও অনুরাগ, ৪-দিন ধরে চলবে এই সম্মেলন

বারাণসী, ১৮ আগস্ট (হি.স) : উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ এবং কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর শুক্রবার বারাণসীর সিগ্রার রুদ্রাক্ষ কনভেনশন সেন্টারে প্রদীপ জ্বালিয়ে জি-২০-এর ওয়াই-২০ (ইয়ুথ কনফারেন্স) উদ্বোধন করেন।ই কনক্লেভে বিদেশী তরুণ অতিথিদের কাশীর সংস্কৃতির সঙ্গে পরিচয় করিয়ে দেওয়ার জন্য একটি দুই মিনিটের ছোট ভিডিও দেখানো হয়।

চার দিনের এই কনক্লেভটি মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ এবং কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ ঠাকুর উদ্বোধন করেন।

এই কনক্লেভে জলবায়ু পরিবর্তন, কাজের ভবিষ্যত, শিল্প, উদ্ভাবন, যুদ্ধ ছাড়া একটি যুগের সূচনা, জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগের ঝুঁকি হ্রাস, স্বাস্থ্য, যুবকদের খেলাধুলা, যুবকদের জন্য নতুন এজেন্ডা নিয়ে আলোচনা করা হয়।

উদ্বোধনী অধিবেশনের পর আইআইটি বোম্বে ডক্টর কবি আর্য ''দ্যা ফিউচার অফ ওয়ার্ক অ্যান্ড জব ক্রিয়েশন'' বিষয়ে একটি বিশেষ বক্তৃতা দেন। ডিরেক্টর পঙ্কজ কুমার সিং জানিয়েছেন, ১৭ থেকে ২০ আগস্ট বারাণসীতে জি-২০ শীর্ষ সম্মেলনের আয়োজন করা হয়।

যেখানে বিশিষ্ট বিশেষজ্ঞরা, জি-২০ দেশগুলির জাতীয় ও আন্তর্জাতিক প্রতিনিধি, জ্ঞান অংশীদার একাডেমিক অংশীদাররা (বিশ্ববিদ্যালয়) একত্রিত হবে।

## কুয়ো থেকে বাছুরকে বাঁচাতে গিয়ে প্রাণ গেল ৩ ব্যক্তির

রাঁচী, ১৮ আগস্ট (হি.স) : কুয়ো থেকে এক বাছুরকে বাঁচাতে গিয়ে ৩ জন ব্যক্তির মৃত্যু হয়েছে। ঘটনায় আরও ৩ জনের কুয়োর মধ্যে আটকে থাকার আশঙ্কা করছে বিপর্যয় মোকাবিলা বাহিনী। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার সন্ধ্যায় ঝাড়খণ্ডের রাজধানী রাঁচির সিল্লির পিসকা গ্রামে।

গ্রামবাসীরা জানিয়েছেন, বৃহস্পতিবার বিকেলে আনন্দ মাঞ্জির নামক এক ব্যক্তির বাছুর কুয়োয় পড়ে যায়। তাকে বাঁচাতে গ্রামের সাতজন ভগীরথ মাঞ্জি, মন্টু মাঝি, বিষ্ণু চরণ মাঝি, রমেশচন্দ্র মাঝি, গুরুপদ মাঝি ও টেম্পু মাঝি কুয়োয় নামেন। তাঁরা ওপরে উঠতে পারেননি। বৃহস্পতিবার রাতভর এনডিআরএফ-এর দল উদ্ধার অভিযান চালায়। প্রায় ১৭ ঘন্টা ধরে উদ্ধারকাজ চলছে বলে পুলিশ জানিয়েছে। পুলিশ ও বিপর্যয় মোকাবিলা বাহিনী জানিয়েছে, কুয়োয় মধ্যে যারা আটকে আছে তাদের বেঁচে থাকার সম্ভাবনা নেই বললেই চলে। প্রাক্তন উপমুখ্যমন্ত্রী ও স্থানীয় বিধায়ক সুদেশ কুমার মাহাতো সহ ডিএসপি, বিডিও এবং অন্যান্য প্রশাসনিক আধিকারিকরাও ঘটনাস্থলে উপস্থিত ছিলেন। জানা গিয়েছে, মন্টু মাঞ্জি (৫২) নামক এক ব্যক্তিকে প্রথমে এনডিআরএফ কর্মীরা গুরুতর আহত অবস্থায় কুয়ো থেকে বের করে নিয়ে আসেন। তারপর তাকে হাসপাতালে পাঠানো হয়। হাসপাতালে পাখিরা নামক এক ব্যক্তির মৃত্যু হয়। এরপর বিষ্ণুচরণ মাঝি(৪৫) নামক এক ব্যক্তিকে কুয়ো থেকে বের করা হয়। অন্য একজনের দেহও তারপর বার করা হয় কুয়ো থেকে। তবে তাকে শনাক্ত করা যায়নি।

এনডিআরএফ-এর দল পোকলেন এবং জেসিবির সাহায্যে উদ্ধার অভিযান চালাচ্ছে। এজেএসইউ সুপ্রিমো এবং সিল্লির বিধায়ক সুদেশ মাহাতো দুর্ঘটনায় শোক প্রকাশ করেছেন। এই ধরনের জরুরি পরিস্থিতি মোকাবিলায় সরকারের কোনোরকম ব্যবস্থা নেই বলেও অভিযোগ করেছেন তিনি। এনডিআরএফ কমান্ডার জানিয়েছেন, কূপটি পাথরে ঢাকা। এটি প্রায় ৪০ ফুট গভীর। সেই কারণেই উদ্ধারকাজে সমস্যা হচ্ছে।

## প্রচারমাধ্যমের হইচইয়ে যাদবপুর মাত্রা পেলেও সব চুপ অন্ধ্রের ঘটনায়

উত্তর চব্বিশ পরগনা, ১৮ আগস্ট (হি. স.) : অন্ধ্রপ্রদেশে বিশ্ববিদ্যালয়ের হোস্টেলে এ রাজ্যের এক পড়ুয়ার রহস্যমৃত্যু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের তরফে দাবি করা হয়েছে, এগারো তলা থেকে ঝাঁপ দিয়ে আত্মহতা করেছেন ওই ছাত্র। বিশ্ববিদ্যালয়ের তরফে দাবি করা হয়েছে, এগারো তলা থেকে ঝাঁপ দিয়ে আত্মহত্যা করেছেন ওই ছাত্র।

এমনটা মোটেও মানতে রাজি নয় তাঁর পরিবার। ছেলের মৃত্যুর কারণ র‍্যাগিং-বলেই মনে করছে তারা। খুন, আত্মহত্যা নাকি দুর্ঘটনা জানার জন্য সিবিআই তদন্তের দাবিতে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছেন মৃতের বাবা।

যাদবপুরের পড়ুয়ার মতোই সদ্য উচ্চমাধ্যমিক পাশ করে একরাশ স্বপ্ন নিয়ে অন্ধ্রপ্রদেশের বিজয়ওয়াড়ার কে এল ইউনিভার্সিটিতে পড়তে গিয়েছিলেন সৌরদীপ চৌধুরী। স্বপ্নপূরণ তো হয়-ই-নি। মা-বাবা হস্টেলে রেখে আসার ৪ দিনের মাথায় বাড়িতে এসেছে ছেলের মৃত্যুসংবাদ। মৃতের বাবা জানিয়েছেন, ১৭ জুলাই, কম্পিউটার সায়েন্সে বিটেক করতে মেদিনীপুরের বাড়ি থেকে ছেলেকে অন্ধ্রপ্রদেশের বিজয়ওয়াড়ার কে এল ইউনিভার্সিটিতে ভর্তি করেন। ২০ জুলাই ফিরে আসেন তাঁরা। ছেলের সঙ্গে একাধিকবার কথা হওয়ার সময়, সে ভালই আছে বলে জানিয়েছিল।

মৃত সৌরদীপের বাবার দাবি, ২৪ জুলাই অর্থাৎ ঘটনার দিন, সকাল ৬টা ও দুপুর দেড়টা নাগাদ ছেলের সঙ্গে কথা হয়। এরপর, দুপুর ৩টে ২৭-এ ছেলের মুঠোফোন থেকে আসা এসএমএস-এ লেখা ছিল ''টা টা''। পরে ঢোকে ৩টে ৪১ মিনিটে। যেখানে লেখা ছিল- ভাল থাকবে তোমরা। তখন মেসেজটি দেখেননি তিনি। ৭ মিনিটের মাথায় অচেনা নম্বর থেকে ফোন আসে- ১১ তলা থেকে ঝাঁপ দিয়ে সুইসাইড করেছে আপনাদের ছেলে।

পরিবারের অভিযোগ, ঘটনার পর ওখানে গেলে তাঁকে ছেলের হস্টেলে ঢুকতে দেওয়া হয়নি। এফআইআর দায়েরের জন্য থানায় যেতে চাইলে, সেখানে যে পুলিশ কর্মীরা ছিলেন তাঁরা সাদা পাতায় অভিযোগ লিখতে বলেন। মৃত পড়ুয়ার বাবার প্রশ্ন, ছেলের মৃত্যু খবর জানাতে কে ফোন করেছিলেন? কেন তাঁদের হস্টেলে যেতে দেওয়া হল না? ৩ দিন ধরে বৃষ্টি হচ্ছিল, তাহলে তাঁর ছেলের পোশাকে কীভাবে কাদা-মাটি লাগেনি?

তাঁর দাবি, নিরাপত্তারক্ষী জানিয়েছিলেন, দুপুরে সবাই বিশ্রাম নেওয়ায়, কোনও ছাত্র তাঁর সন্তানের মৃতদেহ দেখেনি। ছেলে ব্যালকনি থেকে ঝাঁপ দেয়। অথচ ছেলে যে ঘরে থাকত সেখানে ব্যালকনি ছিলই না।

কর্তৃপক্ষ জানিয়েছে, যখন সৌরদীপ ঝাঁপ দেয়, তার হাতে ফোন ছিল। কিন্তু তার বাবার প্রশ্ন, যে ফোন পরিবারের হাতে দেওয়া হয়, ১১ তলা থেকে পড়ার পরও তা অক্ষত ছিল। সৌরদীপ দেহ দেখে মনে হচ্ছিল তাকে মারা হয়েছে বা ধাক্কা দিয়ে ফেলে দেওয়া হয়েছে।

সন্তান হারানোর শোক মিলিয়ে দিয়েছে নদিয়া, আর পশ্চিম মেদিনীপুরকে। দুই পরিবারেরই দাবি এখন একটাই, দোষীরা যেন কঠোর শাস্তি পায়।

## আন্দামান সমুদ্র কেঁপে উঠল জোড়া ভূমিকম্পে, উভয় কম্পনের তীব্রতা ৪.৩

পোর্টব্লেয়ার, ১৮ আগস্ট (হি.স.) : আবারও ভূমিকম্পে কেঁপে উঠল আন্দামান সমুদ্র। শুক্রবার দুপুর ১২.০৭ ও ১.০২ মিনিট নাগাদ ৪.৩ তীব্রতার ভূকম্পন অনুভূত হয় আন্দামান সাগরে। দিগলিপুর থেকে ৪৩৬ কিলোমিটার দক্ষিণ ও দক্ষিণ-পূর্বে, পোর্টব্লেয়ার থেকে ২৭৯ কিলোমিটার দক্ষিণ ও দক্ষিণ-পূর্বে এবং ক্যাম্পবেল বে থেকে ২৭৮ কিলোমিটার উত্তরে ছিল ভূমিকম্পের উৎসস্থল।

ন্যাশনাল সেন্টার ফর সিসমলোজি জানিয়েছে, শুক্রবার দুপুর ১২.০৭ ও পরে ১.০২ মিনিট নাগাদ ৪.৩ তীব্রতার ভূকম্পন অনুভূত হয় আন্দামান সাগরে। ভূমিকম্পের উৎসস্থল ছিল ভূপৃষ্ঠের ১০ কিলোমিটার গভীরতায়, ৯.৫০ অক্ষাংশ এবং ৯৪.১০ দ্রাঘিমাংশ। মাঝারি তীব্রতার ভূমিকম্পে ক্ষয়ক্ষতির কোনও ঘটনা ঘটেনি।

## দেশের মধ্যে এই প্রথম, বেঙ্গালুরুতে খুলে গেল অত্যাধুনিক ৩ডি প্রিন্টেড পোস্ট অফিস

বেঙ্গালুরু, ১৮ আগস্ট (হি.স.) : কর্ণাটকের রাজধানী বেঙ্গালুরুতে খুলে গেল দেশের প্রথম অত্যাধুনিক ৩ডি প্রিন্টেড পোস্ট অফিস ভবন। শুক্রবার সকালে কেন্দ্রীয় অশ্বিনী বৈষ্ণব দেশের প্রথম অত্যাধুনিক ৩ডি প্রিন্টেড পোস্ট অফিস ভবনের উদ্বোধন করেছেন। ডাক বিভাগের এক আধিকারিক জানিয়েছেন, বেঙ্গালুরু শহরের কেমব্রিজ লেআউটে ৩ডি-প্রিন্টেড পোস্ট অফিস ভবনটি ১,০২১ বর্গফুট এলাকাজুড়ে বিস্তৃত।

ডাক আধিকারিকদের মতে, এই পোস্ট অফিস বিল্ডিংয়ের নির্মাণটি নির্মাণ সংস্থা লারসেন অ্যান্ড টুব্রো লিমিটেড দ্বারা পরিচালিত হয়েছিল, যেখানে আইআইটি মাদ্রাজ প্রযুক্তিগত নির্দেশিকা প্রদান করেছিল। ৩ডি প্রিন্টেড পোস্ট অফিস ভবনের শুভ উদ্বোধন করার পর কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন, 'এই শহর সর্বদা ভারতের একটি নতুন ছবি উপস্থাপন করে। এই ৩ডি-প্রিন্ট পোস্ট অফিস বিল্ডিংয়ের পরিপ্রেক্ষিতে আপনারা যে নতুন ছবি দেখেছেন তা বর্তমান ভারতের চেতনা। এটাই সেই চেতনা যা নিয়ে ভারত এখন অগ্রসর হচ্ছে। উন্নয়নের চেতনা, আমাদের নিজস্ব প্রযুক্তির বিকাশের চেতনা যা সংজ্ঞায়িত বৈশিষ্ট্য। এই সবই সম্ভব হয়েছে কারণ দেশের এমন একটি নেতৃত্ব রয়েছে যা নির্ধারক এবং আমাদের জনগণের সামর্থ্যের উপর আস্থা রাখে।'

## পঞ্জাবের গুরুদাসপুরের আরও ৩৮টি গ্রাম বন্যা কবলিত, ক্ষয়ক্ষতির পরিমান প্রচুর

গুরুদাসপুর, ১৮ আগস্ট (হি.স.) : পঞ্জাবের গুরুদাসপুরের বন্যা পরিস্থিতি আরও খারাপ হয়ে উঠেছে। গুরুদাসপুরের আরও ৩৮টি গ্রাম বন্যা কবলিত হয়ে পড়েছে। নিরাপদ স্থানে নিয়ে যাওয়া হয়েছে ৩০ হাজার মানুষকে। প্রায় ৯০টি গ্রামে ফসলের ক্ষতি হয়েছে। শুক্রবারের আগে পর্যন্ত মোট বন্যা কবলিত গ্রাম ৫২টি। এখনও পর্যন্ত ৩০ হাজার মানুষকে নিরাপদ স্থানে নিয়ে যাওয়া হয়েছে।

এদিকে, বন্যার জলে জলবাহিত রোগের প্রকোপও বাড়ছে। এই জলবাহিত রোগের বিস্তার রুখতে ১৫টি চিকিৎসকের দল পাঠিয়েছে প্রশাসন। গুরুদাসপুরে এবারের বন্যা পরিস্থিতি ১৯৮৮ সালের বন্যার স্মৃতি ফিরিয়ে এনেছে। বন্যা কবলিত এলাকার মানুষজন অবশ্য প্রশাসনের পক্ষ থেকে সাহায্য পেয়ে খুশি প্রকাশ করেছেন।

## পঞ্চায়েত গণতান্ত্রিক ব্যবস্থার স্তম্ভ : প্রধানমন্ত্রী মোদী

নয়াদিল্লি, ১৮ আগস্ট (হি. স.) : পঞ্চায়েত হল গণতান্ত্রিক ব্যবস্থার স্তম্ভ। বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। একইসঙ্গে বিজেপি কর্মীদের উদ্দেশে তিনি বলেছেন, ২০৪৭ সালের মধ্যে ভারতকে উন্নত করার লক্ষ্যে প্রতিটি গ্রাম, তহসিল, জেলাকে উন্নত করুন। শুক্রবার সকালে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে দাদর ও নগর হাভেলি এবং দমন ও দিউ-তে ক্ষেত্রীয় পঞ্চায়েত রাজ পরিষদে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেছেন, 'পঞ্চায়েতগুলি আমাদের গণতান্ত্রিক ব্যবস্থার স্তম্ভ। আপনাদের (জেলা পঞ্চায়েত সদস্যদের) উচিত সাধারণ মানুষের সমস্যা সমাধানের জন্য কাজ করা। নিজ নিজ রাজ্যে মানুষের জীবনযাত্রার মান বাড়ানোর লক্ষ্যে কাজ করা উচিত আপনাদের।' প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এদিন বিজেপির ''জেলা পঞ্চায়েত'' সদস্যদের বিভিন্ন উন্নয়নমূলক উদ্যোগকে গণ আন্দোলনে পরিণত করার আহ্বান জানিয়েছেন। তিনি জোর দিয়ে বলেছেন, '২০৪৭ সালের মধ্যে ভারতকে একটি উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে প্রতিটি গ্রাম, তহসিল এবং জেলায় উন্নয়নের প্রদীপ জ্বালাতে হবে'। প্রধানমন্ত্রী আরও বলেছেন, ''সবকা সাথ, সবকা বিকাশ'' বিজেপির জন্য নিছক একটি স্লোগান নয়, প্রতিটি মুহূর্তে সে জন্য বেঁচে থাকতে হবে।'

## কানপুরে বিপদসীমার ওপর দিয়ে বইছে গঙ্গা, চারটি গ্রামের যোগাযোগ বিচ্ছিন্ন

কানপুর, ১৮ আগস্ট (হি.স): উত্তর প্রদেশের কানপুর জেলায় বিপদসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে গঙ্গা। বন্যার ফলে গাঙ্গেয় অববাহিকায় অবস্থিত চারটি গ্রামের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গিয়েছে। বন্যার আশঙ্কায় কিছু পরিবারকে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। সেখানকার জীব-জন্তুদেরও নিরাপদ আশ্রয়ে নিয়ে যাওয়া হয়েছে।

গঙ্গা ব্যারেজ থেকে সিংপুর গ্রামের মধ্যে অবস্থিত ভগবানদিন পূর্ব গ্রামের রাস্তাগুলো প্লাবিত হয়েছে। এই গ্রামের প্রধান সড়কে জল ঢুকে প্রায় চল্লিশটি পরিবার গৃহহীন। হরিদ্বার এবং নারোরা ব্যারেজ থেকে ভারী জল আসায় কানপুরের শুক্লাগঞ্জ, কাটরি গ্রামের নিচু এলাকাতেও বন্যার ঝুঁকি বেড়েছে। জল জমে থাকার জন্য স্কুলে যেতে পারছে না শিশুরা। রাস্তাঘাটে বেরোতে সমস্যায় পড়তে হচ্ছে চল্লিশটি পরিবারকে। বাড়িরগুলির দোরগোড়ায় পৌঁছে গিয়েছে জল। জলস্তর বৃদ্ধির আশঙ্কাও দেখা দিয়েছে। সবাই নিরাপদ স্থানে যাওয়ার প্রস্তুতি নিচ্ছে।

জল বেড়ে যাওয়ার জন্য শুক্লাগঞ্জের রবিদাস নগর, ইন্দ্র নগর, শক্তি নগর, মনোহর নগরেও বন্যার জল পৌঁছেছে। এছাড়াও গঙ্গার তীরে অবস্থিত কারবালা, হোসেন নগর, শাহী নগর, সৈয়দ কম্পাউন্ড, চম্পা পূর্ব, তেজি পূর্ব, মনসুখ খেদা গ্রামগুলো এক মাস ধরে বন্যায় প্লাবিত হয়েছে।

## নেই পুলিশ কর্মী, গধেয়ারকুঠি গ্রাম পঞ্চায়েতের বোর্ড গঠন প্রক্রিয়া স্থগিত

ধূপগুড়ি, ১৮ আগস্ট (হি. স.): জলপাইগুড়ির গধেয়ারকুঠি গ্রাম পঞ্চায়েতের বোর্ড গঠনের জন্য নেই পর্যাপ্ত পুলিশ কর্মী। এর জেরে শুক্রবারে ডাকা গধেয়ারকুঠি গ্রাম পঞ্চায়েতের বোর্ড গঠন প্রক্রিয়া স্থগিত রাখা হল। ব্লক প্রশাসনের তরফে ইতিমধ্যেই চিঠি দিয়ে সব রাজনৈতিক দলকেই বিষয়টি জানিয়ে দেওয়া হয়েছে। মূলত ধূপগুড়ি বিধানসভার উপনির্বাচনের জন্যে পুলিশ বিভিন্ন জায়গায় ব্যস্ত রয়েছে। তা ধূপগুড়ি থানা প্রশাসনকে আগেই চিঠি দিয়ে জানিয়ে দিয়েছিল। সেই ভিত্তিতেই ব্লক প্রশাসন নির্দেশিকা জারি করে আপাতত স্থগিত করা হয়েছে।

গত ৯ আগস্ট অন্যান্য গ্রাম পঞ্চায়েতের সঙ্গেই গধেয়ারকুঠি গ্রাম পঞ্চায়েতেও বোর্ড গঠন প্রক্রিয়ার দিনক্ষণ ঠিক করা হয়েছিল। পরবর্তীতে বোর্ড গঠনের জন্যে যাওয়া আধিকারিকদের (প্রিসাইডিং সহ অন্যান্য) মাঝপথেই আটকে দিয়েছিলেন তৃণমূল কংগ্রেসের কর্মীরা। শাসকদলের কর্মীদের দাবি ছিল, তাঁদের এক সদস্যা নিখোঁজ থাকায় ভোটাভুটিতে তাঁরা পিছিয়ে যেতে পারেন। সেই আশঙ্কায় আধিকারিকদেরই মাঝপথে আটকে দেওয়া হয় এবং ফিরে আসতে বাধ্য করা হয়েছিল। আটকে দেওয়া এবং আচমকা হামলার অভিযোগ এনে ঘটনায় ব্লক প্রশাসনও ধূপগুড়ি থানায় লিখিত অভিযোগ দায়ের করে। উল্লেখ্য, গধেয়ারকুঠি গ্রাম পঞ্চায়েতে বিজেপি ১১, তৃণমূল কংগ্রেস ৯, নির্দল ১ এবং সিপিএম ২টি আসনে জয়লাভ করে। বর্তমানে গ্রাম পঞ্চায়েতটি ত্রিশঙ্কু অবস্থায় থাকলেও বিজেপি বোর্ড গঠনে অনেকটাই এগিয়ে রয়েছে।

## বিহারের আরারিয়ায় সাংবাদিককে গুলি করে খুন, এসপি জানালেন অপরাধীদের খোঁজ চলছে

আরারিয়া, ১৮ আগস্ট (হি.স.) : বিহারের আরারিয়া জেলায় সাংবাদিককে গুলি করে খুন করল দুষ্কৃতীরা। ঘর থেকে ডেকে ওই সাংবাদিককে হত্যা করেছে দুষ্কৃতীরা। মৃত সাংবাদিকের নাম-বিমল কুমার যাদব। আরারিয়া জেলার রানীগঞ্জ বাজার এলাকার ঘটনা। আরারিয়ার পুলিশ সুপার (এসপি) অশোক কুমার সিং বলেছেন, 'রাণীগঞ্জ বাজার এলাকায় বিমল কুমার যাদব নামে এক সাংবাদিককে অজ্ঞাত দুষ্কৃতীরা গুলি করে হত্যা করেছে... ময়নাতদন্ত করা হচ্ছে, ঘটনাস্থলে ডগ স্কোয়াড ডাকা হয়েছে... তদন্ত চলছে এবং অপরাধীদের গ্রেফতারের চেষ্টা চলছে।'

শুক্রবার ভোরে আরারিয়া জেলার রাণীগঞ্জ থানার অন্তর্গত পাঁচ নম্বর ওয়ার্ড প্রেম নগর সাধু আশ্রমে পেশায় সাংবাদিক বিমল যাদব ওরফে পাপ্পুকে বুকে গুলি করে হত্যা করেছে দুষ্কৃতীরা। গুলির শব্দ শুনে আশেপাশের গ্রামবাসীরা পৌঁছলে দুষ্কৃতীরা পালিয়ে যায়। রক্তাক্ত অবস্থায় বিমল যাদব ওরফে পাপ্পুকে রাণীগঞ্জ কমিউনিটি হেলথ সেন্টারে ভর্তি করা হয়। যেখানে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

## কোভিড-সংক্রমণ বৃদ্ধি পেয়ে পৌঁছল ৫০-এ, ভারতে ২৪ ঘন্টায় সুস্থ ৪৫ জন, ফের মৃত্যু-শূন্য

নয়াদিল্লি, ১৮ আগস্ট (হি.স.) : ভারতে করোনার দৈনিক সংক্রমণ এখনও নিয়ন্ত্রণের মধ্যেই রয়েছে, বিগত ২৪ ঘন্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন ৫০ জন।

বৃহস্পতিবার সারাদিনে ভারতে করোনায় কারও মৃত্যু হয়নি। এই সময়ে সুস্থ হয়েছেন ৪৫ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা এই মুহূর্তে ১,৪৪১ এবং মৃত্যুর সংখ্যা ৫,৩১,৯২৪।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪, ৬৩,১১১ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ১৭ আগস্ট সারা দিনে ভারতে ৩৫,৫৬৭ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। টিকা প্রাপকের সংখ্যা বেড়ে ২২০, ৬৭,৫৯,৫৭৫-তে পৌঁছেছে।

# ছত্তিশগড়ের সাহায্য পেয়ে কৃতজ্ঞতা প্রকাশ মুখ্যমন্ত্রী সুখুর

শিমলা, ১৮ আগস্ট (হি.স) : হিমাচল প্রদেশের বিপর্যয়ের জন্য ছত্তিশগড় সরকারের তরফে সাহায্য পেয়ে মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু তাদের ধন্যবাদ জানিয়েছেন।হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু শুক্রবার বলেন, ছত্তিশগড় রাজ্য সরকার হিমাচল প্রদেশে ভারী বৃষ্টিপাতের ফলে যে দুর্যোগ তৈরি হয়েছে তার মোকাবিলায় সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে। ছত্তিশগড় সরকার, হিমাচলকে দুর্যোগের জন্য ত্রাণ তহবিল হিসাবে ১১ কোটি টাকা দান করেছে।ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী ভূপেশ বাঘেলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে তিনি বলেন, এই সহায়তা দুর্যোগের সময়ে ক্ষতিগ্রস্থ মানুষরা এই সাহায্যে পেয়ে খুবই উপকৃত হবে। তিনি আরও বলেন, অতিবৃষ্টির কারণে রাজ্যে দশ হাজার কোটি টাকারও বেশি ক্ষতি হয়েছে। রাজ্য সরকার যুদ্ধকালীন তৎপরতায় ত্রাণ ও পুনর্বাসনের কাজ চালাচ্ছে।তিনি সমস্ত সাহায্যকারীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

# স্নান করতে নেমে অজয় নদীতে ডুবে মৃত্যু কিশোরের

আসানসোল, ১৮ আগস্ট (হি. স.) : আসানসোলের জামুড়িয়া থানার দরবার ডাঙ্গা ঘাটে স্নান করতে নেমে অজয় নদীতে ডুবে মৃত্যু হল এক কিশোরের। বৃহস্পতিবার ঘটনাটি ঘটেছে।জানা গিয়েছে, মৃত কিশোরের নাম রোহিত রায় (৭)। সে জামুড়িয়া থানার বোরিংডাঙ্গার বাসিন্দা। শুক্রবার আসানসোল জেলা হাসপাতালে তাঁর মৃতদেহর ময়নাতদন্ত করা হয়। মৃতের বাবা দীপক রায় বলেন, 'গতকাল আমরা দরবারডাঙ্গা ঘাটে অজয় নদীতে স্নান করতে যাই। আমাদের সঙ্গেই ৭ বছরের ছেলে রোহিত রায় ছিল। আচমকাই সে নদীতে তলিয়ে যায়। পরে তাঁর দেহ উদ্ধার করা হয়েছে।' প্রাথমিক তদন্তের পরে পুলিশ জানায়, এই ঘটনায় একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা করা হয়েছে।

# বনগাঁয় ডেঙ্গু সচেতনতা প্রচারে নামলেন নবনির্বাচিত প্রধান

বনগাঁ, ১৮ আগস্ট (হি. স.) : নব নির্বাচিত প্রধান হওয়ার পরেই ডেঙ্গু সচেতনতা প্রচারে নামলেন বনগাঁর ঘাটবাওর গ্রাম পঞ্চায়েতের পঞ্চায়েত প্রধান আনিসুর জামান মন্ডল। এদিন সকালে পাইকপাড়া বাজার সংলগ্ন এলাকা থেকে এই সচেতনতা মিছিল শুরু হয় এবং পাইকপাড়া বাজার ঘুরে এই সচেতনতা মিছিল পঞ্চায়েত অফিসের সামনে এসে শেষ হয়।এ বিষয়ে ঘাটবাওর পঞ্চায়েতের নবনির্বাচিত প্রধান আনিসুর জামান মন্ডল বলেন, প্রতিবছর ডেঙ্গির প্রকোপে পড়ে আমাদের এই পঞ্চায়েত। আর সেই কারণেই আমার এই সচেতনতা মিছিলের আয়োজন। মানুষ যদি সচেতন থাকে, তাহলে আর ডেঙ্গির প্রকোপে পড়বে না।

# গুজরাতে আগামী দুদিন ফের বৃষ্টির পূর্বাভাস জারি

আহমেদাবাদ, ১৮ আগস্ট (হি.স) : গুজরাটে বর্ষা আবার সক্রিয় হওয়ার সম্ভাবনা রয়েছে।আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী দুই-তিন দিন রাজ্যে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আকাশে মেঘ থাকবে। আবহাওয়া দফতর আরও জানায়, সৌরাষ্ট্র ও কচ্ছে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। রবিবার ভালসাদ, নভসারি, ডাং, ছোট উদেপুর, নর্মদাতে বৃষ্টি হবে বলে জানা গিয়েছে। বঙ্গোপসাগরে একটি চাপ সৃষ্টি হওয়ায় বৃষ্টির সম্ভাবনা তৈরি হয়েছে। এখনও পর্যন্ত, রাজ্যে গড় বৃষ্টিপাতহয়েছে প্রায় ৮১ শতাংশ। গান্ধীনগর, ভালসাদ, নর্মদা এবং দাহোদে গড় বৃষ্টিপাত হয়েছে।গুজরাটে এখন পর্যন্ত গড়ে বৃষ্টি হয়েছে ৮০.৭৯ শতাংশ। প্রায় ১৯.২১ শতাংশ বৃষ্টিপাতের ঘাটতি রয়েছে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# নদিয়ায় সপারিষদ শুভেন্দু মমতাকে একহাত

নদিয়া, ১৮ আগস্ট (হি. স.) : শুক্রবার পশ্চিমবঙ্গের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী একদল বিধায়ককে নিয়ে যাদবপুরে মৃত নবাগত পড়ুয়ার নদিয়ার মামারবাড়িতে যান। সেখানে গিয়ে তাঁরা একদিকে নিহতের পরিবারের সদস্যদের স্বান্তনা জানান। তাঁদের পে থাকার আশ্বাস দেন। সেই সঙ্গে উপস্থিত সাংবাদিকদের একহাত নেন মুখ্যমন্ত্রী মমতাকে।

শুভেন্দুবাবু বলেন, মমতা ব্যানার্জী ভয় পেয়েছে। আমি তো মনে করি আমাদের আন্দোলন সফল হরেছে। তা নাহলে আন্দোলন শুরুর দুদিন বাদে আমাদের সভা আর মঞ্চ ভেঙে এভাবে গ্রেফতার করে? বিশ্ববিদ্যালরের জাতীয়তা-বিরোধী গোষ্ঠীকে উনি লড়িয়ে দিরেছেন। আমি যুব মোর্চা এবং বিদ্যার্থী পরিষদকে বলব, তাঁরা যেন নিজেদের মঞ্চ দেকে লড়াই চালিরে যান।ধরনাকারীদের দাবি, ১৯ আগস্ট পর্যন্ত আমাদের অনুমতি নেওয়া আছে। কিন্তু আজ এই শান্তিপূর্ণ ধরনা পুলিশ এসে আচমকা সরাতে বলে। এক কর্মকর্তার একটা সাইকেল ছিল পাশে। সে ওটা সরিরে নিতে চাইল। কিন্তু পুলিশ শুনল না। ওর মত আরও কয়েকজনকে ধরে নিয়ে গেল। কিন্তু কাছেই তৃণমূল বিক্ষোভ দেখাচ্ছে মঞ্চ বেঁধে।

## মনসা

● প্রথম পাতার পর

নিজের মেয়ের স্বীকৃতি দিয়েছিলেন। তবে কোনও কোনও প্রাচীণ গ্রন্থ অনুসারে শিব নয়, ঋষি কাশ্যপ হলেন মনসার পিতা। মনসা এমনিতে ভক্তবৎসল হলেও তাঁর পুজো করতে অস্বীকার করলে তিনি নির্দয় হয়ে থাকেন। যাই হোক এদিন সকাল থেকে বাড়ি বাড়ি ছিল নাগ দেবীর আরাধনা। রীতিনীতি মেনে সকলে অংশ নেয় পূজায়।

## অধিকর্তা

● প্রথম পাতার পর

নিয়েও অসন্তোষ প্রকাশ করেন তিনি। খাদ্য অধিকর্তা নির্মল আধিকারিক সাংবাদিকদের জানান, কেউ যদি আলু পেঁয়াজের দাম অতিরিক্ত রাখার চেষ্টা করে , এমন অভিযোগ পেলেই দপ্তর ওই সব ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়া হবে। তিনি আশাবাদী, আগামী কিছু দিনের মধ্যেই আলু পেঁয়াজের দাম অনেকটাই হ্রাস পাবে। তবে বাজারগুলিতে প্রতিনিয়ত ভিজিল্যান্স টিম প্রতিনিয়ত অভিযান জারী রাখবেন। তিনি এদিন এও জানান, বাজারে আলুর দাম ২০ টাকার বেশি হবে না। পেঁয়াজের পাইকারি মূল্য ৩৪ থেকে ৩৫ টাকা। এটাই বাড়িয়ে ৩৮ থেকে ৪০ টাকা করা হচ্ছে। আলু পেঁয়াজের দাম যাতে স্থিতিশীল থাকে তার জন্য প্রশাসনের অভিযান জারী থাকবে। তিনি এও বলেন সব্জির মূল্য বৃদ্ধির বিষয়টি দেখবেন কৃষি আধিকারিকরা। খাদ্য দপ্তর প্রতিটি বাজারেই এই অভিযান চালিয়ে যাবে। এদিনের অভিযানে উপস্থিত ছিলেন সদর মহকুমা অফিসের ডিসিএম অমিত কর্মকার, সদর খাদ্য কন্টোলার প্রদীপ কুমার ভৌমিক, খাদ্য ইন্সপেক্টর কিষান সাহা সহ এক ঝাক পুলিশ।

## আহত ৪

● প্রথম পাতার পর

অভিযুক্ত সকলের বিরুদ্ধে থানায় মামলা দায়ের করা হবে বলে জানায় আহত এক ব্যক্তি। এলাকাবাসীর সূত্রে খবর নেশার কারণে এলাকায় অপ্রীতিকর ঘটনা ক্রমশ বেড়ে চলেছে। পুলিশের নিয়মিত টহলদারি না থাকায় কোনোভাবেই পরিস্থিতি নিয়ন্ত্রণে আসছে না।

## সরকার

● প্রথম পাতার পর

অবদান রেখে গেছেন তারও যথার্থ সম্মান প্রদান করা হচ্ছে। আধুনিক ত্রিপুরার রূপকার মহারাজা বীর বিক্রম কিশোর মানিক্য বাহাদুরের নামে আগরতলা বিমানবন্দরের নামাকরণ করা হয়েছে। পাশাপাশি রাজ্য সরকারের আন্তরিক উদ্যোগের ফলেই রাজ্যের জনজাতিদের তৈরী রিসা আজ দেশ-বিদেশে সুপরিচিতি লাভ করেছে। এটা রাজ্যের জন্য নিশ্চয়ই একটা গর্বের বিষয়।

মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০১৪ সালে দায়িত্ব গ্রহণ করার পর দেশের জনজাতি অংশের জনগনের কল্যাণে নিরন্তর কাজ করে যাচ্ছেন। প্রধানমন্ত্রীর আন্তরিক উদ্যোগের ফলেই একজন জনজাতি সম্পদায়ের প্রতিনিধি দ্রৌপদী মুর্মু দেশের রাষ্ট্রপতি নির্বাচিত হয়েছেন। শুধু তাই নয় প্রধানমন্ত্রীর অ্যাক্ট ইস্ট পলিসির কারণেই উত্তর-পূর্বা'লের রাজ্যগুলির সঙ্গে সঙ্গে ত্রিপুরারও প্রভূত উন্নয়ন সাধিত হয়েছে। প্রধানমন্ত্রীর আন্তরিক প্রচেষ্টার ফলেই রাজ্যে ৬টি জাতীয় সড়ক নির্মাণ করা হয়েছে এবং আরোও ৪টি জাতীয় সড়ক নির্মাণের কাজ চলছে। রাজ্যের যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের ফলেই বর্তমানে রাজ্য থেকে ১২টি এ'প্রেস ট্রেন দেশের বিভিন্ন রাজ্যের মধ্যে চলাচল করছে। ৪টি রোপওয়ে নির্মাণের ম'রীও পাওয়া গেছে। যোগাযোগ ব্যবস্থার এই প্রভূত উন্নয়নের ফলেই ত্রিপুরা আগামী দিনে দক্ষিন-পূর্ব এশিয়ার প্রবেশদ্বারে পরিণত হতে চলছে।

মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান রাজ্য সরকার সকল জাতিকেই একসাথে নিয়ে চলার মানসিকতা নিয়ে কাজ করছে। কোন জাতির প্রতি যাতে কোনও ধরনের বৈষম্য না হয় সে বিষয়ে সরকারের সজাগ দৃষ্টি রয়েছে। বিশেষ করে জনজাতিদের সার্বিক উন্নয়নের ক্ষেত্রে কোন ধরনের রাজনীতিকে সরকার প্রশ্রয় দেবেনা। রাজ্যের জনজাতিদের ঐতিহ্যগত ক'ষ্টি সংস্ক'তিকে বাঁচিয়ে রাখার ক্ষেত্রেও সরকার আন্তরিক। জনজাতিদের বাঁশ, বেত শিল্পকে কিভাবে আরোও সমৃদ্ধ করা যায় সে বিষয়ে সরকার পরিকল্পনা গ্রহন করে কাজ করছে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের এডিসি এলাকার উন্নয়নে কেন্দ্রীয় সরকারও রাজ্য সরকারকে সর্বতোভাবে সহযোগিতা করে চলছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী এডিসি এলাকার সার্বিক উন্নয়নে ১,৩০০ কোটি টাকা ম'রী দিয়েছেন। এজন্য কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে রাজ্য সরকারের পক্ষ থেকে ধন্যবাদ 'াপন করেন মুখ্যমন্ত্রী।

অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী সান্তনা চাকমা বলেন, রাজ্যের বর্তমান সরকার প্রধানমন্ত্রীর সবকা সাথ সবকা বিকাশ মন্ত্রকে পাথেয় করে কাজ করে যাচ্ছে। যোগাযোগ, শিক্ষা, স্বাস্থ্য সহ প্রতিটি ক্ষেত্রেই সরকার গুরুত্ব দিয়ে কাজ করছে। ত্রিপুরাকে একটি উন্নত রাজ্যে পরিণত করতে বিভিন্ন জনজাতি সম্পদায়ের সমাজপতিদের এগিয়ে আসার আহ্বান জানান তিনি। অনুষ্ঠানে সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, জনজাতি কল্যাণে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্পগুলো সরকার গুরুত্ব দিয়ে রূপায়ণ করছে। এই প্রকল্পগুলোর সুফল যাতে জনজাতি অংশের জনগণের মধ্যে আরও বেশী করে পৌঁছানো যেতে পারে তারজন্য প্রধান সমাজপতিদের দায়িত্ব গ্রহণ করতে হবে। বর্তমান রাজ্য সরকার জনজাতি অধ্যুষিত এলাকায় শিক্ষা ব্যবস্থার উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়েছে। এরফলে জনজাতি অংশের ছেলেমেয়েরাও এখন লেটার মার্কস পেয়ে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পাশ করছে।

এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাখেন জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা ও সচিব এল. টি. ডার্লং। অনুষ্ঠানে শুরুতে জনজাতি গোষ্ঠীর প্রধান সমাজপতিদের সংবর্ধনা দেওয়া হয়। তাঁদের হাতে মুখ্যমন্ত্রী চাদর ও পুপস্তবক তুলে দেন।

## তিনটি ঘর

● প্রথম পাতার পর

শীল ও প্রণজিৎ শীলের বসত ঘরের যাবতীয় জিনিস পুড়ে ছাই হয়ে যায়। আগুন মুহূর্তে ছড়িয়ে পড়ায় পরনে কাপড় ছাড়া দুই পরিবারের পক্ষে অন্য কোন কিছুই বের করা সম্ভব হয়নি। ক্ষয় ক্ষতির পরিমাণ কয়েক লক্ষ টাকা হবে বলে অনুমান করা হয়। আগুন ক্ষতির খবর পেয়ে বিজেপির ৩১ আর কে পুর মন্ডলের সভাপতি ও সহ সম্পাদক ক্ষতিগ্রস্ত বিশ্বজিৎ শীল ও প্রণজিৎ শীলের বাড়িতে গিয়ে খোঁজ খবর নেন এবং প্রশাসন থেকে প্রয়োজন সাহায্য পাওয়ার জন্য প্রশাসনিক কর্ম কর্তা দের সাথে কথা বলেন। ইন্ডিয়ান রেডক্রস সোসাইটির পক্ষ থেকেও প্রয়োজনীয় জিনিস দেওয়ার আশ্বাস দেওয়া হয়। এই অগ্নিকাণ্ডের ফলে এলাকার মানুষ আতঙ্ক ও উৎকণ্ঠার মধ্যে ছিলো- আগুন নিয়ন্ত্রণে আসায় কিছুটা স্বস্তি মেলে।

# ডিলিমিটেশনের জের, বরাককে নিয়ে পৃথক পূর্বাচল রাজ্যের ডাক বিডিএফ-এর

শিলচর (অসম), ১৮ আগস্ট (হি.স.) : ডিলিমিটেশন প্রক্রিয়ার মাধ্যমে অসম তথা বরাক উপত্যকার বাঙালিদের মেরুদণ্ড ভেঙে দেওয়া হয়েছে। এই বিজ্ঞপ্তি বাস্তবায়িত হলে বরাক উপত্যকাকে অসমের র সাথে থাকার কোনও অর্থ হয় না। বিডিএফ কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে আজ শুক্রবার পৃথক পূর্বাচল রাজ্যের ডাক দিলেন দলের কর্মকর্তারা।সাংবাদিক সম্মেলনে বক্তব্য পেশ করতে গিয়ে বিডিএফ-এর মুখ্য আহ্বায়ক প্রদীপ দত্তরায় বলেন, যেখানে ২০২৬ সালে সারা ভারতে ডিলিমিটেশন হওয়ার কথা, সেখানে তড়িঘড়ি করে ২০০১ সালের আদমশুমারির ভিত্তিতে কেন অসমে ডিলিমিটেশন করা হল, তা রহস্যজনক। তিনি বলেন, বরাকে এই ডিলিমিটেশনের মূল দায়িত্বে ছিলেন একজন অবাঙালি মন্ত্রী ও বরাকের একজন অবাঙালি বিধায়ক যাঁদের বরাকের ইতিহাস ভুগোল সম্বন্ধে কোনও জ্ঞান নেই। সহায়তায় ছিলেন ডিআরডিএ-র এক প্রাক্তন আধিকারিক যিনি এ সব বিষয়ে অবগত। এই আধিকারিক আবার দুর্নীতির দায়ে একবার গ্রেফতারও হয়েছিলেন।প্রদীপবাবু বলেন, গুয়াহাটিতে গণশুনানির জন্য নির্বাচন কমিশনের যে তিন সদস্যের দল এসেছিল, সেখানে বরাক উপত্যকা থেকে দুশোর বেশি প্রতিবাদ পত্র দেওয়া হয়, মৌখিক ভাবে জোরালো যুক্তিও পেশ করা হয়। কিন্তু সব কিছুকে অগ্রাহ্য করে নির্বাচন কমিশন সামান্য কিছু রদবদল করে যেভাবে প্রস্তাবিত খসড়াকেই চূড়ান্ত করেছে তা দুর্ভাগ্যজনক।তিনি বলেন, সুপ্রিম কোর্টের চূড়ান্ত রায়ের আগে এতে স্বাক্ষর না করার জন্য বিডিএফ-এর পক্ষ থেকে ট্যুইট ও ইমেইলের মাধ্যমে রাষ্ট্রপতিকে অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু কোনও কিছুকে পাত্তা না দিয়ে যেভাবে গ্যাজেট নোটিফিকেশন জারি করা হল তাতে রাজনৈতিক দুরভিসন্ধি স্পষ্ট। এমন-কি সুপ্রিম কোর্টকেও যে এই সরকার ন্যূনতম মান্যতা দেয় না তাও স্পষ্ট হয়ে গেছে।বিডিএফ-এর মুখ্য আহ্বায়ক এদিন বলেন, ১৯৮০ সালে ''''বঙাল খেদা'''' আন্দোলনের মাধ্যমে রাজ্যের বাঙালিদের হেনস্থা ও বঞ্চনার যে প্রক্রিয়া শুরু হয়েছিল সেই ট্র্যাডিশন সমানে চলেছে। এনআরসি-র মাধ্যমে ১৯ লক্ষ বাঙালির নাগরিকত্ব ঝুলিয়ে রাখা হল, আধার কার্ড অকেজো করে রাখা হল, নাগরিকত্ব সংশোধনী বিলের নামে বাঙালি হিন্দুদের ভোট হাসিল করে রাষ্ট্রপতির স্বাক্ষর হওয়ার পরও আজ পর্যন্ত ঝুলিয়ে রাখা হয়েছে। বাঙালিরা এই রাজ্যের সরকারি চাকরিতে ব্রাত্য। ডি ভোটার, ডিটেনশন ক্যাম্পের খাড়া ঝুলিয়ে রাখা হয়েছে।প্রদীপ দত্তরায় এদিন বলেন, এমতাবস্থায় দলের সবার মতামতের ভিত্তিতে তাঁরা সিদ্ধান্ত নিয়েছেন, বরাকের আর অসমের সাথে থাকার কোনও অর্থ হয় না। তিনি বলেন, সুপ্রিম কোর্টের চূড়ান্ত রায় পর্যন্ত তাঁরা কোনও আন্দোলন কর্মসূচি নেবেন না। তবে পৃথকীকরণের লক্ষ্যকে মাথায় রেখে সাংগঠনিক বিস্তার এবং বিভিন্ন জনগোষ্ঠী ও দল-সংগঠনের সাথে যোগাযোগের প্রক্রিয়া এখন থেকেই শুরু করা হবে। আগামী দু''''মাস এই প্রস্তুতি চলবে। এর পর সবার মতামতের ভিত্তিতে প্রকৃত আন্দোলন কর্মসূচি নেওয়া হবে।তিনি বলেন, ১৩ নয় এবার বরাকবাসীর ৬০ আসনের বিধানসভা চাই এবং সেই বিধানসভা হবে ''''পূর্বাচল''''-এর বিধানসভা। রাজ্য হবে পৃথক ''''পূর্বাচল''''।বিডিএফ-এর মুখ্য আহ্বায়ক এদিন বলেন, বিশ্ববিদ্যালয় পৃথকীকরণের দাবিতে দীর্ঘ দশ বছরের আন্দোলন করে তাঁরা সফল হয়েছিলেন। সেই আন্দোলনে অংশ নিয়েছিলেন হিন্দু মুসলিম নির্বিশেষে উপত্যাকার সমস্ত বাংলাভাষী, সক্রিয় ভূমিকা নিয়েছিলেন চা জনজাতি,ডিমাসা, মণিপুরি, বিষ্ণুপ্রিয়া সহ সমস্ত জনগোষ্ঠীর মানুষ। একইভাবে পৃথক পূর্বাচল রাজ্যের দাবিতে তাঁদের সংগ্রাম আজ থেকে শুরু হল। তিনি বলেন, এটাই হবে তাঁর জীবনের শেষ সংগ্রাম এবং এতেও সফলতা আসবে, এ ব্যাপারে তিনি নিশ্চিত। তিনি এই লড়াইয়ে জাতি ধর্ম নির্বিশেষে আপামর বরাকবাসীর সহযোগিতা প্রার্থনা করেছেন।

# যাদবপুরকাণ্ডের প্রতিবাদে রাস্তা অবরোধের জেরে তীব্র যানজট, পড়ুয়াদের সঙ্গে বচসায় নিত্যযাত্রীরা

কলকাতা, ১৮ আগস্ট (হি. স.) : যাদবপুরে ছাত্র মৃত্যুর ঘটনার প্রতিবাদে রাস্তা অবরোধের জেরে তীব্র যানজটে কার্যত অবরুদ্ধ হয়ে পড়ল গোটা রাস্তা। শুক্রবার এই পরিস্থিতিতে অবরোধকারীদের সঙ্গে বচসায় জড়ালেন পথচারীরা।শুক্রবার যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্র সংগঠন, নাগরিক সমাজ এবং রূপান্তরকামীদের মিছিল বেরিয়েছিল। সন্ধ্যায় ওই তিনটি মিছিলই যাদবপুর থানার মোড়ে এসে পৌঁছয়। সেখানে বিক্ষোভকারীদের অনেকেই রাস্তায় বসে পড়ে স্লোগান দেওয়া শুরু করেন। তিন মিছিলের জেরে চারদিক অবরুদ্ধ হয়ে ব্যাহত হয় যান চলাচল।স্থানীয় সূ খবর, দীর্ঘ ক্ষণ পথ আটকে বিক্ষোভ চলায় ঢাকুরিয়া পর্যন্ত যানজট তৈরি হয়। এর জেরে ক্ষুব্ধ হন নিত্যযাত্রীরা। অফিস থেকে বাড়ি ফেরার পথে যানজটের জেরে নাকানিচোবানি খেতে হয় তাঁদের। অভিযোগ, অ্যাম্বুল্যান্সের মতো গাড়িও ছাড়তে রাজি হননি অবরোধকারীরা। এর পরেই বিশ্ববিদ্যালয়ের বিক্ষোভকারী পড়ুয়াদের সঙ্গে বচসায় জড়িয়েও পড়েন নিত্যযাত্রী এবং পথচারীরা।পরে অবশ্য পুলিশের হস্তক্ষেপে খোলা হয় অবরুদ্ধ হয়ে থাকা রাস্তার কিছু অংশ। ঢাকুরিয়ার দিক থেকে যাদবপুরের দিকে যাওয়া গাড়িগুলিকে ছেড়ে দেওয়ার ব্যবস্থা করা হয়। ইএম বাইপাস থেকে প্রিন্স আনওয়ার শাহ রোডের দিকে যাওয়া গাড়িগুলিকেও একে একে ছাড়া হচ্ছে। তবে অবরোধমুক্ত নয় ওই এলাকা।

# বিলোনিয়ায় সম্পন্ন ঐতিহ্যবাহী মা মনসার পুজো

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ১৮ আগস্ট।।** বিলোনিয়া শহরের প্রাচীনতম মা মনসা বাড়ি, মনসা বাড়ি পুরাতন মোটর স্ট্যান্ড সংলগ্ন এলাকায় আজ নাগ দেবী মনসা পূজা , এই পুরো শ্রাবণ মাস ব্যপী মনসা পুঁথি পড়া হয় আজ তার সমাপ্তি ,এই মনসা বাড়িতে আজ দুপুর থেকে চলছে পূজা সমস্ত ধর্মীয় রীতি নীতি মেনে চলছে মনসা পূজা। শহরের বিভিন্ন প্রান্ত থেকে মহিলার মায়ের আরাধনায় ব্রতী হয়েছেন। শঙ্খধ্বনী উলু ধ্বনির মধ্য দিয়ে বাজনা বাজিয়ে মনসা বাড়ি থেকে বের করে মনসা মায়ের শিলা পাথর বুড়ির পুকুরে স্নান করানো হয়। এই পুজোর দিনেই মনসা বাড়ি থেকে মায়ের শিলা বের করে নিয়ে আসা হয়। তাও স্নানের জন্য। স্নানের পর আবার ও মনসা বাড়িতে নিয়ে আসা হয় মায়ের শিলা পাথর। এরপর ভালোভাবে মাকে সাজিয়ে তোলার পর শুরু হয় পূজা। আজও তার ব্যাতি ক্রম হয় নি। শহরের বিভিন্ন স্থান থেকে আসা ব্রতীরা সাধ্য মতো প্রসাদ, ধুপশলা, মোমবাতি ফুল,বেল পাতা , দূর্বা সহ নাগের জন্য দুধ কলা নিয়ে হাজির হয়েছে মায়ের বাড়িতে। এরপর ব্রাহ্মনের বৈদিক মন্ত্র উচ্চারণের মধ্য দিয়ে ব্রতীরা মায়ের চরনে পুষ্পাঞ্জলি প্রদান করে। পূজা শেষে ব্রতীদের ও মায়ের দর্শনার্থীদের মধ্যে অন্নভোগ বিতরন করা হয়।

# সীমান্ত লাগোয়া বনগাঁর কিছু অংশে পালিত হল স্বাধীনতা দিবস

উত্তর ২৪ পরগনা, ১৮ আগস্ট (হি. স.) : রীতি মেনে ভারতের স্বাধীনতা দিবসের ৩ দিন পর ১৮ই অগাস্ট স্বাধীনতা দিবস পালন করা হল উত্তর ২৪ পরগনার সীমান্ত লাগোয়া বনগাঁর কিছু অংশে। পতাকা উত্তোলনের মধ্য দিয়ে, এই দিনটিতেই স্বাধীনতা দিবস পালন করে আসছেন তাঁরা। স্বাধীনতার বছর থেকেই সেই ঐতিহ্য চলে আসছে।১৯৪৭ সালের ১৭ই অগাস্ট মধ্যরাতে বনগাঁ মহকুমার বিস্তীর্ণ এলাকাকে ভারতের অন্তর্ভুক্ত করা হয়। তারপরই, ১৮ই অগাস্ট ১৯৪৭ সালে বনগাঁ প্রশাসনিক ভবনে প্রথম ভারতের জাতীয় পতাকা ওঠে। সেই দিন থেকে এখনও এই ১৮ই অগাস্ট স্বাধীনতা দিবস হিসেবে পালন করে আসছেন বনগাঁ মহকুমা আদালতের আইনজীবীরা।কেন তিনদিন পর স্বাধীনতা দিবস পালন করেন এই এলাকার মানুষ? জানা যায়, তৎকালীন পরাধীন ভারতের ভাইসরয় লর্ড মাউন্টব্যাটেন ১৯৪৭ সালের ১২ই অগাস্ট ঘোষণা করেছিলেন ভারতবর্ষকে ১৫ই অগাস্ট স্বাধীনতা দেওয়া হবে।তৎকালীন ব্রিটিশ আধিকারিক সাইরিন রাডক্লিফের তৈরি ভারতের মানচিত্রে বাংলার কিছু অংশ থেকে গিয়েছিল খানিকটা বিতর্কিত অবস্থায়। বিশেষত, বাংলার উত্তর ২৪ পরগনা, নদিয়া, সহ মালদার হিন্দু জনসংখ্যা অধ্যুষিত এলাকা তৎকালীন পূর্ব পাকিস্তান বা বর্তমান বাংলাদেশের অন্তর্ভুক্ত হয়ে গিয়েছিল।পরবর্তী সময়ে, এর ফলে কিছুটা বিরোধিতার মুখে পড়তে হয় ব্রিটিশ শাসকদের। এই বিরোধিতা এতটাই চরম পর্যায়ে গিয়ে পৌঁছয় যে, শেষমেষ দ্বিতীয় বার মাউন্টব্যাটেন নতুন করে মানচিত্র তৈরি করার পরামর্শ দেন।তিনি স্পষ্ট জানান, হিন্দু সম্প্রদায় মানুষদের ভারতের অংশ হিসেবে এবং সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষদের পূর্ব পাকিস্তানে অর্থাৎ বর্তমান বাংলাদেশে অন্তর্ভুক্ত করতে হবে।স্থানীয় এক আইনজীবী বলেন, 'সম্পূর্ণ বিষয়টি সম্পন্ন হয় ১৭ই অগাস্ট রাতে। ফলে এখানকার মানুষের কাছে ভারতবর্ষের স্বাধীনতা পাওয়ার খবর ১৮ই অগাস্ট এসে পৌঁছয়। তাই সেই দিনই ওই সমস্ত এলাকায় পালিত হয় স্বাধীনতা দিবস। তাই এদিন বনগাঁ মহকুমা আদালতে স্বাধীনতা দিবস পালিত হল'। আদালত চত্বরে অনুষ্ঠানের মধ্যে দিয়ে আইনজীবীরা জাতীয় পতাকা উত্তোলন করেন। ল' ইয়ার্স অ্যাসোসিয়েশন, বার অ্যাসোসিয়েশন সঙ্গে যুক্ত আইনজীবী, ল' ক্লার্কসহ আদালতে আসা মানুষজন এদিনের এই অনুষ্ঠানে যোগ দেন।

# মুখেই আন্তর্জাতিক মান হচ্ছে জঞ্জালের ডিপো

অশোক সেনগুপ্ত

কলকাতা, ১৮ আগস্ট (হি. স.) : অতি সম্প্রতি দাবি করা হয়েছে নিউটাউনে একটি আন্তর্জাতিক মানের বাস টার্মিনাস তৈরি হবে। প্রশাসনের কর্তার উদ্ধৃতি দিয়ে এ নিয়ে আশাপ্রদ নানা খবরও হচ্ছে। কিন্তু পরবর্তীকালে দেখা যাচ্ছে, অতীতে যেসব প্রকল্প হয়েছে, প্রায় কোনও কিছুর মানই আর আন্তর্জাতিক থাকছে না। দৃশ্যদূষণ আর রাজনীতি-নিয়ন্ত্রিত স্থানীয় ঝুপড়িবাসীদের দখলে চলে যাচ্ছে। এর প্রবনতা বাড়ছে।প্রায় দেড় দশক আগে সল্ট লেক থেকে নিউটাউনে ঢুকলে প্রবেশমুখের বাঁ পাশে একটি যৌথ নির্মাতা সংস্থার সাদা রঙের যে সুন্দর একগুচ্ছ ভবন চোখ ভরে লোকে দেখত, এখন সেখানে হকার গিজগিজ করছে। একই অবস্থা তার পরের মোড়-সহ সংলগ্ন কিছু অংশে। সল্ট লেকের সুরম্য সেক্টর ফাইভে কলেজ মোড় -সহ কিছু অংশ এখন গোটা দেশের অন্যতম 'বস্তি অঞ্চল'। এক-আধ সময়ে পুলিশ তুলে দেয়। আবার হকার এসে বসে। আরও আগে ওই প্রকল্পের ফ্ল্যাটমালিক হয়ে জেনেছিলাম, এই নতুন কলকাতায় সংযোগের তার হবে ভূগর্ভস্থ। কোথাও তার ঝুলবে না। সে সব ভাবনা এখন বিশ বাঁও জলে।

উপনগরী তৈরির সময়ে প্রথমেই যে পরিকল্পনা আবশ্যিক, তার অনেকটাই হয়নি সেক্টর ফাইভ এবং নিউ টাউনের ক্ষেত্রে। তার ফলে গায়ের জোরে হকাররা যত্রতত্র বসছে। গোড়াতেই যদি ওদের বসার পরিকল্পনা করা হত, বা হকার বসতে না দেওয়ার কঠোর সিদ্ধান্ত থাকত, 'নতুন কলকাতার' এই হতশ্রী রূপ হত না। দীর্ঘকাল জার্মানিতে থাকার সুবাদে এই প্রতিবেদকের এই নগরায়ণ পরিকল্পনা দেখার সুযোগ হয়েছে।নিউটাউনের পরিকল্পনা রূপায়ণের মূল দায়িত্ব হাউজিং ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন (হিডকো)-এর হাতে। দীর্ঘদিন ধরেই মেধাবী ও অভিজ্ঞ আমলা দেবাশিস সেনের হাতে। তিনি এ সব বুঝেও মুখ বুঁজে থাকেন, বা থাকতে হয়। কারণ একটাই শাসক দলকে চটালে চলবে না। ভোট এবং পেশিশক্তিই আসল। অবসরের পর একটা কূর্সিতে আছেন। সেটা লোভনীয়। তাই মাঝে মাঝেই নয়া পরিকল্পনার কথা ভাসিয়ে আশার আলো জাগান। কিন্তু তাঁর সদিচ্ছা থাকলেও রূপায়িত হচ্ছে স্থানীয় নিয়ন্ত্রক অর্থাৎ দাদাদের ইচ্ছে।এখন হিডকো বলছে, নিউ টাউনের অ্যাকশন এরিয়া আইআইডি-তে চার বা পাঁচ একর জমিতে আন্তর্জাতিক মানের একটি বাস টার্মিনাস কমপ্লেক্স নিয়ে আসার পরিকল্পনা করেছে। হিডকো-র এক কর্মকর্তা বলেন'কর্তৃপক্ষ বাস টার্মিনাস কমপ্লেক্সের স্থাপত্য নকশার পরিকল্পনার জন্য একটি সংস্থাকে নিযুক্ত করার আগ্রহ প্রকাশ করেছে। প্রস্তাবটি একটি প্রাথমিক পর্যায়ে রয়েছে। আমরা এমন একটি সংস্থাকে যুক্ত করতে চাই যা কমপ্লেক্সের একটি নকশা আঁকবে, আন্তর্জাতিক, আন্তঃরাজ্য, আন্তঃ রাজ্য এবং আন্তঃনগর বাস রুট পরিচালনা করবে এবং একটি বাণিজ্যিক কমপ্লেক্স যেখানে ফুড কোর্ট এবং যাত্রীদের জন্য একটি 'হ্যাং আউট জোন' থাকবে।বর্তমানে, নিউ টাউন বাস টার্মিনাসটি অ্যাকশন এরিয়া ওয়ান-এর প্রধান সড়কের কাছে অবস্থিত এবং অন্য একটি বাস স্ট্যান্ড সাপুরজি হাউজিংয়ের কাছে অবস্থিত। আধিকারিকদের মতে, নিউ টাউনের বাসিন্দারা একটি টার্মিনাসের দাবি জানিয়ে আসছেন, যেখান থেকে বিভিন্ন রুটে বাস পাওয়া যাবে। তাই এই ভাবনা। কিন্তু এত রুটের বাস এক জায়গা থেকে যাতায়ত করলে বর্তমান ধর্মতলার মত ঘিঞ্জি বিক্রেতার ভিড়ে চারপাশ ভরে যেতে বাধ্য। সেটাও কি 'হিডকো' প্রত্যাশিত আন্তর্জাতিক মানের হবে? এসবের উত্তর চাইলে 'হিডকো' কর্তারা মুখে কুলুপ এঁটে থাকেন। বলেন, "মন্ত্রীমশাইকে প্রশ্ন করুন।" আর মন্ত্রীমশাই আরও ব্যস্ত। কারণ, নানা জায়গায় একই সুরে হচ্ছে-হবে বলে বেড়াতে হচ্ছে তাঁকে। আর তাঁর বশংবদ সাংবাদিকরাও যত্ন করে সেগুলো তুলো ধরতে ব্যস্ত প্রচারমাধ্যমে।

# অঙ্গন

# রাখাল শীল্ড ফুটবলে অঘটন

# ফরোয়ার্ডকে হারিয়ে ফাইনালে রামকৃষ্ণ

| রামকৃষ্ণ-২ | ফরোয়ার্ড-১ |
|---|---|
| (নিংহাউ,লাইসরাম) | (খানগাম) |

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৮ আগস্ট।।অঘটন! আসরের হট ফেভারিট ফরোয়ার্ড ক্লাবকে হারিয়ে ফাইনাল রামকৃষ্ণ ক্লাব। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত রাখাল শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতার দ্বিতীয় সেমিফাইনালে হাড্ডাহাড্ডি লড়াইয়ের পর ২-১ গোলে ফরোয়ার্ডকে হারিয়ে ফাইনালে উঠে কৌশিক বাহিনী। ম্যাচের শুরু থেকেই দু-দল রক্ষণভাগ সামলে আক্রমণের পরিকল্পনা করে। ফলে প্রথমার্ধে বেশীরভাগ সময়ই মাঝমাঠে খেলা সীমাবদ্ধ ছিলো। ওই অর্ধে কোনও দলই গোল করতে পারেনি। উভয় দলই গোলশূণ্য অবস্থায় বিরতিতে যায়। দ্বিতীয়ার্ধে গোলের জন্য মরিয়া হয়ে উঠে উভয় দল। ওই অর্ধের ১২ মিনিটে নিংহাউ জামোলেন সিং-এর গোলে এগিয়ে যায় রামকৃষ্ণ ক্লাব। এরপর ম্যাচে ফেরায় লড়াই শুরু করে সুভাষ বসু-র ফরোয়ার্ড ক্লাব। খেলা যখন ইঞ্জুরী টাইমে গড়ায় তখনই ফরোয়ার্ড ক্লাবের আক্রমণভাগের ফুটবলার খানগাম হোরাম হেডে বিশ্বমানের গোল করে ম্যাচে সমতা নিয়ে আসেন। গোলের আনন্দ বেশীক্ষণ স্থায়ী হয়নি ফরোয়ার্ডের। ২ মিনিট বাদেই বক্সের বাইরে বল পেয়ে ডান পায়ের দুরন্ত শটে লাইলরাম রোশন সিং গোল করে রামকৃষ্ণের হয়ে ব্যবধান বাড়ান ২-১। শেষ পর্যন্ত ব্যবধান অপরিবর্তিত রেখে জয় তুলে নিয়ে ফাইনালে উঠে রামকৃষ্ণ ক্লাব।

রবিবার উমাকান্ত মিনি স্টেডিয়ামে শিল্ডের ফাইনালে কৌশিক বাহিনী মুখোমুখি হবে এগিয়ে চলো সঙ্ঘের। এদিন ম্যাচে কিন্তু রামকৃষ্ণ ক্লাবের ফুটবলাররা অনবদ্য ফুটবল খেলে। মাঝমাঠের ফুটবলার রোশন, গোবিন্দ রাজ এবং কুচাং জমাতিয়া-রা ফরোয়ার্ডের ফুটবলারদের কার্যত বন্দী করে রাখেন।যার ফলে ম্যাচে থেকে জয় তুলে নেয় রামকৃষ্ণ। কার্যত গোল মিস করার খেসারত দিতে হলো ফরোয়ার্ড ক্লাবকে। একের পর এক বিপক্ষের ফুটবলারদের নেওয়া শটগুলো তিন কাঠির নীচে অপ্রতিরোধ্যভাবে আটকে দেন রামকৃষ্ণ ক্লাবের গোলরক্ষক সুরজ জমাতিয়া।

খেলা পরিচালনা করেন আব্দুল মাজিদ চৌধুরি। খেলা শেষে রামকৃষ্ণ কোচ কৌশিক রায় বলেন,'জয়ের পুরো কৃতিত্ব সুরজের। যেভাবে ঝাপিয়ে ৩ টি অবধারিত গোল সেভ করেছে এতেই দলীয় ফুটবলারদের মনোবল বেড়ে গেছে। আর তাতেই এসেছে জয়'। হতাশ কোচ সুভাষ বসু পরাজয়ের জন্য দলের দুই নির্ভরযোগ্য মাঝমাঠের ফুটবলার জ্বরের জন্য খেলতে না পারাকে দায়ী করলেন। তবে তিনি বিশ্বাস করেন লিগে দলীয় ফুটবলাররা অনেক ভালো খেলা উপহার দেবে।

## রেজিস্ট্রেশন, অনুমোদন সবই রয়েছে টিএফএ-র, নিয়ম মেনেই চলছে সংস্থা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৮ আগস্ট।। ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশন একটি রেজিস্ট্রিকৃত সংস্থা। পাশাপাশি টিএফএ যেমন ত্রিপুরা স্পোর্টস কাউন্সিলের অনুমোদনপ্রাপ্ত, তেমনি টিএফএ অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন অনুমোদিত স্টেট ইউনিট। তবে দীর্ঘ বছর টিএফএ সোসাইটি রেজিস্ট্রেশন অ্যাক্ট অনুযায়ী রেজিস্ট্রিকৃত ছিল না, সেটা সত্য। বর্তমান পরিচালন কমিটি বিষয়টাকে গুরুত্ব দিয়ে ২০১৮ সালে আবেদনের ভিত্তিতে নির্দিষ্ট নিয়ম অনুযায়ী রেজিস্ট্রার সোসাইটি ২০২২ সালের মে মাসে রেজিস্ট্রেশন দিয়েছে বলে আজ টিএফএ-র সেক্রেটারি সাংবাদিক সম্মেলনে বিস্তারিত জানান। একই সঙ্গে তিনি সাংবাদিকদের প্রশ্নোত্তরে অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশনের নতুন নিয়ম অনুযায়ী টিএফএ তার গভর্নিং বডির বৈঠকে গৃহীত সিদ্ধান্ত অনুসারে এ-ডিভিশন লীগ ফুটবল টুর্নামেন্টে আটটি দলের পরিবর্তে নয়টি দলকে নিয়ে খেলানো হচ্ছে। আগামী বছর এই সংখ্যাটা অবশ্যই ১১ এ পরিণত করার উদ্যোগ রয়েছে। যথারীতি লীগ কমিটি বৃহস্পতিবার সন্ধ্যায় টিএফএ-র অফিস গৃহে সবকটি এডিভিশন ক্লাব দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে মিলিত হয়ে ২৩ আগস্ট থেকে টুর্নামেন্ট শুরু হবে বলে ঘোষণা করা হয়েছে। এমনকি উদ্বোধনী ম্যাচে জুয়েলস অ্যাসোসিয়েশন এবং ত্রিবেনী সংঘ পরস্পরের মুখোমুখি হবে বলে ঘোষণা করা হয়েছে। বৈঠকের সিদ্ধান্ত অনুসারে ক্লাব দলগুলো ২০ আগস্টের মধ্যে এন্টি নেবে বলেও আশা করা হচ্ছে।

ইতোমধ্যে টুর্নামেন্টের ক্রীড়া সূচিও ঘোষনা করা হবে বলে সাংবাদিক সম্মেলনে জানানো হয়। উল্লেখ্য, সাংবাদিক সম্মেলনে টিএফএ-র সভাপতি প্রণব সরকার, সম্পাদক অমিত চৌধুরী সহ অন্যান্য কর্মকর্তা বৃন্দও উপস্থিত ছিলেন।

## দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদ থেকে জুডোকা অস্মিতাকে সংবর্ধনা জানানো হবে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৮ আগস্ট।। আন্তর্জাতিক জুডোকা অস্মিতা দে-কে সংবর্ধনা জানানো হবে। দিনক্ষণ স্থির হয়নি, তবে ইতোমধ্যেই এক মনোজ্ঞ অনুষ্ঠানে অস্মিতাকে সংবর্ধনা জ্ঞাপন করা হবে। দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটি গুরুত্বপূর্ণ বৈঠকে সম্প্রতি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। রাজ্য যুব কল্যাণ ও ক্রীড়া দফতরের সহ অধিকর্তা মিহির শীল মূলতঃ অস্মিতাকে তাঁর বিশেষ পারফরম্যান্স, যেমন জুনিয়র এশিয়ান জুডো চ্যাম্পিয়নশিপে স্বর্ণপদক প্রাপ্ত অস্মিতা দে-কে জিলা পরিষদ থেকে সম্মান দেওয়ার প্রস্তাব উত্থাপন করলে আলোচনান্তে সর্বসম্মতিক্রমে তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। প্রসঙ্গক্রমে দক্ষিণ ত্রিপুরা জেলায় মোট ২৪টি কোচিং সেন্টারের সুবিধা-অসুবিধা নিয়েও বৈঠকে আলোচনা হয়। কোথাও কোন রকমের খামতি থাকলে সেগুলো পূরণ করে সঠিক সময়ে সঠিকভাবে কর্ম পন্থা রূপায়ণের কথাও জানানো হয়। উল্লেখ্য, আন্তর্জাতিক জুডোকা অস্মিতা দে-কে সংবর্ধনা জ্ঞাপনের বিষয়ে সহ-অধিকর্তা মিহির শীল যোগাযোগ করে নির্দিষ্ট দিনক্ষণ স্থির করবেন বলে বৈঠকে স্থির হয়। মহিলা ক্ষমতায়নের প্রেক্ষাপটে দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির পক্ষ থেকে আন্তর্জাতিক জুডোকা অস্মিতা-কে সংবর্ধনা জ্ঞাপনের বিষয়টি সত্যিই বিশেষ বার্তাবহ বলে বিশেষজ্ঞরা মনে করছেন।

## চ্যালেঞ্জার কাপে জয়ী নবজয় পাড়া

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১৮ আগস্ট।। জয় পেলো নবজয় পাড়া। ৭-১ গোলে বিধ্বস্ত করলো চন্দ্র সিং পাড়াকে। ব্রু সংসোনাই মথৌ ক্লাব আয়োজিত 'ব্রু চ্যালেঞ্জার কাপ' ফুটবল প্রতিযোগিতায়। করবুক মাঠে অনুষ্ঠিত ম্যাচে শুক্রবার মানিক জমাতিয়ার কাছেই কার্যত হারতে হয় চন্দ্র সিং পাড়াকে। মানিক একাই হ্যাটট্রিক সহ ৫ টি গোল করেন। অপর গোলটি করেন জোরা কুমার জমাতিয়া। বিজীত দলের পক্ষে একমাত্র গোলটি করেন সুব্রত রিয়াং।


CLAIMANT NOTICE

Following articles (vehicle) were seized by the Forest Department, Sadar Forest Sub Division. Under sec -2 under section 52 (A) Indian Forest Act 1927 and rules made there under.

| SL. No. | Name of Article | Registration No. | Engine No. & Chassis No. | Date & Time of seizure | By Whom |
|---|---|---|---|---|---|
| 01. | TATA 407 | TR01-AF-1598 | Engine No:- Nil & Chassis No: - Nil | 15.07.2023 at 05:41 am | Sri Pradip Kr. Sarkar, Fr. A/O FPU Sadar |

Therefore, in exercise of power under Indian Forest Act it is contemplated to confiscate the said vehicle for its use in commission of forest offence. Therefore it is once again brought to the notice of legal owner of above mentioned seized articles to prefer his/her/their claim to the Authorized Officer (Sub Divisional Forest Officer Sadar Sub Division, Agartala.) within 25 (twenty five) days from the date of issue of the notice alongwith legal relevant documents supporting ownership, failing which the decision regarding the confiscation of all the article seized shall be taken ex-parte.

Issued under my seal and signature of this day on 14.08.23

ICA/D-804/23

(K. Debbarma, TFS)
Sub-Divisional Forest Officer
Sadar Forest Sub-Division

14/8/23
(K.Debbarma, TFS)
Sub Divisional Forest Officer
Sadar Sub Division, Agartala

No.F.7-9(TR01-AF-1598/TATA ACE/SDFO-SADAR/FOR/2022-23/ 4864-107 Dated 14/8/2023

**SHORT NOTICE INVITING HAND QUOTATION**

Sealed cover hand quotation Tender are hereby invited on behalf of the Governor of Tripura ,by the Dy. Director of Horticulture, Bishalgarh Sepahiajla, Tripura from the interested lawful supplier/ registered firm/Agencies/Co-operative Society for stationery articles having valid Licence/ registration with GST of Tripura for supplying the stationery article for a period of 1 (One ) year or more for use of office purpose on the following terms & conditions.
The intending quotation should quote the rate with a copy of Farm Registration, GSTIN Registration, Trade Licence, Tax Clearance Certificate(P-Tax) and Income Tax return acknowled - gement(ITR-V),Pan Card & Bank passbook of farm as evidence. The specification of "OFFICE STATIONERY ARTICLE" is enclosed herewith Annexure-I. same day at 4.00 PM. if possible.
Tender should be written in plain paper as per format given bellow:-

| Particulars of Firm with Licence & GST No. | Year of validity | Name & address of the Firm/Supplier | Rate | | | | Particulars of earnest money |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Items | P/Rims/ Nos. | Quantity | Amount | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

ICA/C-1924/23

Dy..Director of Horticulture,
Bishalgarh Sepahiajla Tripura

**CORRIGENDUM**

Due to unavailable Circumstances, the press notice Inviting e-Tender vide DNIT No.F.1(1 )-SF(BLN)/TENDER/2023-24/2024 Dated,07.07.2023.and Tender ID: of Fishery Inputs Floating Pelite under the Superinten hich was published in Tripura e- eated as Cancelled. 2023. FISH_39929_1 for supply dent of Fisheries, Belonia Sub-Division during the year 2023-24 wl procurement portal on 12.07.2023 and opened on 04.08.2023 has been as Cancelled.

ICA/C-1921/23

(J. L. Saha)
Superintendent of Fisheries
Belonia, South Tripura

**No.F.1(11)-GDP/UDP/Estt.(Proc)/2023/Canteen/ Dated: 16-08-2023**
**SHORT NOTICE INVITING QUOTATION**

Sealed item rate quotations are hereby invited from cligible Registered/Licensed/Authorized, experienced and reputed Canteen/Restauran/SHGs/Catering Operators for "Operating the Canteen at Gomati District Polytechnic, Fulkumari, Udaipur, Gomati Tripura". Detailed specification, necessary terms & conditions and requisite documents can be downloaded from the websi www.gdp.nic.in. Interested bidders may send or drop their bids and offers to the "Principal, Gomati District Polytechnic, Fulkumari" in sealed cover superscripting "Quotation for Operating the Canteen at Gomati District Polytechnic, Fulkumari, Udaipur, Gomati Tripura" latest by 31-08-2023 upto 4:00 P.M. The quotations will be opened on 01-09-2023 at 2:00 P.M., if possible, in presence of intending bidders. Quotations received after the due date and time will not be taken into consideration. The undersigned reserves the right to reject any quotation including the lowest one without assigning any reason thereof.

ICA/C-1917/23

Sd/- (Suraj Deb Barma)
Principal-in-ch
Gomati District Polytechnic

**PRESS NOTICE INVITNG E-TRNDER No.: 08/EE/UDP-DIVN/UDP/2023-24, Dated. 09.08.2023.**

The Executive Engineer, Udaipur Division, PWD(R&B), Udaipur, Gomati District, Tripura on betialf of the 'Governor of Tripura', invites online percentage rate e-tender for the following work:
1. Name of work: Construction of 08 (eight) nos. staff quarters [ Type -I quarter - 04 units (one block - twin- double storey) and Type -II quarter - 04 units (one block - twin- double storey) ] at Athrabhola PHC, Gomati District, Tripura under NHM / SH: Building portion including internal water supply, Sanitary installation, Sewage and Drainage works.
Estimated Cost: Rs/-2,02,28,401.00
Earnest Money : Rs/-4,04,568.00
Bid Fee: Rs/-8,000.00
Last date & time for online Bidding: 11.09.2023 upto 3:00 PM
Date of Opening of Bid : 12.09.2023 at 11.00 AM, if possible.
Note: The bid forms and other details including online activities should be done in the e-procurement portal https://tripuratenders.gov.in a

ICA/C-1912/23

Udaipur Division,
Udaipur, Gomati District, Tripura

**Notice Inviting Tender**

Natice Inviting Tender in plain paper is hereby invited for "Work for repairing of Door, Window, Chair, Table, Mattress, any type of Carrying Trolley, Hospital Bed, & Hospital ]3ed side locker with Painting, Compartmental locker with Painting, Wardrobe, Painting of wall at AGMC & GBPH, Agartala". Subject to certain terms & conditions vide file No.F.3(24)-AGMC & GBPH/ S&P/General Articles/2021-22(Sub-l).
Last date of submission of offer to the Medical Superintendent & Head of Department, Agartala Government Medical College & G.13.P. Hospital, Agartala on or before 4:00 pm of 7 OS oO 9- / 2023 by Speed post/courier/registered post only.
The Terms & conditions for the same may be collected free of cost from www.agme.nic.in A.G.M.C. Agartala prior to the last date of submission of the NIT.

ICA/C-1909/23

Medical Superintendent & Head of Department
A.G.M.C, & G.B.P. Hospital, Agartala.

**Notice Inviting Tender**

Notice Inviting Tender in plain paper is hereby invited for "Purchase of Plastic Jar for use in Department of Forensic Medicine & Toxicology of AGMC & GBP Hospital, Agartala." subject to certain terms & conditions vide file No. F. 3(23)-AGMC & GBPH/S&P/Stationary Articles/2023-24(sub-I)
Last date of submission of offer to the Medical Superintendent & Head of Department, Agartala Government Medical College & G.B.P. Hospital, Agartala on or before 4:00 pm of os / oF / 2023 by Speed post/courier/registered post only.
The Terms & conditions for the same may be collected free of cost from www.agme.nic.in , A.G.M.C. Agartala prior to the last date of submission of the NIT.

ICA/C-1907/23

Medical Superintendent & Head of Department
A.G.M.C, & G.B.P. Hospital, Agartala.

**NOTICE INVITING TENDERS**

College of Agriculture, Tripura invites offline tenders from bonafide registered commercial vehicle owners or travel agencies for Hiring of Vehicle on Rental basis for RKVY Onion, ICAR-ITVR-PAV and NABARD-Kharif Onion ctc. funded project activities @nducled by College of Agriculture, Tripura. The bid document is available in the webpage of College of Agriculture, Tripura, http://coatripura.ac.in/ and at the office of the College of Agriculture, Tripura. Last Date and time of submission of.the tender is 7" day from the date of publication of this NIT in local daily or in the college website upto 03.00 hrs IST (Indian Standard Time) at College of Agriculture, Tripura only

ICA/C-1903/23

(Dr TK Mauty)
Principal
College of Agriculture, Tripura

**TTAADC Polytechnic Institute, Khumulwng**
**No. F.1(16)-TPV/Estt/Admission/2023-24**
**ACADEMIC NOTIFICATION REGARDING COMMENCEMENT OF CLASSES**

1) All newly admitted 4% year students are hereby intimated that Student's Induction programme-2023 designed for them will commence from 21° August, 2023 at 11 OOAM. All students must attend the programme without any absence.
2) Parent-Teacher's Meeting for newly admitted students is scheduled on 31/08/2023 at 2:00PM. All parents/Guardians are requested to attend the meeting positively.
3) Classes for 3rd and 5th Semester will commence from 28thAugust, 2023. All students must remain present on that day.
4) Students who applied for Re-admission in odd-semester are hereby directed to visit the Examination section of the Institute from 22/08/2023 to 29/08/2023 between 11Am to 3PM and get re-admitted with requisite fees and attend the classes regularly.

ICA/D-810/23

(Dr. Tamojay Beb
Principal-in-Charge

E-Mail: sdfo Bagafa15@ gmail.Com
2nd CLAIMANT NOTICE

WHEREAS, it has been reported by Sri Madhab Banik Fr of RA Hrishyamukh Range on 06.06.2022 vide his OR No 31/Hrishyamukh Range/2022-2023/dated 07.06.2022 and Forwarded by RO. Hrishyamukh that Sri Madhab Banik Fr of Hrishyamukh Range intercepted 1(one) nos. Power Chain saw, Machine on 06.06.2022 at 1:30 PM, at Haripur under Hrishyamukh Beat area without any valid document.

AND WHERES, Sri Madhab Banik Fr of RA Hrishyamukh Range seized the said Power Chain saw, Machine and brought in to the safe custody of Hrishyamukh Range
AND THEREFORE, in exercise of the powers conferred upon by the Notification NO. F.7(310)/For/FP/2016/25701-747 dated 15.11.2016 of the Forest Department, Govt of Tripura as Authorized Officer for the purpose of the SUB- Section 2 of Section 52(A) of Indian Forest Act,(Tripura 2nd Amendment) Act,1986, it is contemplated to confiscate the said Power Chain saw, Machine Model No-Kisan Kratt (R) KK-CSP-6522 Engine No. illegible for its use in commission of Forest Offence U/S 41 &42 &52(A) 1986 and rules made there under by the Govt. of Tripura.

WHEREAS, a Claimant Notice was issued from this office vide NO.F.9-2/OR/Approved/SDFO/BGF/2020-2021/5169-175 dated 27.07.2022.

Now THEREFORE, it is brought to the notice of the legal owner of the Power Chain saw, to prefer his/ her claim over the said Chain saw, Machine in writing to the Authorized Officer (Sub- Divisional Forest Officer, Bagafa Forest Sub- Division), within 30(Thirty) days from the date of issue of this notice or through his/ her legally authorized person submitting all the relevant valid documents in Original in support to his / her Claim. Till such time said Power Chain saw, Machine Model No-Kisan Kratt (R) KK-CSP-6522 Engine No. illegible , will remain under the safe custody of Hrishyamukh Range if the authorized owner of said Power Chain saw, fails to prefer his/her claim within the stipulated date on any working days, the decision regarding confiscation of the same will be taken ex parte.

ICA/D-806/23

E-Mail: sdfo Bagafa15@ gmail.com
2nd CLAIMANT NOTICE

WHEREAS, it has been reported by Sri Sujit Das, Fr I/C FPU, Bagafa under Bagafa Range on 06.08.2022 vide his No. 25/FPU-Bagafa/2022-2023/dated 07.07.2022 and Forwarded by RO. Bagafa Range that Sri Sujit Das, Fr of Bagafa Range intercepted 1(one) nos. Chain saw, Machine on 07.07.2022 at 8.20 PM, at Jamatiapara(Manu Bazar) under Manpathar Beat area without any valid document.

AND WHERES, Sri Sujit Das, Fr I/C FPU, Bagafa under Bagafa Range seized the said Chain saw, Machine and brought in to the safe custody of Bagafa Range
AND THEREFORE, in exercise of the powers conferred upon by the Notification NO. F.7(310)/For/FP/2016/25701-747 dated 15.11.2016 of the Forest Department, Govt of Tripura as Authorized Officer for the purpose of the SUB- Section 2 of Section 52(A) of Indian Forest Act,(Tripura 2nd Amendment) Act,1986, it is contemplated to confiscate the said Chain saw, for its use in commission of Forest Offence U/S 26/1(a) &(e) of Indian Forest Act.1927 and rules made there under by the Govt. of Tripura.

WHEREAS, a Claimant Notice was issued from this office vide NO.F.9-2/OR/Approved/SDFO/BGF/2020-2021/3399-406 dated 29.07.2022.

Now THEREFORE, it is brought to the notice of the legal owner of the Chain saw, to prefer his/ her claim over the said Chain saw, Machine in writing to the Authorized Officer (Sub Divisional Forest Officer, Bagafa Forest Sub Division), within 30(Thirty) days from the date of issue of this notice or through his/ her legally authorized person submitting all the relevant valid documents in Original in support to his / her Claim. Till such time said Chain saw, will remain under the safe custody of Bagafa Range if the authorized owner of said Chain saw, fails to prefer his/her claim within the stipulated date on any working days, the decision regarding confiscation of the same will be taken ex- parte.

ICA/D-805/23

**Central Selection Committee 2023**
**Education (Higher) Department**
**Government of Tripura**
**Date:- 18" August, 2023**
**Notice For Extension of Date for IT Passout Students for Applying in the Diploma Engineering Admission Portal in the Academic Year 2023-24**

This is for information of all concerned candidates that the dates of ITI Passout Students for Applying in the Diploma Engineering Admission Portal in the Academic Year 2023-24 have been 'extended as per the details given below:

| | |
|---|---|
| Extended Date and Time | From 19th august 2023 From 02:00 PM onwards Upto 22nd August, 2023 till 11:59 PM |
| Address of Online Application Portal: | https://deeet.tripura.gov.in/ |
| For Downloading Final Marksheet of ITI Trades 2023 | https://ncvtmis.gov.in/pages/marksheet/validate.aspx |

N.B.: the applicants are instructed to upload a self attested copy of the Screenshot of the final marksheet in the DEEET online application portal those who don't have a Consolidated Mark sheet.

ICA/D-812/23

(Chairman)
CSC 2023

# দৃষ্টিহীন শিল্পী উত্তম ঘোষের আত্মজীবনী

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ১৮ আগস্ট।।** আজকাল আমাদের সমাজ ব্যবস্থার মধ্যে, যারা, অসহায়, অন্ধ বঞ্চিত, লাঞ্ছিত, তাদের মধ্যে এমন একজন, অন্ধ শিল্পী হিসেবে গান গেয়ে জীবন জীবিকা নির্ভর চলেছে। তারই মধ্যে অন্যতম এক অন্ধ শিল্পী হলেন উত্তম ঘোষ। হয়তো অন্ধ শিল্পী উত্তম ঘোষকে রাজ্যের আনতে, প্রান্তে, সীমান্তে, সব জায়গাতেই,শুধুর সাবরুম, উদয়পুর,বেলুনিয়া কৈলাশহর, ধর্মনগর, আগরতলা, আসামের করিমগঞ্জে পর্যন্ত বাজার গুলিতে গান গেয়ে ভক্তদের আনন্দ দিয়ে সামান্য কিছু টাকা রোজগার করে দুটো রুটি চা টা ডাল ভাতের ব্যবস্থা করেন। হয়তো অনেক অন্ধ গায়ক কে প্রায় জায়গাতে দেখেন, কিন্তু কেউ কি তার কোন জীবন কাহিনী নিয়ে ভাবেন। আমরা সংবাদ কর্মী হিসেবে তার জীবন কাহিনী পাঠক হৃদয়ের দরবারে স্থান দিতে চাই। অসহায় অন্ধ সাধারণ মানুষটির হ্যালো উত্তম ঘোষ বয়স ৫০ আগরতলা, রাধানগর নিবাসী। জন্মসূত্রে, সে অন্ধ ছিল না,কোন এক অজানা রোগের কারণে সে অন্ধ হয়ে যায়। তার মা ছিল এখন মা ও নেই, একমাত্র সে, একাকী নিঃসঙ্গ জীবন যাপন করছে, মানুষের মনে আনন্দ দান করছে, গান গেয়ে, এখন গানে প্রাণ, তার ভরসা, ভালোবাসা, এটাই হচ্ছে তার জীবন। দীর্ঘ ১৫ এক প্রান্ত থেকে অন্য প্রান্তে গান গেয়ে ঘুরে ঘুরে জীবিকা নির্ভর করছে শুধু ডাল ভাতের জন্য, গত পরশু দিন সোনামুড়া মহাকুমার তামশা বাড়ি চৌমুনি দোকানের সামনে , বারান্দায় বসে, প্রচন্ড রৌদ্রকে উপেক্ষা করে, হারমোনিয়াম নিয়ে মনমুগ্ধকর গান গেয়ে, সুমধুর কণ্ঠস্বরে দর্শকদের আনন্দ দান করছেন, উপায়ে কিছু টাকা পয়সা দিয়ে সাহায্য করছে উপস্থিত দর্শকরা। উনার গানের সুর মনমুগ্ধকর হয়ে দাঁড়িয়ে, নাম জীবন কাহিনী, উপলব্ধি, জিজ্ঞেস করলাম। দেখলাম গানের শেষে, গান শুনে দু চারটি টাকা কড়ি দিচ্ছে, দর্শকরা, তাতেই চারট ডাল ভাতের ব্যবস্থা, উত্তম ঘোষ জানিয়েছেন। উত্তম বাবুকে জিজ্ঞেস করেছিলাম, আপনি কি, ভাতা পান, না ভাই আমি, অন্ধ মানুষ, আমাদের কোন ভাতা নেই, অত্যন্ত বিনয় দুঃখ কষ্টের সহিত ভাতা পাইনা, এ কথা বলিলেন উত্তম ঘোষ। উনি আরো বলিলেন আমার কোন বিপিএল কার্ড নেই, আমি প্রধানমন্ত্রী আবাসিক যোজনার ঘরটা পর্যন্ত পেলাম না। সবচেয়ে অবাক, এবং অত্যন্ত হৃদয় বিদারক বেদনা ভরা, করুণ ন্ট্রে হৃদয়স্পর্শী, দুঃখের সহিত, বললেন আমি কোন, জন্মে,কি পাপ করেছিলাম , তার পাপের প্রায়শ্চিত্ত করছি, প্রায়শ্চিত্তর কারণেই ঘুরে ঘুরে গান গেয়ে জীবন কাটাতে হলো। তাই এখন প্রশ্ন হচ্ছে বর্তমান সরকারের দৃষ্টি গুচরে , উত্তম ঘোষ অন্ধ শিল্পীর জীবন কাহিনী জানা আছে কি। যদি সরকারের দৃষ্টিকোণের বাইরে থাকে, তাহলে সরজমি নে তদন্ত করে, অসহায় অন্ধ উত্তম ঘোষের বিপিএল কার্ড, অন্ধ ভাতা, প্রধানমন্ত্রী আবাস যোজনার ঘর, সরকার মহোদয় যেন অতি তাড়াতাড়ি দেওয়ার জন্য, সংবাদ কর্মী হিসেবে অনুরোধ করছি, সরকারের নিকট। গরিব দরিদ্র অসহায় অন্ধ বিকলাঙ্গ ব্যক্তিদের উন্নয়ন হলে, সবকা সাথ, সবকা বিকাশ হবে,। তাদেরকে বাদ দিয়ে যতসব উন্নয়ন করা হোক না কেন সরকার ব্যাথরতার পরিচয় দেবে। এখন দেখার বিষয় অন্ধ শিল্পী উত্তম ঘোষের জীবন কাহিনী নিয়ে সরকার কি পদক্ষেপ গ্রহণ করে।

# ইন্ডিগো গাড়ির ধাক্কায় গুরুতর এক যুবক

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ১৮ আগস্ট।।** আজ সন্ধ্যা ছয় ঘটিকার সময় বাইকও ইন্ডিগো গাড়ির ধাক্কায় গুরুতর আহত শাকিল হোসেন এক যুবক বাড়ি বক্সনগর এলাকায়।শাকিল হোসেন ও তার বন্ধু বাইকে করে বিশালগড় থেকে বক্সনগর আসার পথে মানিক্যনগর কালিবাড়ির সামনে বক্সনগর দিক থেকে আসা ইন্ডিগো টিআর১পি০২৬৬ নাম্বারের গাড়িটি বাইকে সজোরে ধাক্কা মারে এতে ঘটনাস্থলে বাইক আরোহী শাকিল হোসেন ছিটকে পড়ে যায়।পরবর্তী সময়ে ঘটনাস্থল থেকে শাকিল হোসেন কে বক্সনগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসা হয় বক্সনগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে প্রাথমিক চিকিৎসা করে কর্তব্যরত চিকিৎসক শাকিল হোসেনকে উন্নত চিকিৎসার জন্য আগরতলা জিবি হাসপাতালে রেফার করে দেয়।ঘটনাস্থল থেকে ইন্ডিগো গাড়িটি ধাক্কা মেরে পালিয়ে যেতে চেষ্টা করলে কিছু সংখ্যক যুবক গাড়িটিকে ঘটনাস্থল থেকে কিছু দূরে আটক করে সেখান থেকে গাড়ি চালক তাদের কে দাক্কা মেরে সামনে থেকে পালিয়ে যেতে সক্ষম হয়। ইন্ডিগো গাড়িটির ধাক্কায় শাকিল হোসেনের পায়ে ভেঙ্গে দু-টুকরো হয়ে যায়।এখন দেখার বিষয় প্রশাসন ওই ঘাতক গাড়িটিকে এবং চালকে ধরতে পারে কিনা। সেদিকে তাকিয়ে আছে এলাকার জনসাধারণ ও পথ চলতি মানুষ।

# রাজ্যে ২০ হাজার হেক্টর জমি জৈবচাষের আওতায় রয়েছেঃ কৃষিমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ আগস্ট।।** বর্তমানে রাজ্যে জৈব পদ্ধতিতে সুগন্ধী চাল সহ আনারস, গোলমরিচ, আঁদা, হলুদ, কাঁচালঙ্কার চাষ হচ্ছে। জৈব চাষের আওতায় রয়েছে রাজ্যের ২০ হাজার হেক্টর জমি। রাজ্যের ১৯, ৯০০ জন ক'ষক জৈবচাষের সঙ্গে যুক্ত রয়েছেন। আজ উদ্যান পালন ও ভূমি সংরক্ষণ অধিকার কার্যালয় প্রাঙ্গণে ন্যারামেকের জৈবিক ফসল বিক্রয় কেন্দ্রের উদ্বোধন করে সাংবাদিক সম্মেলনে একথা বলেন কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ। ন্যারামেকের এই আউটলেটে রাজ্যে জৈবচাষ পদ্ধতিতে উৎপাদিত বিভিন্ন ফসল ও সামগ্রী পাওয়া যাবে। পরবর্তীতে প্রাক'তিক উপায়ে উৎপাদিত সামগ্রী সহ স্বসহায়ক দল ও স্ব-উদ্যোগীদের উৎপাদিত বিভিন্ন সামগ্রীও এই আউটলেটে পাওয়া যাবে বলে ,ক'ষিমন্ত্রী জানান। বর্তমানে রাজ্যে আগরতলা সুসংহত স্থলবন্দর, সদর মহকুমা শাসক কার্যালয় এবং সচিবালয়ে ন্যারামেকের এধরণের আউটলেট রয়েছে। সহসাই আগরতলা রেলস্টেশন, সাবম সুসংহত স্থলবন্দর ও শ্রীমন্তপুর সুসংহত স্থলবন্দরেও ন্যারামেকের আউটলেট খোলা হবে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক'ষি ও ক'ষক কল্যাণ দপ্তরের সচিব অপূর্ব রায়, উদ্যান পালন ও ভূমি সংক্ষণ দপ্তরের অধিকর্তা ড. ফনীভূষণ জমাতিয়া, ন্যারামেকের এমডি রাজীব অশোক প্রমুখ। সাংবাদিক সম্মেলনে কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেন, আউটলেটে প্রাপ্ত বিভিন্ন সামগ্রী ন্যারামেক অনুমোদিত একটি ভ্রাম্যমান যানের মাধ্যমে শহর এলাকার বিভিন্ন ওয়ার্ডে ঘুরে ঘুরে বিক্রয় করা হবে। পতাকা নেড়ে এই ভ্রাম্যমান যানেরও আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। ক'ষিমন্ত্রী বলেন, একটি বেসরকারি সংস্থার মাধ্যমে রাজ্য থেকে ৩২ মেট্রিকটন প্রক্রিয়াজাত ভু-া মহারাষ্ট্রে পাঠানো হবে। এরমধ্যে প্রথম পর্যায়ে আগামীকাল ১৬ মেট্রিকটন ভু-া পাঠানো হবে। সাংবাদিক সম্মেলনে তিনি আরও বলেন, জৈবচাষ এলাকার নিরিখে ভারতবর্ষ বিশ্বের চতুর্থ স্থানে রয়েছে। অস্ট্রেলিয়া, আর্জেন্টিনা ও স্পেনের পরেই ভারতবর্ষের স্থান। ২০২১ সালের এক সার্ভের অনুযায়ী দেশের ২৩ লক্ষ হেক্টর জমিতে জৈবচাষ করা হয়। উত্তর-পূর্বা'লের রাজ্যগুলির মধ্যে সিকিম ১০০ শতাংশ অর্গানিক রাজ্য হিসেবে ঘোষিত হয়েছে। জৈবচাষে সহায়তার জন্য রাজ্যে আইকোয়া, শীল বায়োটেক এবং সিমফেড সার্ভিস প্রোভাইডাররা রয়েছেন। জৈবচাষ পদ্ধতিতে ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবর্ষে রাজ্যে এখন পর্যন্ত ২৬ মেট্রিকটন সুগন্ধী চাল, ৬২ মেট্রিকটন আঁদা, ১৪ মেট্রিকটন হলুদ, ১৪৯ মেট্রিকটন আনারস বাজারজাত করা হয়েছে। রাজ্যে ৫ হাজার ৮৬ হেক্টর জমিতে প্রায় ৫০ হাজার মেট্রিকটন আনারস জৈবচাষ পদ্ধতিতে উৎপাদন করা হয়েছে।সাংবাদিক সম্মেলনে ক'ষিমন্ত্রী জানান, রাজ্যে উৎপাদিত ক্যুইন প্রজাতির আনারসের এখন জিআই ট্যাগ হচ্ছে। আগামীদিনে সুগন্ধী লেবু, কাঁঠাল ও সবরি কলার জিআই ট্যাগ পাওয়ার জন্য প্রচেষ্টা নেওয়া হচ্ছে। বর্তমানে রাজ্যে জৈব পদ্ধতিতে চাষের প্রতি ক'ষকদের আগ্রহ বাড়ছে।

# প্লাস্টিক, তামাকজাত দ্রব্য ও মেয়াদ উত্তীর্ণ জিনিসের বিরুদ্ধে প্রশাসনিক অভিযান

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১৮ আগস্ট।।** শুক্রবার সকালে বিশালগড় মহকুমা প্রশাসন ও জেলা টোবাকো কন্টোল সেলের যৌথ উদ্যোগে বিশালগড় এবং চড়িলামে কয়েকটি স্থানে প্লাস্টিক, তামাকজাত দ্রব্য ও মেয়াদ উত্তীর্ণ জিনিসের তল্লাশি অভিযান চালানো হয়।এর আগেও প্রশাসনিক আধিকারিকরা ঐসব দোকানে তল্লাশি চালিয়ে দোকান মালিকদের সতর্কবার্তা দিয়ে এসেছিলেন। কিন্তু কিছু অসাধু ব্যবসায়ী প্রশাসন কে বৃদ্ধাঙ্গুল দেখিয়ে প্লাস্টিক ক্যারিব্যাগ, তামাকজাত দ্রব্য ও মেয়াদ উত্তীর্ণ জিনিস বিক্রি করে যাচ্ছিল। শুক্রবার সকালে প্রশাসনের অভিযান চলাকালে সাতটি দোকান থেকে প্লাস্টিক ক্যারিব্যাগ,তামাকজাত দ্রব্য ও মেয়াদ উত্তীর্ণ জিনিস পাওয়া যায়। তাছাড়া একটি মাংসের দোকান থেকে মেয়াদ উত্তীর্ণ একটি ইলেকট্রনিক উইং মেশিন নিয়ে আসে। দোকান গুলোকে প্রশাসনের তরফ থেকে আর্থিক জরিমানাও করা হয়।প্ল্যাস্টিক ক্যারিব্যাগ ব্যবহারের জন্য একহাজার টাকা, তামাকজাত দ্রব্য ও মেয়াদ উত্তীর্ণ জিনিসের জন্য দুইশো টাকা করে জরিমানা করা হয়। বুধবার এই অভিযানে নেতৃত্ব দেন ডিসিএম প্রসেনজিৎ দাস সহ লিগাল মেথোলজি অ্যাসিস্ট্যান্ট ডাইরেক্টর নিতা রানি দেবনাথ, ড্রাগ ইন্সপেক্টর বিকাশ দেববর্মা, ফুড ইন্সপেক্টর নয়ন দাস অন্যান্য আধিকারিক গণ। প্রশাসনের এমন অভিযানে খুবই খুশি ক্রেতা সহ স্থানীয় জনগণ।

# নেশায় আসক্ত হয়ে মৃত্যু এক যুবকের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ আগস্ট।।** ব্রাউন সুগারের নেশায় প্রান গেল এক যুবকের। মৃত যুবকের নাম বিজয় সূত্রধর। তার বাড়ি রাজধানীর জয়নগর মহাবীর ক্লাব এলাকায়। তার এক স্ত্রী ও সন্তান রয়েছে বলে জানা গেছে। তবে প্রতিনিয়ত সে নেশায় বুদ হয়ে রাজধানীর উড়ালপুল ব্রীজের নিচে পড়ে থাকতো বোলে জানা গেছে। সে পেশায় দিন মজুরের কাজ করলেও বর্তমানে কাজ ছেড়ে নেশায় নিমজ্জিত থাকতো বলে জানা গেছে। শুক্রবার সকালে পথ চলতি সাধারন মানুষ তার মৃতদেহ দেখতে পেয়ে খবর দেয় বটতলা থানার পুলিশকে। পুলিশ এসে মৃতদেহ উদ্ধার করে জিবি হাসপাতালের মর্গে পাঠিয়েছে।

# ফের জল ও বিদ্যুতের দাবীতে পথ অবরোধ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ আগস্ট।।** বিদ্যুৎ ও জলের দাবীতে প্রতিদিন রাজ্যের কোনো না কোনো এলাকায় পথ অবরোধ অব্যাহত। শুক্রবারও তার ব্যতিক্রম নয়। এদিন পানীয় জলের দাবীতে সাব্রুম থেকে বৈষ্ণবপুর যাওয়ার সড়ক অবরোধ করল আইলমারা এলাকার জনগণ। অভিযোগ বিগত ২৮ দিন ধরে জল ও বিদ্যুৎহীন গোটা এলাকা। বারবার সংশ্লিষ্ট দপ্তরের গোচরে বিষয়টি নিয়েও কাজের কাজের কিছুই হচ্ছে না। তাই শেষ পর্যন্ত এক প্রকার বাধ্য হয়ে তারা এদিন সড়ক অবরোধ করে। এই তীব্র গরমে জল ও বিদ্যুতের অভাবে এক প্রকার জনজীবন বিপর্যস্ত। এদিন রাস্তা অবরোধের ফলে যানজটের সৃষ্টি হয়। ভোগান্তিরশিকার হন সাধারন মানুষ।

# সচেতনতা শিবির

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ আগস্ট।।** শুক্রবার দুপুরে আয়োজিত এক সচেতনতা শিবির আয়োজন করা হয় দেবীপুরে। জনপ্রতিনিধি এবং স্থানীয় জনতার উপস্থিত ছিল লক্ষণীয়। দেবিপুরে আইন শিবির অনুষ্ঠিত বিশালগড় মহকুমা আইনসেবা কমিটির উদ্যোগে দেবিপুর গ্রাম পঞ্চায়েতে আইনি সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। আইনি বিষয়ে আলোচনা করেন আইনজীবী দেবাশিস চৌধুরী। ড্রাগসের অপব্যবহার এবং কুফল বিষয় নিয়ে তিনি আলোচনা করেন। তিনি বলেন যুব সমাজ ধ্বংসের পথে ধাবিত হচ্ছে। শুধু আইনের মাধ্যমে এ সমস্যা সমাধান সম্ভব নয়। সমাজের সকল নাগরিকদের সচেতন হতে হবে।

# বগাফা কৃষি দপ্তরের তত্ত্বাবধায়কের বদলি নিয়ে চরম ক্ষোভ সৃষ্টি হয়েছে কৃষকদের মধ্যে

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ১৮ আগস্ট।।** বগাফা কৃষিদপ্তরের তত্বাবধায়ক সুজিত কুমার দাস আসার পর তিনি একজন আধিকারিক হিসাবে নাথেকে প্রতিনিয়ত কৃষকদের সঙ্গে মিলেমিশে নিজেকে কৃষকমনে করে কাজকরেগেছেন। তত্বাবধায়ক সুজিত কুমার দাস প্রতিনিয়ত কৃষকদের সুখে দুখে পাশে থেকে কৃষকদের আয় দ্বীগুন করার লক্ষ্যে কাজকরে গেছেন। গত ১৬ই আগষ্ট উনার বদলির আদেশ বেরহয়। উনার বদলির আদেশ বেরহয়েছে এইকথা জানতে পেরে শান্তির বাজারের কৃষকরা কান্নায় ভেঙ্গে পরছে। সকলের মধ্যে তীব্র ক্ষোভ দেখাদিয়েছে। সকলে চাইছে কৃষকদের উন্নয়নে কৃষিমন্ত্রী যেন এই বদলির আদেশ স্থগিত করেন। রাজ্য সরকার চাইছে কৃষকদের আয় দ্বীগুন করতে রাজ্য সরকারের এই উদ্দেশ্যকে সাফল্যমন্ডীত করতে প্রতিনিয়ত কাজ করেছে তত্বাবধায়ক সুজিত কুমার দাস। তাই কৃষকরা সুজিত কুমার দাসকে পাশে রেখে কৃষিকাজ চালিয়ে যেতে চাইছে। এখন দেখার বিষয় রাজ্যের কৃষি মন্ত্রী কৃষকদের জন্য কিপ্রকার পদক্ষেপ গ্রহনকরে।

# পাইখোলা ও মাইছড়া সহ বিভিন্ন এলাকা পরিদর্শন করেন বিধায়ক সহ বাম প্রতিনিধি দল

**নিজস্ব প্রতিনিধি, বিলোনিয়া, ১৮ আগস্ট।।** ৩৫ বিলোনীয়ার বিধানসভার ভারত চন্দ্র নগর ব্লকের পাইখোলা এবং মাইছরার বিভিন্ন এলাকা পরিদর্শনে যান বিধায়ক দীপঙ্কর সেন সহ সিপিআইএম এর এক প্রতিনিধি দল। বিধায়ক সহ নেতৃত্বরা প্রথমে যান পাইখোলা পথ দুর্ঘটনায় প্রয়াত সিপিআইএম কর্মী লক্ষণ দেবনাথ বাড়িতে। পাইখোলা প্রয়াত লক্ষণ দেবনাথ এর বাড়ী গিয়ে পরিজনদের সঙ্গে দেখা করেন। বাড়ীতে উনার স্ত্রী ও পুত্র জনার্ধন এর সঙ্গে কথা বলেন নেতৃত্বরা এবং ওনার আত্মার চিরশান্তি কামনা করেন। এর পর আহত দিলীপ দেবনাথের এবং আদিরাম ত্রিপুরার বাড়িতে গিয়ে নেতৃত্বরা উনাদের চিকিৎসার খোঁজ খবর নেন। নেতৃত্বরা এই দিন প্রয়াত প্রাক্তন পঞ্চায়েত সদস্য অজিত নারায়ণ দত্তের বাড়ীতে যান,পরিবার পরিজন ও এলাকাবাসীর সঙ্গে কথা বলেন। নেতৃত্বরা এরপরে যান পাইখোলা ক্যান্সার রোগে প্রয়াত অমর কৃষ্ণ দাসের (৭৫) বাড়িতে। শ্মশানে আসা লোকজন ও পরিবার বর্গের সাথে কথা বলেন বিধায়ক। এর পরে পথ দুর্ঘটনায় আহত পশ্চিম পাইখোলার অঞ্চল সদস্য সাধন সরকারের বাড়িতে যান ,বিধায়ক এবং নেতৃত্বদের কাছে পেয়ে ওনার ৫ ভাই এর পরিবারের সদস্যরা এবং প্রতিবেশীরা ছুটে আসেন। নেতৃত্বরা উনার চিকিৎসার খোঁজ খবর নেন। এর পরে পশ্চিম পাইখোলার গুরুতর অসুস্থ মিঠুন ত্রিপুরার স্ত্রী বীণা তারা ত্রিপুরা বাড়ী গিয়ে তাদের চিকৎসার খোঁজ নেন। আজকের এই ভারতচন্দ্র নগর ব্লকের বিভিন্ন এলাকায় দলীয় কর্মী সমর্থক এবং সাধারণ জনগণের সাথে মতবিনিময় ও সফর সঙ্গী হিসেবে বিধায়ক দীপঙ্কর সেন সাথে উপস্থিত ছিলেন সিপিআইএম বিলোনিয়া বিভাগীয় সম্পাদক তাপস দত্ত, সম্পাদক মন্ডলী সদস্য ত্রিলোকেশ সিনহা, সিপিআইএম নেতৃত্ব প্রদীপ পাল, কাজল দাস , অমর দে, যুবনেতা মধুসূদন দত্ত , বিশ্বজিৎ পাল সহ এলাকার অন্যান্য কর্মী সমর্থকগন।

# উদয়পুর টাউন হলে এক দিবসীয় হাউস হোল্ড সার্ভে ওয়ার্কশপ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১৮ আগস্ট।।** আজ উদয়পুর বিদ্যালয় পরিদর্শক তথা ব্লক প্রজেক্ট কো-অর্ডিনেটর, টেপানিয়া ব্লক ও উদয়পুর ইউ আর সির যৌথ ব্যবস্থাপনায় উদয়পুর জামতলাস্থিত টাউন হলে অনুষ্ঠিত হয় একদিবসীয় হাউস হোল্ড সার্ভে এবং বিদ্যালয় চলো অভিষান সংক্রান্ত ওয়ার্কসপ। সকাল সাড়ে এগারোটায় ভারতের প্রয়াত প্রাক্তন প্রধান মন্ত্রীর জন্ম দিনটিকে দেশে সৎভাবনা দিবস হিসেবে শান্তি সম্প্রীতি বজায় রাখা,অন্যের প্রতি সহানুভূতি প্রদর্শন করা ইত্যাদি সংক্রান্ত বিষয়ে শপথ বাক্য পাঠ করে অনুষ্ঠানের শুভ সূচনা করা হয়। স্বাগত তথা উদ্বোধনী ভাষণ দেন উদয়পুর মহকুমা বিদ্যালয় পরিদর্শক অলকানন্দ জমাতিয়া, আলোচনা করেন টেপানিয়া ব্লকের আই এস ভগন সিং মলসম, গোমতী জেলা শিক্ষা আধিকারিক অফিসের সহকারী সুব্রত নন্দী। এই হাউজ হোল্ড সার্ভে ও বিদ্যালয় চলো অভিষানকে সার্থক ভাবে রূপ দেওয়ার জন্য সম্পূর্ণ বিষয়ে আলোকপাত করেন উদয়পুর চন্দ্রপুর কলোনি সিআরসির সি আর পি অপুরাম সরকার। মাতাবাড়ি ব্লক ,টেপানিয়া ব্লক ও উদয়পুর ইউ আর সি থেকে মোট সাড়ে চারশো শিক্ষক শিক্ষিকা এনোমারেটর ও সুপারভাইজার হিসেব উপস্থিত ছিলেন। এত বেশী সংখ্যক শিক্ষক শিক্ষিকাদের( ১৮ থেকে ২৯ আগস্ট পর্যন্ত)এই এগারো দিন স্কুলের বাইরে সার্ভের কাজে নিয়োজিত থাকবে বলে পঠন পাঠনে ব্যাঘাত হবে বলে অভিভাবকরা আসংখ্যা প্রকাশ করেছেন। আজকের এই এক দিবসীয় ওয়ার্কসপ ও বিদ্যালয় চলো অভিষান সার্থক করতে সহযোগিতা করেছেন উদয়পুর বিদ্যালয় পরিদর্শক অফিসের চন্দন সরকার, কাদের হোসেন, আবুল কালাম মৈসান , অজয় মজুমদার, রিংকী নাগ,রবীন্দ্র চন্দ্র দাস, চন্দ্রপুর কলোনির সি আর পি -অপুরাম সরকার , নিবেদিতা দাস , শংকরী রুদ্র পাল, বি আর পি পৃথ্বীরাজ ধর, অপর্না দাস, গাজী রহমান,বরুণ চক্রবর্তী সহ অন্যান্য কর্মীবৃন্দ। সম্পূর্ণ ওয়ার্কসপটি সঞ্চালনা করেন চন্দ্রপুর কলোনি সি আর সি সেন্টারের ক্লাস্টার রিসোর্স পার্সন অপুরাম সরকার। শিক্ষক শিক্ষিকাদের উপস্থিতি ছিলো লক্ষ্যনীয়।

# দেশী মদ উদ্ধার

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ১৮ আগস্ট।।** রাজ্যসরকার চাইছে নেশামুক্তি ত্রিপুরা গঠনকরতে। রাজ্যসরকারের উদ্দেশ্যকে সাফল্যমন্ডীত করতে কাজকরেযাচ্ছে দেবদারু ফাঁড়ী থানার ওসি বকুল রিয়াং। ওসির নেতৃত্বে প্রতিনিয়ত চলছে নেশাবিরোধী অভিযান। শুক্রবার রাত্রিবেলায় গোপন খবরের ভিত্তিতে দেবদারু বাজারে অভিযান চালালো দেবদারু ফাঁড়ী থানার পুলিশ। ওসি বকুল রিয়াং এর নেতৃত্বে আজকের এই অভিযান চালানো হয়। আজকের এই অভিযানের মাধ্যমে দেবদারু বাজার থেকে প্রায় ৩০ লিটার দেশীমদ উদ্ধার করাহয়। উদ্ধারকৃত মদ গুলি আইনি পক্রিয়া শেষে নষ্ট করাহয়। জানাযায় দেবদারু ফাঁড়ী থানার এইধরনের অভিযান প্রতিনিয়ত জারীথাকবে। ওসির এইধরনের অভিযানে খোবইখুশি দেবদারুর এলাকাবাসী।



শুক্রবার এনএলএফটি(বিএম) গোষ্ঠীর ৫ সক্রিয় সদস্য পুলিশের কাছে আত্মসমর্পন করে।

# যক্ষ্মা নির্মূল করার পথে অনেকটা এগিয়ে ভারত : প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ১৮ আগস্ট (হি.স) : ভারত ২০৩০ সালের বৈশ্বিক লক্ষ্যমাত্রা থেকে যক্ষ্মা (টিবি) নির্মূল করার পথে অনেকটা এগিয়ে গিয়েছে। শুক্রবার জি-২০ স্বাস্থ্যমন্ত্রীদের বৈঠকে গুজরাটের গান্ধীনগরে অনুষ্ঠিত এক ভিডিও বার্তায় এমনটাই বললেল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। স্বাস্থ্য পরিকাঠামো উন্নয়নের কথা বলতে গিয়ে মোদী বলেন, এটি আমাদের কুষ্ঠ নির্মূল অভিযানের সাফল্যের অন্যতম প্রধান কারণ। তিনি আরও বলেন, যক্ষ্মা নির্মূলে আমাদের কর্মসূচিও জনগণের অংশগ্রহণকে উৎসাহিত করেছে। তিনি আরও বলেন, আমরা দেশের জনগণকে ''নি-ক্ষয় মিত্র'' বা ''যক্ষ্মা নির্মূলের জন্য বন্ধু'' হওয়ার আহ্বান জানিয়েছি। এই কর্মসূচীর অধীনে প্রায় ১ মিলিয়ন রোগী নাগরিকদের দ্বারা দত্তক নেওয়া হয়েছে।প্রধানমন্ত্রী বলেন, 'এখন, আমরা ২০৩০ সালের বৈশ্বিক লক্ষ্যমাত্রা থেকে অনেক এগিয়ে, টিবি নির্মূলের পথে রয়েছি।' মহাত্মা গান্ধীর কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, গান্ধীজি স্বাস্থ্যকে এত গুরুত্বপূর্ণ বিষয় বলে মনে করেছিলেন যে তিনি 'স্বাস্থ্যের চাবিকাঠি' শিরোনামে একটি বই লিখেছিলেন। তিনি আরও বলেন, সুস্থ থাকা মানে নিজের মন ও শরীরকে সামঞ্জস্য ও ভারসাম্যপূর্ণ অবস্থায় রাখা, যার অর্থ স্বাস্থ্যই জীবনের ভিত্তি।

# ইছাপুর গুলিকাণ্ডে ধৃত আরও এক

উত্তর ২৪ পরগনা, ১৮ আগস্ট (হি. স.) : ইছাপুর গুলিকাণ্ডে বৃহস্পতিবার তিন অভিযুক্তকে গ্রেফতারের পর এবার একজনকে গ্রেফতার করল নোয়াপাড়া থানার পুলিশ। ধৃতের নাম পার্বতী দাস। তিনি নোয়াপাড়ার কুখ্যাত দুষ্কৃতী নেপালের স্ত্রী বলে জানা গিয়েছে।গত ৩রা অগাস্ট সকালে ইছাপুর ২১ নম্বর রেলগেট সংলগ্ন মায়াপল্লীতে প্রকাশ্য দিবালোকে গুলিবিদ্ধ হন রবিন দাস ওরফে ডন। এলাকার সিসিটিভি ফুটেজ ও অন্য সূত্র ধরে পশ্চিম মেদিনীপুরের তিন দুষ্কৃতীর সন্ধান পায় পুলিশ। যারা ডনের উপর গুলি চালিয়ে পালিয়েছিল। তিন জনকে পুলিশ আগেই গ্রেফতার করে। তাদের জেরা করে নদিয়ার কৃষ্ণগঞ্জ থানা এলাকা থেকে আরও তিনজনকে পুলিশ গ্রেফতার করে।তিন জনই ইছাপুরের বাসিন্দা। এর আগে পশ্চিম মেদিনীপুরের কোতয়ালি থেকে যে তিন জন গ্রেফতার হয়েছিল তাদের জেরা করেই ইছাপুরের এই তিন জনের নাম পায় পুলিশ। পুলিশ সূত্রে খবর, পশ্চিম মেদিনীপুর থেকে যে তিন জনকে গ্রেফতার করা হয়েছিল তাদের সঙ্গে যোগাযোগ করেই ডনকে খুন করার জন্য আনিয়েছিল ইছাপুরের ধৃত তিন জন।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।